CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 23 March, 2024 ■ আগরতলা ২৩ মার্চ ২০২৪ ইং ■ ৯ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### দেখতে গেলেন মন্ত্রী টিংকু রায়, আর্থিক সহয়তা, অভিযুক্তদের সাসপেন্ড

## অঙ্গনওয়াড়ি শিক্ষিকার ফেলা গরমজলে গুরুতর আহত দুই শিশু জিবি হাসপাতালে

**নিজস্ব প্রতিনিধি, মেলাঘর, ২২ মার্চ:**দুই অবোঝ শিশু কন্যার উপর গরম জল ফেলে গুরুতরভাবে আহত করল অঙ্গনওয়াড়ি সেন্টারের এক শিক্ষিকা। জানা গেছে, গত ২০ মার্চ বুধবার মেলাঘর থানার অন্তর্গত বৈরাগীমুড়ায় অন্যান্যদের সাথে এলাকার দুই শিশু কন্যা সকালে নির্ধারিত সময় অনুযায়ী অঙ্গনওয়াড়ি সেন্টারে যায়। দুই অবোঝ শিশুকন্যা অঙ্গনওয়াড়ি সেন্টারে কিছুক্ষণ শিক্ষা গ্রহণের পর অঙ্গনওয়াড়ি সেন্টারের বাইরে খেলা করছিল। আর তখনই অঙ্গনওয়াড়ি সেন্টারের শিক্ষিকা জয়লক্ষী সরকার দেববর্মা অঙ্গনওয়াড়ি সেন্টারের ভেতর থেকেই গরম জল বাইরে ফেললে সেই গরম জল পাঁচ বছরের পাংতি দেববর্মা এবং সাড়ে পাঁচ বছরের হামাড়ি দেববর্মার শরীরে পরে।



গরম জল তাদের শরীরের পরার পর একজন সঙ্গে সঙ্গেই অজ্ঞান হয়ে পড়ে , অপর শিশু কন্যাটি চিৎকার শুরু করলে আশেপাশের বাড়িঘরের লোকজন ছুটে আসে। অঙ্গনওয়াড়ি সেন্টারের দায়িত্বজ্ঞানহীন শিক্ষিকা জয়লক্ষ্মী সরকার দেববর্মা এবং হেল্পার কাঞ্চনমালা দেববর্মাকে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য চাপ সৃষ্টি করলে তারা আহত দুই শিশু কন্যাকে মেলাঘর হাসপাতালে নামমাত্র চিকিৎসা করে বাড়িতে দিয়ে আসে।

সেদিনেই রাতের বেলা আহত দুই শিশু কন্যা ঝলসে যাওয়া শরীরের যন্ত্রণায় ছটফট করতে থাকলে তড়িঘড়ি আহত দুই অবুঝ শিশুকন্যার পরিবারের লোকজন মেলাঘর হাসপাতালে নিয়ে এসে ভর্তি করান। একদিন মেলাঘর হাসপাতালে ভর্তি থাকার পর তাদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ২১ মার্চ বৃহস্পতিবার হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকরা তাদের উন্নত চিকিৎসার জন্য জিবি হাসপাতাল করে দেয়।

দুই অবোঝ শিশু সন্তানের আশঙ্কাজনক অবস্থার কথা জানতে পেরে অঙ্গনওয়ারী সেন্টারের দায়িত্বজ্ঞানহীন শিক্ষিকা জয় লক্ষ্মী সরকার দেববর্মা নিজের দায়িত্ব খালাস পেতে সামান্য কিছু টাকা আহত দুই শিশুকন্যার পরিবারের

☛ ৬ এর পাতায় দেখুন

### ভোট প্রচারে মান্দাইয়ে পদযাত্রায়

## জনজাতি মহিলাদের সঙ্গে বাদ্যের তালে কোমর দোলালেন বিপ্লব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** সামনেই লোকসভা নির্বাচন। লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে পূর্ব ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রচারে এক প্রকার ঝড় চলছে শাসক দল বিজেপি। প্রচারে নেমেছেন খোদ মুখ্যমন্ত্রীও। আজ জনজাতি মা-বোনদের সাথে নৃত্যের তালে তালে ভোট প্রচার করলেন পশ্চিম ত্রিপুরা লোকসভার আসনের বিজেপির প্রার্থী বিপ্লব কুমার দেব।

এদিন বিপ্লব কুমার দেবের সমর্থনে মান্দাইয়ে এক পথযাত্রা অনুষ্ঠিত হয়েছে। এই পদযাত্রায় জনজাতি অংশের জনগণের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। দলীয় কর্মী সমর্থকদের সঙ্গে নিয়ে পদযাত্রায় অংশগ্রহণ করেছেন পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব। সঙ্গে ছেলের মন্ত্রী বিকাশ দেববর্মাও। জনজাতি মা - বোনদের সঙ্গে বাদ্যযন্ত্রের তালে কোমর দুলিয়েছেন প্রার্থী বিপ্লব কুমার দেব। ব্যাপক জনজোয়ার এর মধ্যে দিয়ে এদিন এই পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে মন্দাইয়ে।

এদিকে রানিরবাজারেও আজ বিপ্লব কুমার দেবের সমর্থনে এক বাইক রেলি অনুষ্ঠিত হয়েছে। রানিরবাজারের অনুষ্ঠানে প্রার্থীকে থেকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। ফুলের মালায় এদিন প্রার্থীকে স্বাগত জানিয়েছেন মন্ত্রী। তারপরে শত শত যুবকদের উপস্থিতিতে পশ্চিম ত্রিপুরা লোকসভার আসরের বিজেপির প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে এক বাইক রেলি অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনকে কেন্দ্র করে প্রত্যেকটি দলই প্রচারে অংশগ্রহণ করছে।

☛ ৬ এর পাতায় দেখুন

## মদমত্ত চালকের গাড়ির ধাক্কায় একাধিক দুর্ঘটনা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২২ মার্চ ।।** কৈলাসহরে একটি বেপরুয়া গাড়ির ধাক্কায় আহত হয়েছেন তিনজন। যার মধ্যে একজনের চিকিৎসা চলছে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে।

ঘটনার বিবরণে জানা যায়, যে কৈলাসহর হালাইপার এলাকার বাসিন্দা শশাঙ্ক মালাকারের ছেলে শুভজিৎ মালাকার অতিরিক্ত মদ্যপান করে এএস০১এফএ৬৮৮৪ নম্বরের একটি গাড়ি নিয়ে দ্রুত গতিতে কৈলাসহরের বিভিন্ন এলাকায় ঘোরাফেরা করছিল।

প্রথমে কৈলাসহর চিড়াকুটি এলাকায় একটি গাড়ির পেছনে সজোরে ধাক্কা মারে। যার ফলে সেই ☛ ৬ এর পাতায় দেখুন

## নিখোঁজ হওয়ার ৪৩ দিন পরে উদ্ধার নাবালক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ।।** দীর্ঘ খোঁজাখুঁজির পর উদ্ধার হল নিখোঁজ হয়ে যাওয়া ১০ বছরের নাবালক। তাকে আগরতলা আড়ালিয়া থেকে উদ্ধার করেছে পূর্ব থানার পুলিশ। দীর্ঘ ৪৩ দিন পর ছেলেকে খুঁজে পেয়ে প্রশাসনকে ধন্যবাদ জানালেন নাবালকের মা।

উল্লেখ্য, চতুর্থ শ্রেণীর ছাত্র দেবরাজ দে(১০) গত ৯ ফেব্রুয়ারি বিকাল সাড়ে চারটা থেকে নিখোঁজ। ছিল। বারবার থানায় গিয়ে ছেলের কোনো খোঁজ না পেয়ে শেষে উত্তর জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী ☛ ৬ এর পাতায় দেখুন

### রামনগর উপনির্বাচনে

## বিজেপি প্রার্থী দীপক মজুমদার শুভেচ্ছার জোয়ারে ভাসলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** আসন্ন বিধানসভা উপনির্বাচনে ৭ রামনগর বিধানসভা কেন্দ্রে ভারতীয় জনতা পার্টি মনোনীত প্রার্থী হয়েছেন দীপক মজুমদার। বিজেপি দলের কেন্দ্রীয় কমিটির তরফে এক বিবৃতিতে এই খবর জানানো হয়েছে।

আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা নিজ সামাজিক মাধ্যমে দীপক মজুমদারকে অভিনন্দন জানিয়েছেন।

এদিন মুখ্যমন্ত্রী ভোটাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন ডাবল ইঞ্জিন সরকারকে আরো সমৃদ্ধ করতে প্রতি আগামী ১৯ এপ্রিল



"পদ্মফুল" চিহ্নে বোতাম টিপে বিপুল ভোটে জয়যুক্ত করতে আহ্বান জানিয়েছেন।

এই বিষয়ে নিজ প্রতিক্রিয়া জানাতে গিয়ে প্রার্থী দীপক মজুমদার বলেন, ৭ রামনগরের সঙ্গে আমার অত্যন্ত আত্মীক সম্পর্ক, রামনগরের জনগণ সর্বদা আমাকে আশীর্বাদ করে গেছেন। পার্টি নেতৃত্ব রামনগর আসনের উপনির্বাচনে আমাকে প্রার্থী হিসেবে মনোনীত করে রামনগরের জনগণের জন্য সেবা করার সৌভাগ্যপূর্ন সুযোগ প্রদান করেছেন।

রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন আমাকে প্রার্থী করায়, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজি, ভারতীয় জনতা পার্টির রাষ্ট্রীয় সভাপতি জে পি নাড্ডা জি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জি, রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা, রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ সমস্ত কেন্দ্রীয় এবং রাজ্য নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা ☛ ৬ এর পাতায় দেখুন

## মিছিল করে মনোনয়ন জমা দিলেন ইন্ডিয়া জোটের প্রার্থী রতন




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** আজ রাজপথে মিছিল সংগঠিত করে ৭ রামনগর কেন্দ্রের উপনির্বাচনে বামফ্রন্ট তথা ইন্ডি জোটের মনোনীত প্রার্থী রতন দাস মনোনয়ন পত্র দাখিল করেছেন। এদিন সদর সাব ডিভিশন অফিসে অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন জমা দিয়েছেন তিনি। এদিন মিছিলে উপস্থিত ছিলেন ইন্ডিয়া জোটের বার্তা নিয়ে কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ কংগ্রেসের কর্মী সমর্থকরা যোগদান করেছেন।এদিন রাজধানীর দুর্গা চৌমুহনী থেকে সুবিশাল মিছিল করে সিপিআইএম প্রার্থী রতন দাস মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিন মনোনয়ন পত্র জমা দিয়ে নিজ প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, লোকসভা নির্বাচন দেশকে রক্ষার করার নির্বাচন। দেশ থেকে মোদী সরকারকে হটানোর সংগ্রাম।এদিন তিনি বলেন, দীর্ঘদিন ৭ রামনগরে বিধায়ক ছিলাম। আজ জনগণের সেবা করার জন্য সিপিএম পুনরায় আমাকে প্রার্থী হিসেবে বাছাই করেছেন।

## পরাজয়ের আঁচ পেয়ে আর্থিক ভাবে কংগ্রেসকে পঙ্গু করার ষড়যন্ত্র বিজেপির ঃ সুদীপ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি পরাজয়ের আঁচ করতে পেরে সর্বভারতীয় কংগ্রেস দলকে অর্থনৈতিকভাবে পঙ্গু করে দেবার ষড়যন্ত্রে সামিল হয়েছে। আজ প্রদেশ কংগ্রেস ভাবনে সাংবাদিক সম্মেলন করে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এমনটাই অভিযোগ করেছেন বিধায়ক সুদীপ রায় বর্মন।

এদিন তিনি বলেন, কংগ্রেস দলের ব্যাঙ্ক একাউন্ট অনৈতিকভাবে ফ্রিজ করে দেওয়া হয়েছে। যাতে লোকসভা নির্বাচনে কংগ্রেস লড়াই করতে না পারে। তাঁর অভিযোগ, বলপূর্বক চাঁদা আদায় করার মতো সর্ব বৃহত্তম কেলেঙ্কারি দেশে একমাত্র ভারতীয় জনতা পার্টি সরকার করছে। স্বশাসিত সংস্থা সি বি আই এবং ইডিকে রাজনৈতিক দলের স্বার্থে কাজে লাগানো হচ্ছে। গোটা দেশ এবং রাজ্যে সংবিধান বিকল। গনতন্ত্রকে কবর দেওয়ার চেষ্টা হচ্ছে।

তিনি আরো বলেন, গোটা দেশে বিজেপির ইলেক্ট্রনিক বন্ড নিয়ে চর্চা চলছে। নির্বাচন কমিশনের ওয়েবসাইটে গোটা বিষয় খোলাসা হতেই তড়িঘড়ি সিবিআই লেলিয়ে দেওয়া হয়েছে জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে। জাতীয় কংগ্রেস দলের ৪ টি ব্যাংকের ১১ টি একাউন্ট সিজ করা হয়। ১৯৯ কোটি টাকার মধ্যে ১৪.৪৯ লাখ টাকার ব্যয় নিয়ে আচমকা মিথ্যা মামলায় ফাসানো হচ্ছে। ১৯৯৩- ৯৪ সালের ☛ ৬ এর পাতায় দেখুন

## বার এসোর নির্বাচন ২৪শে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** আগামী ২৪ মার্চ ত্রিপুরা বার এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সকাল ৯টা থেকে ভোটগ্রহণ পর্ব শুরু হবে। গণনা শুরু হবে দুপুর ২টা থেকে। এদিনেই ফলাফল ঘোষণা করা হবে। আজ একথা জানালেন রিটার্নিং অফিসার বরিষ্ঠ আইনজীবী সন্দীপ দত্ত চৌধুরী।

এদিন তিনি বলেন, প্রতিবছর ভোটারের সংখ্যা নিরিখে দুজন সহকারী রিটার্নিং অফিসার থাকেন। তবে এবছর তিনজন সহকারী রিটার্নিং ☛ ৬ এর পাতায় দেখুন

## বর্তমান ও প্রাক্তন মুখ্যমন্ত্রীর হাত ধরে নির্বাচনী অফিসের উদ্বোধন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ ।।** সামনেই লোকসভা নির্বাচন। নির্বাচনকে কেন্দ্র করে বিজেপি দল ইতিমধ্যেই প্রচার সহ নির্বাচনী কাজে ঝাঁপিয়ে পড়েছে রাজ্যে। এবারে নির্বাচনকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের জন্য শুক্রবার নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে।

এদিনের এই নির্বাচনী কার্যালয়ের উদ্বোধনে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব, প্রদেশ বিজেপি সভাপতি রাজিব ভট্টাচার্য, মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক কিশোর বর্মণ, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, আগরতলা পুর নিগমের মেয়র দিপক মজুমদার সহ বিজেপির কর্মী সমর্থকরা।

রাজধানীর কর্নেল চৌমুহনী সংলগ্ন এলাকায় পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের জন্য নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন হয়েছে এদিন মুখ্যমন্ত্রীর হাত ধরে।

পশ্চিম ত্রিপুরা লোকসভা ☛ ৬ এর পাতায় দেখুন

## ঐতিহ্য রক্ষার স্বার্থেই এই সফর ঃ প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২২ মার্চ, ২০২৪ (পি আই বি) ।।** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২২ ও ২৩ মার্চ ভুটান সফর করতে শুক্রবার পারোতে এসে পৌঁছেছেন। ভারত এবং ভুটানের মধ্যে নিয়মিত উচ্চ - পর্যায়ে বিনিময়ের যে ঐতিহ্য রয়েছে তারই ধারা রক্ষার্থে এই সফর করা হচ্ছে এবং 'প্রতিবেশী প্রথম নীতি'তে সরকার গুরুত্ব দিচ্ছে।

প্রধানমন্ত্রীকে পারো বিমান বন্দরে ভুটানের প্রধানমন্ত্রী মান্যবর শেরিং তোবগে উষ্ণতার সঙ্গে সাদরে গ্রহণ করেন এবং সেই সঙ্গে ছিল



চিরাচরিত আনুষ্ঠানিক স্বগতম জানানোর উপস্থাপনা।

প্রধানমন্ত্রী তাঁর ভুটান সফর কালে ভুটানের রাজা মহা মান্যবর জিগমে খেসার ওয়াংচুক এবং ভুটানের চতুর্থ রাজা মহা মান্যবর জিগমে সিংগে ওয়াংচুকের সংঙ্গে একযোগে দর্শক শ্রোতাদের সঙ্গে মিলিত হবেন। এবং এ ছাড়াও তিনি ভুটানের প্রধানমন্ত্রী মান্যবর শেরিং তোবগের সঙ্গে আলোচনা করবেন।

প্রধানমন্ত্রী থিম্পুতে ভারত সরকারের ☛ ৬ এর পাতায় দেখুন

CMYK

জাগরণ আগরতলা ■ বর্ষ-৭০ ■ সংখ্যা ১৬৪ ■ ২৩ মার্চ ২০২৪ ইং ■ ৯ চৈত্র ■ শনিবার ■ ১৪৩০ বঙ্গাব্দ

## কোণঠাসা করিবার চেষ্টা

লোকসভা নির্বাচনের প্রাক্কালে বিরোধীদের কোণঠাসা পরিবার প্রয়াস নেওয়া হইয়াছে বলিয়া অভিযোগ উঠিয়াছে।অরবিন্দ কেজরিওয়ালের গ্রেপ্তারি প্রসঙ্গে কড়া বার্তা ইন্ডিয়া ব্লকের নেতাদের। এদিন গ্রেপ্তারির পর নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করেন ইন্ডিয়া জোটের নেতারা।বৈঠকের পর কংগ্রেস নেতা অভিষেক মনুসিংভি বলেন, যাহা ঘটিয়াছে তাহা নিয়া আমরা নির্বাচন কমিশনের সঙ্গে বিস্তারিত আলোচনা করিলাম। এটা বিশেষ কোনো ব্যক্তি বা দলের বিষয় না। সংবিধানের সাধারণ কাঠামোর বিষয়। কেন্দ্রে শাসক দল এজেন্সির অপব্যবহার করিতেছে।অরবিন্দ কেজরিওয়ালের গ্রেপ্তারি প্রসঙ্গে কড়া বার্তা দিয়াছেন ইন্ডিয়া ব্লকের নেতারা। কেজরিওয়ালের গ্রেপ্তারিতে ক্ষোভে ফুঁসছে আপ। আপ কর্মী সমর্থকের বিক্ষোভে উত্তাল দেশের রাজধানী। বিক্ষোভরত অবস্থায় আপের নেতা মন্ত্রীদের আটকও করা হয়। কেজরিওয়ালের গ্রেপ্তারির পর থেকেই আশঙ্কা ছিল বিক্ষোভের। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ একগুচ্ছ পদক্ষেপ নিয়াছিল। বন্ধ করিয়া দেওয়া
হইয়াছিল বিজেপির সদর দপ্তর এবং ইডির দপ্তরে যাওয়ার রাস্তাগুলিও। আপ কর্মী সমর্থকদের বিক্ষোভে ব্যাপক যানজট তৈরি হয় রাজধানী শহরে। আইটিও চক, রাজ ঘাট, বিকাশ মার্গ সহ একাধিক জায়গায় যানজটের কবলে পড়েন নিত্য যাত্রীরা। বিজেপি এবং আপের সদর দপ্তর দিল্লির দীনদয়াল উপাধ্যায় মার্গে হওয়ার কারণে, ওই এলাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যাপক হারে পুলিশ মোতায়েন করা হয়। এলাকায় জারি করা হয়েছে ১৪৪ ধারা। বিজেপির সদর দপ্তরের সামনে ত্রিস্তরীয় নিরাপত্তা। দিল্লির আইটিও মেট্রো স্টেশন সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বন্ধ থাকে। ইডি অফিসের দিকে যাওয়ার রাস্তা বন্ধ থাকায় দিল্লি পুলিশ যাত্রীদের কৃষ্ণ মেনন মার্গ, মোতিলাল নেহেরু মার্গ, এপিজে আব্দুল কালাম রোড এড়াইয়া যাওয়ার পরামর্শ দেওয়া হয়। অন্যদিকে আপ-এর তরফ থেকে অভিযোগ করা হইয়াছে, কেজরিওয়ালের গ্রেপ্তারির পর, তাঁহার পরিবারের সদস্যদের গৃহবন্দী করিয়া রাখা হইয়াছে। বিজেপির সঙ্গে জোট বাঁধিবার পর সিবিআই-ইডি তদন্তের অধীনে অভিযুক্ত ব্যক্তিদের দায়মুক্তির সঙ্গে তাহাদের অপকর্ম চালাইয়া যাওয়ার অনুমতি দেওয়া হইয়াছে। এটা গণতন্ত্রের ওপর আঘাত। ইন্ডিয়া জোট নির্বাচন কমিশনের সঙ্গে দেখা করিয়া বিরোধী নেতাদের ইচ্ছাকৃতভাবে টার্গেট করা এবং গ্রেপ্তারের বিষয়টি নিয়ে আপত্তি জানাইবে। এই কাজের জন্য ডেরেক ও ব্রায়েন ও মহম্মদ নাদিমুল হককে প্রতিনিধিত্ব করিবার জন্য দায়িত্ব দেওয়া হইয়াছে। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বাড়িতে যান ইডির টিম। এরপর দুঘন্টা ধরিয়া তাঁহাকে জিজ্ঞাসাবাদের পর কেজরিকে গ্রেপ্তার করে ইডি। ঘটনার জেরে বৃহস্পতিবার রাত থেকে সরগরম হইয়া ওঠে রাজধানী। পথে নামিয়া প্রতিবাদ জানাইতে থাকেন আপের সমর্থকরা।

## বিহারের সুপৌলে নির্মীয়মান সেতু দুর্ঘটনায় মৃতের পরিবারকে ১০ লক্ষ ক্ষতিপূরণ ঘোষণা

পাটনা, ২২ মার্চ (হি.স.) : বিহারের সুপৌলে নির্মীয়মান সেতু দুর্ঘটনায় মৃতের পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছেন বিহারের উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা। শুক্রবার সকালে বিহারের সুপৌলে একটি নির্মীয়মান সেতু ভেঙে পড়ায় ১ জনের মৃত্যু হয়েছে এবং ১০ জন আহত হয়েছেন।

এই দুর্ঘটনা প্রসঙ্গে বিহারের উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা জানিয়েছেন, শুক্রবার সুপৌলে ভেঙে পড়ে নির্মীয়মান একটি সেতু। আমরা জেলা আধিকারিকদের সঙ্গে এবিষয়ে কথা বলেছি। যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। তিনি এদিন আরও জানিয়েছেন, মূল অপরাধীকে খুঁজতে এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত প্রয়োজন।

## পাটনায় সিলিন্ডার বিস্ফোরণে আহত একই পরিবারের ৫ সদস্য

পাটনা, ২২ মার্চ (হি.স.) : বিহারের পাটনায় সিলিন্ডার বিস্ফোরণে একই পরিবারের ৫ সদস্য আহত হয়েছেন। বৃহস্পতিবার গভীর রাতে রাজধানী পাটনার দশরথ এলাকার একটি বাড়িতে সিলিন্ডার বিস্ফোরণ ঘটে। তারফলে একই পরিবারের ৫ সদস্য গুরুতর আহত হন। স্থানীয়রা পুলিশে খবর দিলে পুলিশ এসে আহতদের হাসপাতালে নিয়ে যায়।

পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, দশরথ এলাকায় এই দুর্ঘটনাটি ঘটেছে। আহত সকলকে প্রথমে পরস হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তারপর ৩জনের শারীরিক অবস্থা শোচনীয় হওয়ায় তাঁদের সেখান থেকে অন্য একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বর্তমানে ৫জনই চিকিৎসাধীন।

## কেজরিওয়াল দুর্নীতিবাজদের নেতা : সম্বিত পাত্র

নয়াদিল্লি, ২২ মার্চ (হি.স.) : কেজরিওয়াল দুর্নীতিবাজদের নেতা, শুক্রবার সাংবাদিকদের উদ্দেশ্যে বিজেপির মুখপাত্র সম্বিত পাত্র এই মন্তব্য করেন। তিনি এদিন আরও বলেছেন, যারাই এএপি দলের পক্ষে কথা বলছেন, সেটা কংগ্রেস নেতা রাহুল গান্ধী বা লালু প্রসাদ যাদবই হোন, সবাই জামিনে মুক্তি পেয়েছেন। সব চোরই ভাই ভাই। দুর্নীতিতে জড়িত আম আদমি পার্টির অনেক নেতা এখন জেলে।

সম্বিত পাত্র আরও বলেছেন, অরবিন্দ কেজরিওয়াল যদি দুর্নীতি করে থাকেন, তাহলে দেশের আইনেই তাঁর শাস্তি হবে। যে আইন দেশের সাধারণ মানুষের জন্য, সেই একই আইন মুখ্যমন্ত্রীর জন্যও প্রযোজ্য। দিল্লির মন্ত্রী অতীশির মন্তব্যের জবাবে পাত্র বলেন, কেউ আইন ও আদালতের উর্ধে নয়। আদালতের প্রতি আস্থা থাকতে হবে। তিনি বারবার আদালতে গেলেও কোনও লাভ হবে না। সম্বিত এদিন আরও বলেছেন, কেজরিওয়ালের মন্ত্রী মনীশ সিসোদিয়া এবং সঞ্জয় সিং বর্তমানে মদ কেলেঙ্কারিতে জেলে রয়েছেন। ইডি এবং সিবিআই-এর তদন্তে যে তথ্য পাওয়া গেছে, তার ভিত্তিতেই তাঁকে গ্রেফতার করা হয়েছে।

## কেজরিওয়ালের গ্রেফতারিকে নিন্দা কেরল ও তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীর

চেন্নাই, ২২ মার্চ (হি.স.) : অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতার নিয়ে সর্বত্র জোর চর্চা শুরু হয়েছে। এই গ্রেফতারের তীব্র নিন্দা করেছেন কেরল ও তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী।

মদ কেলেঙ্কারি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করেছে। এনিয়ে রাজনৈতিক মহলে জোর আলোচনা শুরু হয়েছে। কেজরিওয়ালের গ্রেফতারের সময় নিয়ে প্রশ্ন তুলেছেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। তিনি বলেছেন, ”এই গ্রেফতার এমন সময়ে হয়েছে যখন সাধারণ নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়েছে। বিরোধীদের সবাইকে জেলে দেওয়া কোনওভাবেই গ্রহণযোগ্য নয়। এটা অত্যন্ত নিন্দনীয়, এর প্রতিবাদ হওয়া দরকার।

# মহাবিশ্বের ১০টি সুন্দর গ্যালাক্সি

আসহাবিল ইয়ামিন

মহাবিশ্ব অসীম, রহস্যময় এবং অবিশ্বাস্য সুন্দর। এ বিশালতার মধ্যে রয়েছে অসংখ্য গ্যালাক্সি, যার প্রতিটিতে আবার বিলিয়ন বিলিয়ন নক্ষত্র, গ্রহ-উপগ্রহ, ধূলিকণা, গ্যাস ও কৃষ্ণগহ্বরের সমাহার। এরকম অসংখ্য গ্যালাক্সির মধ্যে আমাদের মিল্কিওয়ে বা আকাশগঙ্গা কেবল একটি।

আধুনিক প্রযুক্তির কল্যাণে আমরা মহাবিশ্বের গভীরে আরও ভালোভাবে চোখ বুলাতে পারি। হাবল টেলিস্কোপ বা স্পিৎজার থেকে শুরু করে সাম্প্রতিক জেমস ওয়েব স্পেস টেলিস্কোপের মতো উন্নত প্রযুক্তি আমাদের মহাবিশ্বের বর্ণিল অতীত দেখার সুযোগ করে দিয়েছে। পাওয়া গেছে অতীতের অনেক গ্যালাক্সি পর্যবেক্ষণের সুযোগ। ফলে মহাবিশ্বের উৎপত্তি ও বিবর্তন সম্পর্কে আরও স্বচ্ছ ধারণা পাচ্ছি আমরা।

মহাকাশ গবেষণা কেন্দ্রগুলো মহাকাশ সম্পর্কে জানাতে, ছবিতে মহাবিশ্বের সৌন্দর্য ফুটিয়ে তুলতে নানা ধরনের ছবি প্রকাশ করে প্রায়ই। সেসব ছবি থেকে বাছাইকৃত ১০টি অনিন্দ্য সুন্দর গ্যালাক্সির ছবি নিয়ে আজকের এ আয়োজন।

১) এম১০৪: সোমব্রেরো গ্যালাক্সি ক্যাটালগের নাম এম১০৪ বা মেসিয়ার অবজেক্ট ১০৪। এটি সোমব্রেরো গ্যালাক্সি নামেও পরিচিত। এখানে যে ছবিটি রয়েছে, তা হাবল স্পেস টেলিস্কোপের তোলা সবচেয়ে বিস্তৃত ছবি। এ ছায়াপথের কেন্দ্রে রয়েছে একটি উজ্জ্বল সাদা বাল্বস কোর। গ্যালাক্সিটি দেখতে সর্পিলাকার। চারপাশে রয়েছে ধুলিকণার পুরু স্তর। কেন্দ্রে একটি সুপারম্যাসিভ ব্ল্যাকহোল বা অতি ভারী কৃষ্ণগহ্বর থাকার সম্ভাবনা রয়েছে। আসলে, সবরকম প্রমাণ কৃষ্ণগহ্বরের দিকে ইঙ্গিত করছে ঠিকই, তবে শতভাগ নিশ্চিত হওয়া যায়নি এখনো।

গ্যালাক্সিটির অবস্থান আকাশগঙ্গা থেকে ২৮ মিলিয়ন আলোকবর্ষ দূরে। প্রায় পঞ্চাশ হাজার আলোকবর্ষ জুড়ে বিস্তৃত। এতে ৮০০ বিলিয়নেরও বেশি নক্ষত্র রয়েছে। পৃথিবী থেকে টেলিস্কোপের সাহায্যে সহজেই দেখা যায়। মে মাসের আকাশে সবচেয়ে উজ্জ্বল ছায়াপথগুলোর একটি এই এম১০৪ গ্যালাক্সি। ১৭৮১ সালে ফরাসি জ্যোতির্বিজ্ঞানী পিয়ের মেক্যাইন এটি আবিষ্কার করেন।

২) জোড়া গ্যালাক্সি এনজিসি ৩৩১৪- দুটি গ্যালাক্সি মিলে তৈরি হয়েছে এনজিসি ৩৩১৪। এর অবস্থান পৃথিবী থেকে প্রায় ১৪০ মিলিয়ন আলোকবর্ষ দূরে। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার হাবল স্পেস টেলিস্কোপের সাহায্যে সর্পিলাকার গ্যালাক্সিটির এই ছবি তোলা হয়েছে। ছবিতে দুটি গ্যালাক্সি একসঙ্গে মিলে আছে মনে হলেও আসলে একটির চেয়ে অন্যটি বেশ দূরে। একটি গ্যালাক্সির কেন্দ্রে রয়েছে পিনহুইল আকারের এক উজ্জ্বল নীল নক্ষত্র। এনজিসি ৩৩১৪ গ্যালাক্সিটি প্রায় ৭০ হাজার আলোকবর্ষজুড়ে বিস্তৃত।

৩) এম৬৪: কালো চোখের ছায়াপথ এই ছায়াপথের কেন্দ্রে আলো শোষণকারী একটি কালো রিং রয়েছে। এই রিং ধূলিকণা দিয়ে তৈরি। এ কারণে এটি ‘কালো চোখের ছায়াপথ’ নামে পরিচিত। ক্যাটালগের নাম মেসিয়ার ৬৪। গ্যালাক্সিটি সর্পিলাকার। এর দুটি ডিস্ক বা বলয় রয়েছে, যা পরস্পরের বিপরীতে ঘোরে। বাইরের বলয়টি প্রায় ৫২ হাজার আলোকবর্ষ জুড়ে বিস্তৃত। ব্রিটিশ জ্যোতির্বিদ এডওয়ার্ড পিগট এ ছায়াপথ আবিষ্কার করেন। গ্যালাক্সিটি পৃথিবী থেকে ১৭ মিলিয়ন আলোকবর্ষ দূরে রয়েছে। এর আপাত উজ্জ্বলতা বা অ্যাপারেন্ট ম্যাগনিচ্যুডের মান ৯.৮। তাই সাধারণ বা একটু ভালো মানের টেলিস্কোপ দিয়ে মে মাসে গ্যালাক্সিটি দেখা যায়।

৪) মেসিয়ার ১০৬- মেসিয়ার ১০৬ গ্যালাক্সিটি ‘এনজিসি ৪২৫৮’ নামেও পরিচিত। ১৭৮১ সালে পিয়ের মেক্যাইন সর্পিলাকার এ গ্যালাক্সি আবিষ্কার করেন। তিনি ছিলেন ফরাসি জ্যোতির্বিদ চার্লস মেসিয়ারের সহকারী। এই চার্লস মেসিয়ারের নামেই মেসিয়ার বস্তু-তালিকা বা মেসিয়ার অবজেক্ট ক্যাটালগ করা হয়েছে। গ্যালাক্সিটির অবস্থান পৃথিবী থেকে প্রায় ২৪ মিলিয়ন আলোকবর্ষ দূরে। এর কেন্দ্রে একটি বিশালাকার কৃষ্ণগহ্বর রয়েছে। রেডিও তরঙ্গের সাহায্যে এর নিশ্চিত প্রমাণ পাওয়া গেছে।

৫) মিল্কিওয়ে গ্যালাক্সি -বাংলা নাম আকাশগঙ্গা। হ্যাঁ, এ গ্যালাক্সিতেই আমাদের বাস। সর্পিলাকার এ গ্যালাক্সি প্রায় ১৩.৬ বিলিয়ন বছর পুরানো। চ্যাপ্টা চাকতির মতো দেখতে গ্যালাক্সিটিতে ঘূর্ণায়মান অসংখ্য নক্ষত্র, গ্রহ, ধুলোবালু, গ্যাস ইত্যাদি রয়েছে। এই চ্যাপ্টা চাকতিটি প্রায় এক লাখ আলোকবর্ষজুড়ে বিস্তৃত। কেন্দ্র থেকে অনেকটা দূরে, এর একটি সর্পিল বাহুতে আমাদের সৌরজগতের অবস্থান। আমাদের এই সৌরজগৎ প্রতি সেকেন্ডে ৮ লাখ ২৮ হাজার কিলোমিটার বেগে মিল্কিওয়ের কেন্দ্রকে ঘিরে

৬) গ্যালাক্সি এনজিসি ৬৭৫৩ - এটিও একটি সর্পিলাকার গ্যালাক্সি। ব্রিটিশ জ্যোতির্বিদ জন হার্শেল ১৮৩৬ সালের ৫ জুলাই এটি আবিষ্কার করেন। মিল্কিওয়ে গ্যালাক্সি থেকে এটি রয়েছে ১৪২ মিলিয়ন আলোকবর্ষ দূরে। এখন পর্যন্ত নাসার হাবল স্পেস টেলিস্কোপের তোলা শেষ ছবি এটি। এই গ্যালাক্সির সর্পিলাকার বাহুতে অসংখ্য নক্ষত্র রয়েছে। নীল রঙের নক্ষত্রগুলো নতুন, আর হলুদ নক্ষত্রগুলো পুরোনো।

৭) অ্যান্টেনা গ্যালাক্সি- কয়েক শ মিলিয়ন বছর আগে দুটি গ্যালাক্সির সংঘর্ষ থেকে তৈরি হয় একটি নতুন গ্যালাক্সি। ক্যাটালগের নাম এনজিসি ৪০৩৮-৪০৩৯। গ্যালাক্সিটির ভালো নাম, অ্যান্টেনা গ্যালাক্সি। নাসার হাবল স্পেস টেলিস্কোপের তোলা ছবি থেকে বিজ্ঞানীরা এর ব্যাপারে জানতে পেরেছেন।

ছবিতে এ নক্ষত্র জন্মের সময়কার অঞ্চলগুলো স্পষ্ট দেখা যায়। একে সুপার স্টার ক্লাস্টার বলে। এর দীর্ঘ বাহুর কারণে নাম রাখা হয়েছে অ্যান্টেনা গ্যালাক্সি। টেলিস্কোপের সাহায্যে এই বাহুগুলো পৃথিবী থেকে দেখা যায়। পৃথিবী থেকে এর দূরত্ব প্রায় ১৭০ মিলিয়ন আলোকবর্ষ।

৮) ট্যাডপোল গ্যালাক্সি- এর আরেক নাম ইউজিসি ১০২১৪। সর্পিলাকার এ গ্যালাক্সির আকৃতি বিকৃত। এ জন্যই এটি দেখতে এত সুন্দর। অন্য একটি গ্যালাক্সির সঙ্গে সংঘর্ষের কারণে এর আকৃতি এমন বিকৃত হয়ে গেছে। পৃথিবী থেকে প্রায় ৪২০ মিলিয়ন আলোকবর্ষ দূরে এর অবস্থান। আকৃতি বিকৃতির ফলে এর মূল অংশে বাহুর পাশাপাশি রয়েছে দীর্ঘ লেজ। গ্যালাক্সির মূল অংশের কেন্দ্রে রয়েছে বিশালাকার একটি কৃষ্ণগহ্বর। আর প্রায় ২ লাখ ৮০ হাজার আলোকবর্ষ জুড়ে ছড়িয়ে থাকা লেজটিতে রয়েছে বিপুল সংখ্যক নক্ষত্র ও গ্যাস। বিজ্ঞানীদের মতে, লেজের উজ্জ্বল নীল নক্ষত্রগুলো তৈরি হয়েছে মহাজাগতিক ক্যালেন্ডারের হিসেবে ‘সাম্প্রতিক’ সংঘর্ষের ফলে।

৯) এআরপি ২৭৩- সবচেয়ে সুন্দর ছায়াপথগুলোর মধ্যে এআরপি ২৭৩ অন্যতম। এটি পৃথিবী থেকে ৩০০ মিলিয়ন আলোকবর্ষ দূরে রয়েছে। সর্পিলাকার এ গ্যালাক্সি ইউজিসি ১৮১০ নামেও পরিচিত। এখানে আসলে দুটি গ্যালাক্সি রয়েছে। একটা বড়, অন্যটি ছোট। ছোটটির নাম ইউজিসি ১৮১৩। এটির তুলনায় অন্যটি প্রায় পাঁচ গুণ বড়। গ্যালাক্সি দুটি বর্তমানে পরস্পরের সঙ্গে সংঘর্ষে লিপ্ত। ফলে ধুলো, গ্যাস ও নক্ষত্র মিলে তৈরি হয়েছে অনিন্দ্য সুন্দর নকশা। অনেকে একে ‘গোলাপের মতো’ বলেও উল্লেখ করেছেন। হাবল স্পেস টেলিস্কোপ ২০১০ সালে এই নিখুঁত ছবিটি তুলেছে।

১০) মেসিয়ার ৮২- মেসিয়ার ৮২ বা এম৮২ গ্যালাক্সিতে প্রতিনিয়ত জন্ম নিচ্ছে নতুন শিশু নক্ষত্র। এর আরেক নাম সিগার গ্যালাক্সি। সাধারণের চেয়ে অনেক বেশি হারে নক্ষত্র জন্মাচ্ছে এ গ্যালাক্সিতে। বলা চলে, নক্ষত্রজন্মের বিস্ফোরণ হচ্ছে! বর্তমানে আমাদের মিল্কিওয়ে গ্যালাক্সির চেয়ে প্রায় দশ গুণ বেশি নক্ষত্র আছে এতে!

১৭৭৪ সালে জার্মান জ্যোতির্বিদ জোহান এলার্ট বোর্ড মেসিয়ার ৮২ গ্যালাক্সি আবিষ্কার করেন। এটি পৃথিবী থেকে প্রায় ১২ মিলিয়ন আলোকবর্ষ দূরে রয়েছে। আজও নতুন নক্ষত্র জন্মাচ্ছে বলেই গ্যালাক্সিটি এখনো পূর্ণাঙ্গ আকৃতি পায়নি। ধীরে ধীরে আকৃতি নিচ্ছে। এর আপাত উজ্জ্বলতা ৮.৪। একটু বড় ধরনের টেলিস্কোপ ব্যবহার করে এপ্রিলে গ্যালাক্সিটি ভালোভাবে দেখা সম্ভব।

# আলোর বুলেট এবং আইনস্টাইন

*আলো কী? কণা, নাকি তরঙ্গ? বিজ্ঞানের আগের সব ধ্যান-ধারণা বদলে দিতে এসেছেন এক তরুণ। আলবার্ট আইনস্টাইন। আলোর প্রমাণিত তরঙ্গ তত্ত্বের বেড়াজাল ভেঙে, একরকম নিজের বিশ্বাসের বিপরীতে গিয়েই তিনি অদ্ভুত এক দাবি করে বসলেন। বিজ্ঞানের ইতিহাস বদলে দেওয়া সেই কাহিনি আবুল বাসার*

**গতসংখ্যার পর।।** এসব বুলেটই নুড়িপাথরগুলোকে সেকেন্ডে বেশি বেশি ধাক্কা দেবে। বুলেটরূপী আলোর ক্ষেত্রে ধাতুতে ফেলা আলো ও ধাতু থেকে ইলেকট্রনের বেরিয়ে আসার মধ্যে সময়ে তফাত থাকবে না। তখন সঙ্গে সঙ্গে ইলেকট্রন বেরিয়ে আসবে। কারণ, নুড়িপাথরে একবার একটা বুলেট ধাক্কা দিলে, সৈকতের ওপরের দিকে ঠেলে দেওয়ার জন্য তার পর্যাপ্ত শক্তি থাকবে। তাই প্রভাব পাওয়া যাবে তৎক্ষণাৎ। বুলেটগুলো যত দ্রুত ছুটে যাবে, সেগুলো নুড়িতে তত বেশি জোরে ধাক্কা দেবে। ফলে নুড়িগুলো দ্রুত সময়ে সৈকতের ওপরের দিকে উঠে যাবে। মানে প্রতিটি আলোক ফোটনের শক্তি যত বেশি হবে, তার ইলেকট্রন ধাক্কা দিয়ে বের করে দেওয়ার গতিশক্তিও হবে তত বেশি। আবার বুলেটগুলোর গতি কম হলে, তা নুড়িগুলোতে ধাক্কা দেবে ঠিকই, কিন্তু ধাক্কাটা নুড়িগুলোকে সৈকতের ওপরে তোলার মতো যথেষ্ট হবে না। বোঝা গেল ব্যাপারটা?

সেদিন, মানে সেই ১৯০৫ সালের ৭ মার্চ, শুক্রবার আলোকতড়িৎ ক্রিয়া—সংক্রান্ত গবেষণাপত্র হাতে নিয়ে হন্তদন্ত হয়ে পোস্ট অফিসে ছুটছিলেন আইনস্টাইন। গবেষণাপত্রটির শিরোনামঅন আ হেরিস্টিক পয়েন্ট অব ভিউ কনসার্নিং দ্য প্রোডাকশন অ্যান্ড ট্রান্সফরমেশন অব লাইট।

কয়েক দিনের মধ্যে পৌঁছায় চিঠিটা বার্লিনে অ্যানালেন ডার ফিজিক জার্নাল অফিসে। জার্নালটির সম্পাদক তখন কোয়ান্টাম গুরু ম্যাক্স প্ল্যাঙ্ক। আইনস্টাইনের গবেষণাপত্র আগাগোড়া পড়ে দেখলেন তিনি। ১৯০৫ সালে আইনস্টাইন আরও তিনটি গবেষণাপত্র পাঠিয়েছিলেন ওই জার্নালে। এর মধ্যে ছিল আপেক্ষিকতা তত্ত্ব নিয়ে একটি প্রবন্ধ। সেটি পড়ে তাঁকে ‘খুব বৈপ্লবিক’ বলে আখ্যায়িত করেন প্ল্যাঙ্ক। বৈপ্লবিক তত্ত্বটির নাম ‘থিওরি অব রিলেটিভিটি’ দিয়েছিলেন তিনিই। কিন্তু গোল বাধল আইনস্টাইনের আলোর কোয়ান্টা ধারণা নিয়ে। নিজে কোয়ান্টা ধারণার প্রবর্তক হলেও আলোর কোয়ান্টা ধারণা প্ল্যাঙ্কের কাছে সাময়িক গাণিতিক সমাধান ছাড়া আর কিছু মনে হলো না। আলোর কণা তত্ত্বের সঙ্গে কোনোভাবেই একমত হতে পারলেন না তিনি। তবু গবেষণাপত্র জার্নালে প্রকাশের অনুমতি দেন প্ল্যাঙ্ক। ভাবেন, ‘বার্নের এই শৌখিন পদার্থবিদ কে, যিনি হুট করে এমন চমৎকার ও বেপরোয়া তত্ত্বগুলো প্রকাশ করছেন?’ আইনস্টাইনের এই ঐতিহাসিক গবেষণাপত্র প্রকাশিত হলো প্রায় তিন মাস পর। ১৯০৫ সালের ৯ জুন। শিরোনাম আগেই বলেছি। এর মাধ্যমে জন্ম হলো ফোটন ও আলোর কোয়ান্টাম তত্ত্বের।

আইনস্টাইনের আলোর কোয়ান্টার ধারণা ফটোইলেকট্রিক ইফেক্টকে বেশ ভালোভাবে ব্যাখ্যা করল ঠিকই, কিন্তু তা কেউ মেনে নিতে পারলেন না। ম্যাক্স প্ল্যাঙ্কের মতো অন্য আরও বিজ্ঞানী একে মনে করলেন গাঁজাখুরি ব্যাখ্যা। বিষয়টি নিয়ে মাথা ঘামাতে চাইলেন না কেউ কেউ। তবে তাঁদের মধ্যে একেবারে ব্যতিক্রম ছিলেন একজন। আইনস্টাইনের ব্যাখ্যা কোনোভাবে মেনে নিতে পারলেনই না, সেটা যে ভুল ব্যাখ্যা, তা—ও হাতেনাতে প্রমাণের জন্য উঠে পড়ে লাগলেন। তিনি মার্কিন বিজ্ঞানী রবার্ট মিলিকান।

৫.

এক্সপেরিমেন্টাল পদার্থবিদ রবার্ট মিলিকানের জন্ম ১৮৬৮ সালের ২২ মার্চ, যুক্তরাষ্ট্রের ইলিনয় অঙ্গরাজ্যের মোরিসনে। ফটোইলেকট্রিক ইফেক্ট—সংক্রান্ত আইনস্টাইনের গবেষণাপত্র জার্নালে যখন প্রকাশিত হয়, তখন মিলিকানের বয়স প্রায় ৩৭ বছর। আইনস্টাইনের চেয়ে প্রায় ১১ বছরের বড়। তখন শিকোগো বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে কাজ করছেন। ১৯৮৬ সালে যোগ দেন এ বিশ্ববিদ্যালয়ে। মনমতো গবেষণার মাধ্যমে পদার্থবিজ্ঞানের ইতিহাসে একটি দাগ রেখে যাওয়ার ইচ্ছা ছিল মিলিকানের অনেক দিনের। কিন্তু শিকাগো বিশ্ববিদ্যালয়ে তাঁর গবেষণাগারে তখন উপযুক্ত সরঞ্জামের অভাব। সেখানে তখনো বিদ্যুৎ পৌঁছায়নি। পৌঁছাবে আরও ২০ বছর পরে। গ্যাস ল্যাম্প কিংবা মোমবাতি ভরসা। সেখানে এমন কোনো প্রতিষ্ঠানও নেই, যারা বৈজ্ঞানিক যন্ত্রপাতি বানিয়ে দিতে পারবে। প্রয়োজনীয় সবকিছু নিজে বানিয়ে নিতে হবে। আবার তিনি যে বিষয়ে গবেষণা করতে চান, তা নিয়ে সেখানকার অন্য কোনো বিজ্ঞানীর আগ্রহ ছিল না। তবু মিলিকান নিষ্ঠার সঙ্গে পরীক্ষামূলক গবেষণা করতে দৃঢ়প্রতিজ্ঞ।

কিন্তু সে জন্য প্রথমে দরকার একটি ভালো ও জুতসই সমস্যা। সে জন্য ইউরোপ থেকে আসা বৈজ্ঞানিক জার্নালগুলো খুঁটিয়ে খুঁটিয়ে পড়েন মিলিকান। মনে মনে আশা করেন, যদি জুতসই কিছু মেলে। ১৮৯৭ সালে ব্রিটিশ বিজ্ঞানী জে জে থমসন ইলেকট্রন আবিষ্কার করেন। তাতে খুব উৎসাহিত হন মিলিকান। এ নতুন ও রোমাঞ্চকর বিষয় নিয়ে কাজ করতে চাইলেন তিনি। কিন্তু বাদ সাধল বৈজ্ঞানিক যন্ত্রপাতি। এ গবেষণার জন্য দরকার উচ্চ ভ্যাকুয়াম পাম্প করতে সক্ষম যন্ত্রপাতি। কিন্তু শিকাগোতে তাঁর গবেষণাগারে তেমন কোনো ভ্যাকুয়াম পাম্প ছিল না। তাতেও দমলেন না মিলিকান। নিজে একটা ভ্যাকুয়াম পাম্প তৈরি করতে শুরু করলেন। এভাবে পারদ, টিউব আর অন্যান্য যন্ত্রপাতি জোগাড় করে ১৯০৩ সালের মধ্যে বানিয়ে ফেললেন নিজের একটা ভ্যাকুয়াম পাম্প। সে যন্ত্র বায়ুচাপের চেয়ে ১০০ কোটি ভাগ নিম্নচাপ তৈরি করতে পারত। সে যুগের তুলনায় যথেষ্ট ভালো ও উন্নত বলা চলে।

অপর দিকে ইউরোপে কিছুদিন পর থমসন অনুমান করলেন, ফটোইলেকট্রিক ইফেক্ট তাপমাত্রার ওপর নির্ভরশীল হওয়া উচিত। তাঁর মতে, কম তাপমাত্রার চেয়ে উচ্চ তাপমাত্রায় ধাতুতে ইলেকট্রনের শক্তি বেশি থাকবে এবং ধাতু থেকে সহজে ও উচ্চ গতিতে ইলেকট্রন বেরিয়ে আসবে। অচিরেই প্রবন্ধটি ছাপা হওয়া জার্নাল এল মিলিকানের হাতে। থমসনের অনুমান পরীক্ষা করে দেখার কথা ভাবলেন তিনি। তখন তাঁর হাতে সদ্য নির্মিত শক্তিশালী ভ্যাকুয়াম পাম্প। পরীক্ষা করতে গিয়ে যথাসম্ভব সতর্কও থাকলেন, যাতে কোনো ভুলচুক না হয়। দৈনন্দিন জীবনে সৌরকোষ ছাড়াও আরও নানা কাজে ব্যবহৃত হচ্ছে ফটোইলেকট্রিক ইফেক্ট কিন্তু পরীক্ষা শেষে হতাশ হলেন মিলিকান। দেখলেন, ধাতুর তাপমাত্রার সঙ্গে ইলেকট্রন বেরিয়ে আসার কোনো সম্পর্ক নেই। ভাবলেন, তাহলে কি তাঁর নিজের পরীক্ষায় কোনো ভুল হলো? তাই ‘একবার না পারিলে দেখো শতবার’ নীতি অনুসরণ করলেন মিলিকান। পরীক্ষাটি আবার করার কথা ভাবলেন। এবার তাঁর কয়েকজন গ্র্যাজুয়েট শিক্ষার্থীর মধ্যে ভাগ করে দিলেন সমস্যাটি। ছোট্ট একটা ঘরে দিনের পর দিন দল বেঁধে কাজ করতে লাগল ছাত্ররা। এবার একে একে ১২টি ধাতুতে আলো ফেলে পরীক্ষা করে দেখা হলো। তামা, নিকেল, লোহা, দস্তা, সিলভার, ম্যাগনেশিয়াম, সিসা, অ্যান্টিমনি, সোনা, অ্যালুমিনিয়াম ও পিতল (তামা ও দস্তার সংকর ধাতু)। এবারও একই ফলাফল। হাকিম নড়ে, তবু হুকুম নড়ে নাএমন অবস্থা! তাহলে ব্যাপারটা কী?

সেই ব্যাখ্যা পাওয়া গেল আইনস্টাইনের গবেষণাপত্রে, ১৯০৫ সালে। অ্যানালেন ডার ফিজিক-এর সেই সংখ্যা হাতে পেয়ে আইনস্টাইনের ব্যাখ্যা পড়ে ফেললেন মিলিকান।

কিন্তু ব্যাখ্যাটা মনঃপূত হলো না তাঁর। আলো যে তরঙ্গ, সে কথা দৃঢ়ভাবে বিশ্বাস করতেন তিনি। তাই আলোর কণা তত্ত্ব এককথায় নাকচ করে দিলেন। শুধু তা—ই নয়, আইনস্টাইনের ব্যাখ্যা যে ভুল, তা পরীক্ষা করে প্রমাণ করতে চাইলেন তিনি। এত দিন এমন একটা কিছু খুঁজছিলেন যেন। আইনস্টাইনের আলোর কোয়ান্টাম তত্ত্ব থেকে একটি প্রত্যক্ষ ভবিষ্যদ্বাণী পাওয়া যায়। সেটা আবার পরীক্ষায় যাচাই করে দেখা সম্ভব। তাঁর ব্যাখ্যা অনুসারে, আগত আলোকরশ্মির কম্পাঙ্ক বাড়িয়ে ধাতব বস্তুতে সৃষ্ট ভোল্টেজের ক্রমান্বয়ে বেড়ে যাওয়া মাপা সম্ভব। মিলিকান ভাবেন, আইনস্টাইনের অনুমান যদি ভুল প্রমাণ করা যায়, তাহলে কেল্লা ফতে। পদার্থবিদ হিসেবে সারা বিশ্বে নাম কামানো যাবে। এভাবেই পদার্থবিজ্ঞানের ইতিহাসে নিজের নাম স্বর্ণাক্ষরে লেখাতে চাইলেন। নবোদ্যমে কাজ শুরু করলেন তিনি। ১৯০৭ সালের দিকে প্রায় সেই একই সেটআপ নিয়ে মাঠে নামল মিলিকান এবং তাঁর দলআলোর উৎস, ধাতবপৃষ্ঠ, ইলেকট্রন সংখ্যা গণনার জন্য একটা যন্ত্র ও আনুষঙ্গিক আরও কিছু। পরীক্ষা ত্রুটিমুক্ত করার যথাসাধ্য চেষ্টা চালালেন। ১৯০৯ সালের দিকে পরীক্ষার প্রথম ফলাফল পেলেন মার্কিন এই বিজ্ঞানী। কিন্তু তা মেনে নিতে পারলেন না। দেখা গেল, আইনস্টাইনের কথাই ঠিক। এবার মরিয়া হয়ে উঠলেন তিনি। পরীক্ষায় কোনো ভুল হয়েছে ভেবে আবারও কোমর বেঁধে দলবল নিয়ে পরীক্ষায় ঝাঁপিয়ে পড়লেন মিলিকান। ১৯১২ সালে পাওয়া গেল সেই পরীক্ষার ফল। কিন্তু এবারও আইনস্টাইনের ব্যাখ্যার কাছে হেরে গেলেন তিনি। তাতে হতাশ হয়ে পড়লেন। দীর্ঘ এ সময়ের মধ্যে তাঁর গবেষণা দলে অনেক শিক্ষার্থী নাম লেখাল; গবেষণা শেষে, পড়ালেখা শেষ করে বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়ে বিদায়ও নিল। মিসিসিপির জলও গড়াল মেক্সিকো উপসাগরে গ্যালন গ্যালন। দীর্ঘদিন নিজের সঙ্গে যুদ্ধ চালালেনফলাফল প্রকাশ করবেন নাকি করবেন না! অবশেষে ১৯১৬ সালে ফলাফল জনসমক্ষে প্রকাশ করেন মিলিকান। তাতে দেখা গেল, আইনস্টাইনের প্রায় সব অনুমান মিলিকানের পরীক্ষায় সঠিক বলে প্রমাণিত হয়েছে। অর্থাৎ ধাতু থেকে বেরিয়ে আসা ইলেকট্রন আগত আলোর কম্পাঙ্কের সমানুপাতিক। এর সরল মানে, আলোর কণা তত্ত্ব সঠিক। আলো আসলে ফোটনের মতো গুচ্ছ বা প্যাকেট হিসেবে নিঃসৃত হয়।

স্বাভাবিকভাবে ধরে নেওয়া যায়, মিলিকানের ফলাফল প্রকাশের পর নড়েচড়ে বসবেন পদার্থবিদেরা। হাঁপ ছেড়ে বাঁচতে ফটোইলেকট্রিক ইফেক্টের আইনস্টাইনের ব্যাখ্যা মেনে নেবেন। কিন্তু বাস্তবতা আসলে কল্পনার চেয়ে নাটকীয় হয়। ঘটনা ঘটল তাঁর উল্টো। কারণ, তখন কেউ আলোর ফোটন কণা দেখেনি। কাজেই আইনস্টাইনের ব্যাখ্যা উপেক্ষা করতে লাগলেন বেশির ভাগ বিজ্ঞানী। এমনকি ফটোইলেকট্রিক ইফেক্টকে অমীমাংসিত রহস্য ভেবেও খুশি ছিলেন অনেকে।

যাহোক, একসময় অবশ্য সেটা মেনে নেওয়া ছাড়া কারও কোনো উপায় থাকবে না। কারণ, ১৯২০-এর দশকে পরীক্ষামূলকভাবে ফোটন শনাক্ত করেন মার্কিন বিজ্ঞানী আর্থার কম্পটন। সেটি আরেক রোমাঞ্চকর কাহিনি। এখানে অনেকের মনে প্রশ্ন জাগতে পারে, আলো কি আসলে কণা, তরঙ্গ নয়? সেই বিতর্কের কি অবসান হলো শেষ পর্যন্ত? আসলে তা নয়। আরও পরে প্রমাণিত হবে, আলো আসলে একই সঙ্গে কণা এবং তরঙ্গ, যাকে বলে পার্টিকেল-ওয়েভ ডুয়ালিটি বা কণা-তরঙ্গ দ্বৈততা। কিছু ক্ষেত্রে আলো কণার মতো আচরণ করে, আবার কিছু ক্ষেত্রে আচরণ করে তরঙ্গের মতো। ফরাসি বিজ্ঞানী লুই দ্য ব্রগলি তাত্ত্বিকভাবে প্রমাণ করেন, শুধু আলো নয়, অন্যান্য কণাও এ রকম দ্বৈত আচরণ করে। সে সময় ব্রিটিশ-অস্ট্রেলিয়ান পদার্থবিদ উইলিয়াম হেনরি ব্রেগ বিষয়টি নিয়ে রসিকতা করে বলেছিলেন, কোয়ান্টাম তাত্ত্বিকেরা আলোকে তরঙ্গ হিসেবে বর্ণনা করেন সোম, মঙ্গল ও বুধবারে। আর কণা হিসেবে বর্ণনা করেন বৃহস্পতি, শুক্র ও শনিবারে। কিন্তু যত রসিকতা করুন, আলোর ক্ষেত্রে আসলে এটি সত্য। এটি স্বীকার করার মধ্য দিয়ে আলো কণা নাকি তরঙ্গ, সে বিতর্কের অবসান হয়।

এ কাহিনির শেষে আরেকটি তথ্য জেনে রাখলে ক্ষতি নেই। ফটোইলেকট্রিক ইফেক্টের এ ব্যাখ্যার জন্য ১৯২১ সালে নোবেল পুরস্কার দেওয়া হয়েছিল আইনস্টাইনকে। তাঁর বিখ্যাত থিওরি অব রিলেটিভিটির জন্য নয়; আর এ ব্যাখ্যা কঠোর পরিশ্রমের মাধ্যমে প্রমাণ করার জন্য দুই বছর পর, মানে ১৯২৩ সালে নোবেল পুরস্কার পান রবার্ট মিলিকান। দেখতেই পাচ্ছেন, একদিন সত্যি সত্যি নামকরা পদার্থবিদ হয়েছিলেন মিলিকান। তবে আইনস্টাইনকে ভুল প্রমাণ করে নয়, সঠিক প্রমাণ করে। হোক তা নিতান্ত অনিচ্ছায়। **সমাপ্ত**

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# পণ্য লোডিঙে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিকাশের গতি অব্যাহত



মালিগাঁও, ২২ মার্চ, ২০২৪: পণ্য লোডিঙের ক্ষেত্রে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ধারাবাহিক অগ্রগতি বজায় রেখেছে এবং ২০২৪-এর ফেব্রুয়ারি মাসে ০.৮৩২ মিলিয়ন টন (এমটি) পণ্য লোড করেছে। বর্তমান অর্থবর্ষের ২০২৩-এর এপ্রিল থেকে ২০২৪-এর ফেব্রুয়ারি পর্যন্ত পণ্য লোডিঙের ক্ষেত্রে মোট ৯.১৮৩ মিলিয়ন টন বৃদ্ধি ঘটেছে।

২০২৪-এর ফেব্রুয়ারি মাসে কিছু অন্যান্য সামগ্রী সহ ভালো মার্জিনের সাথে পি.ও.এল. লোডিং-এর অগ্রগতি নথিভুক্ত করা হয়েছে। এই সময়ে, পি.ও.এল. সামগ্রীর লোডিং ২৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে সার লোডিঙে ৫.৩ শতাংশ এবং সিমেন্ট লোডিঙেও ৩.২ শতাংশ বৃদ্ধি নথিভুক্ত করা হয়েছে।

পূর্ববর্তী অর্থ বর্ষের একই সময়ের তুলনায় বর্তমান অর্থবর্ষের ২০২৪-এর ফেব্রুয়ারি পর্যন্ত কনটেনার লোডিং ৮.৯ শতাংশ, খাদ্য শস্য সামগ্রীর লোডিং ২২.৩ শতাংশ এবং ব্যালাস্ট লোডিং ১৮ শতাংশ বৃদ্ধির নথিভুক্ত করা হয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নিজেদের গ্রাহকদের পরিষেবা দিতে এবং প্রত্যন্ত অঞ্চলের ব্যবহারকারীদের কাছে সময়ে প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেওয়া নিশ্চিত করতে একনিষ্ঠভাবে দিনরাত চব্বিশ ঘণ্টা কাজ করছে। বছরের পর বছর পণ্য লোডিঙের ক্ষেত্রে এই বৃদ্ধি অঞ্চলটির অর্থনৈতিক কার্যকলাপের বিকাশকেই নির্দেশ করে।

## প্রকাশিত হল বিজেপি-র চতুর্থ প্রার্থীতালিকা, এতেও নেই বাংলা

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : শুক্রবার প্রকাশিত হল বিজেপি-র চতুর্থ প্রার্থীতালিকা। এতেও নেই বাংলার কোনও কেন্দ্রের উল্লেখ। যে ১৫টি কেন্দ্রের প্রার্থীর নাম এদিন বিজেপি ঘোষণা করেছে, সব কটিই দক্ষিণ ভারতের।

সপ্তাহ দুয়েক আগে নরেন্দ্র মোদীর গ্যারান্টির স্লোগান তুলে রাজ্যে প্রধানমন্ত্রী হাজির হয়ে লোকসভা নির্বাচনে অন্যান্য রাজনৈতিক দলগুলিকে পিছনে ফেলে ২১ আসনে প্রার্থীর নাম ঘোষণা করে চমক দিয়েছিল বিজেপি। পাল্টা ব্রিগেডের সভা থেকে রাজ্যের ৪২টি আসনে প্রার্থী ঘোষণা করে বিরোধীদের কঠিন চ্যালেঞ্জ ছুড়ে দেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

ভোটযুদ্ধে শাসক দলকে টক্কর দিতে দ্বিতীয় ধাপে বাকি প্রার্থী তালিকা চূড়ান্ত করতে সম্প্রতি একাধিকবার সম্ভাব্য প্রার্থীদের নিয়ে কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে বৈঠক করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারীরা। শুক্রবারও রাজ্যের এই দুই শীর্ষ নেতার সঙ্গে দলের কেন্দ্রীয় নেতৃত্বের কথা হবে।

তৃণমূল এবং বামরা কর্মিসভা ও জনসংযোগ কর্মসূচি শুরু করে প্রচারে অনেকটা গতি এনে ফেলেছেন ইতিমধ্যেই। দোল ও হোলির পর পুরোদমে ভোটের প্রচার জোর কদমে শুরু করবে শাসক বিরোধী সব পক্ষই। কিন্তু এখনও এ রাজ্যের ২২টি কেন্দ্রে অন্ধকারেই গেরুয়া শিবির।

## বিজেপি কর্মী খুনের মামলায় চার্জশিটে নেই শাহজাহানের নাম, সিআইডি-কে ভর্ৎসনা

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : ফের আদালতে মুখ পুড়ল রাজ্য পুলিশ প্রশাসনের । ২০১৯ সালে তিন বিজেপি কর্মীকে খুনের মামলার চার্জশিটে শেখ শাহজাহানের নাম বাদ দেওয়ায়, সিআইডি-কে ভর্ৎসনা করল কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্তর বেঞ্চ। সাক্ষীদের গোপন জবানবন্দিতে ১ নম্বরে নাম থাকা সত্ত্বেও, কেন শেখ শাহজাহানের নাম বাদ? এই প্রশ্ন তুলেছেন বিচারপতি। ১ এপ্রিল মামলার পরবর্তী শুনানিতে কেস ডায়রি জমা দিতে বলা হয়েছে। ২০১৯ সালে সন্দেশখালিতে খুন হন তিন বিজেপি কর্মী প্রদীপ মণ্ডল, দেবদাস মণ্ডল এবং সুকান্ত মণ্ডল। যে ঘটনায় শেখ শাহজাহান এবং তাঁর বাহিনীর বিরুদ্ধে দু'টি এফআইআর দায়ের হয়। হাইকোর্টের নির্দেশেই সেই মামলার তদন্তভার যায় সিআইডি-র হাতে। তদন্তে নেমে সাক্ষীদের গোপন জবানবন্দি নেন তদন্তকারী আধিকারিকরা। কিন্তু, সিআইডি মামলার চূড়ান্ত চার্জশিট জমা দেওয়ার পর দেখা যায়, সেখানে প্রধান অভিযুক্ত ও সাক্ষীদের বয়ানে সবার উপরে থাকা শেখ শাহজাহানের নাম বাদ গিয়েছে।

তারপরেই সিবিআই তদন্তের দাবিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গত ৮ জানুয়ারি একটি মামলা করেছিলেন হাইকোর্টে।

সেই নিয়ে এদিন আদালতে তলব করা হয়েছিল সিআইডি-র তদন্তকারী আধিকারিককে। তাঁকে বিচারপতি জয় সেনগুপ্ত প্রশ্ন করেন, 'সাক্ষীর গোপন জবানবন্দিতে ১ নম্বর অভিযুক্তের তালিকায় শেখ শাহজাহানের নাম থাকা সত্ত্বেও শেখ শাহজাহানের নাম চার্জশিট থেকে বাদ দিলেন কী করে?' জবাবে সিআইডি-র আইও বলেন, 'সাক্ষীর জবানবন্দি বিশ্বাসযোগ্য বলে মনে হয়নি।' রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের ওই আধিকারিকের বক্তব্য শুনে ক্ষুব্ধ বিচারপতি বলেন, 'আপনি ঠিক করবেন কে বিশ্বাস যোগ্য, আর কে বিশ্বাস যোগ্য নয়? আপনার কোনও সিনিয়রকে ডাকতে হবে দেখছি।' উল্লেখ্য, এদিন রাজ্যের আইনজীবী অমিতেশ বন্দ্যোপাধ্যায় শুনানিতে হাজির ছিলেন না। তাই অন্য এক আইনজীবী জানান, 'চার্জশিট জমা পড়েছে। তবে, চার্জ ফ্রেম হয়নি এখনও। রাজ্যকে আরও কয়েকদিন সময় দেওয়া হোক কেস ডাইরি হাজির করতে।' ১ এপ্রিল পরবর্তী শুনানি হবে। আগের নির্দেশ অনুযায়ী, নিম্ন আদালতে এই মামলার সমস্ত বিচার আপাতত স্থগিত থাকবে। পরের শুনানির দিন ফের কেস ডায়েরি আনার নির্দেশ দিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত।

## ক্রান্তিতে পর্যাপ্ত পানীয় জলের পরিষেবার দাবিতে ভোট বয়কটের হুঁশিয়ারি বাসিন্দাদের

ক্রান্তি, ২২ মার্চ (হি.স.) : ক্রান্তি ব্লকের ক্রান্তি বাজার পাড়ায় একবছরের বেশি সময় আগে এলাকায় নতুন করে পাইপলাইন বসেছে।

রয়েছে পানীয় জলের কল। এরপরেও জল না পাওয়ায় শুক্রবার বিক্ষোভে শামিল গ্রামবাসীরা। দ্রুত পানীয় জল পরিষেবা না পেলে পথ অবরোধের পাশাপাশি ভোট বয়কটের হুঁশিয়ারি দিয়েছেন বাসিন্দারা। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় জনস্বাস্থ্য কারিগরি দফতরের পানীয় জলের পরিষেবা মিললেও তাঁদের এলাকা বঞ্চিত। বিষয়টি নিয়ে একাধিকবার স্থানীয় জনপ্রতিনিধিদের জানানো হলেও কোনও সুরাহা হয়নি। এদিকে দিনের পর দিন টাকা দিয়ে জল কিনে খাওয়া সম্ভব নয়। গ্রামবাসীদের বেশিরভাগই দিন আনা দিন খাওয়া। জল কিনে খেতে না পারায় অনেকেই পেটের অসুখে ভুগছে।

ভোটের সময় নেতারা এসে প্রতিশ্রুতি দিয়ে যায়। অথচ জল সমস্যার সমাধানে কোনও উদ্যোগ গ্রহণ করা হয় না। এক সপ্তাহের মধ্যে প্রশাসন পানীয় জলের সুরাহা না করলে ভোট বয়কটের হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায় সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।

## আবগারি দুর্নীতিতে মূল ষড়যন্ত্রী কেজরিওয়াল, আদালতে দাবি ইডির

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.) : আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করেছে ইডি। শুক্রবার তাঁকে তোলা হয় দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে। সেখানেই কেন্দ্রীয় সংস্থা দাবি করেছে, অরবিন্দ কেজরিওয়ালই আবগারি দুর্নীতির মাথা। তাঁকে "মূল ষড়যন্ত্রকারী" বা "কিংপিন" বলে উল্লেখ করা হয়েছে ইডির তরফে। এই প্রেক্ষিতেই ইডি দিল্লির মুখ্যমন্ত্রীকে ১০ দিনের জন্য নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানিয়েছে আদালতে।

অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করার আগেই ইডি দাবি করেছিল, আবগারি নীতি তৈরি করে দিল্লির মুখ্যমন্ত্রী এবং আপ নেতারা প্রায় ১০০ কোটি টাকা ঘুষ পেয়েছিলেন। শুক্রবার এই বিষয়ে কেন্দ্রীয় সংস্থা আদালতে জানিয়েছে, গোটা কেলেঙ্কারির কেন্দ্রে আছে "সাউথ গ্রুপ", যার সঙ্গে আম আদমি পার্টি এবং বাকি অভিযুক্তদের যোগাযোগ ঘটাতেন খোদ দিল্লির মুখ্যমন্ত্রী।

## ভুটান ও ভারতের সম্পর্ক যেমন প্রাচীন তেমনই নতুন : প্রধানমন্ত্রী মোদী

থিম্পু, ২২ মার্চ (হি.স.): ভুটান ও ভারতের সম্পর্ক যেমন প্রাচীন তেমনই নতুন। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার ভুটানের টেন্ড্রেলথাং ফেস্টিভ্যাল গ্রাউন্ডে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'ভারত ও ভুটানের মধ্যে সম্পর্ক যেমন প্রাচীন তেমনই নতুন এবং সমসাময়িক। আমি যখন ২০১৪ সালে ভারতের প্রধানমন্ত্রী হয়েছিলাম, তখন আমার প্রথম বিদেশ সফর হিসেবে ভুটান সফর করাটাই স্বাভাবিক ছিল। ১০ বছর আগে ভুটান কর্তৃক প্রসারিত স্বাগত ও অভ্যর্থনা প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনের শুরুকে স্মরণীয় করে তুলেছে।'

প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'ভারত ও ভুটানের তরুণদের আকাঙ্ক্ষা ও লক্ষ্য একই রকম। ভারত ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত দেশ হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে, যেখানে ভুটান ২০৩৪ সালের মধ্যে একটি উচ্চ আয়ের দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। আপনাদের লক্ষ্য পূরণ করতে, বিবি অর্থাৎ ব্র্যান্ড ভুটান এবং ভুটান বিলিভ উভয়কেই সফল করতে ভারত আপনার সঙ্গে প্রতিটি পদক্ষেপে দাঁড়িয়ে আছে।'

প্রধানমন্ত্রীর কথায়, 'ভারত এবং ভুটান একটি যৌথ ঐতিহ্যের অংশ। ভগবান বুদ্ধের জন্মস্থান ভারত। এটি সেই স্থান যেখানে ভগবান বুদ্ধ নির্বাণ লাভ করেছিলেন। অন্যদিকে, ভুটান হল সেই জায়গা যা ভগবান বুদ্ধের শিক্ষা গ্রহণ ও সংরক্ষণ করেছে।'

## আপ কর্মীদের বিক্ষোভ কলকাতায়, বিজেপি কার্যালয়ের সামনে অশান্তি

কলকাতা, ২২ মার্চ (হি.স.): কলকাতায় মুরলীধর লেনের কাছে বিজেপি কার্যালয়ের সামনে ধুন্ধুমার। লাঠি নিয়ে বিজেপি কর্মীদের দিকে তেড়ে যাওয়া, মারধর, মহিলা আপ কর্মীদের হেনস্থার অভিযোগ করা হয়েছে। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বৃহস্পতিবার রাতে ইডির হাতে গ্রেফতার হন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আপ প্রধান অরবিন্দ কেজরিওয়াল। এর প্রতিবাদে শুক্রবার গোটা দেশ জুড়ে আপের কর্মী, সমর্থকরা প্রতিবাদ আন্দোলন শুরু করে। কলকাতায় কেজরির গ্রেফতারির প্রতিবাদে আপ কর্মী, সমর্থকদের প্রতিবাদে মিছিল করা হয়। কলকাতায় বিজেপি অফিস অভিযানের ডাক দেন তাঁরা। মিছিল করে বিজেপির কার্যালয় যাওয়ার পথে মহম্মদ আলি পার্কের কাছে পুলিশ তাঁদের আটকায়।

অন্যদিক, বিজেপি কার্যালয়ের সামনে প্রচুর পুলিশ মোতায়েন করা হয়। আপ কর্মীদের অভিযোগ, এর মাঝেই বিজেপি দফতর থেকে লাঠিসোটা নিয়ে বেশ কিছু বিজেপি কর্মীরা বেরিয়ে আসেন। আপ কর্মীদের উপর চড়াও হন তাঁরা। আপ কর্মীদের মারধর করা হয়। মহিলা আপ কর্মীদের হেনস্থা করা হয় বলেও অভিযোগ।

## হারানো জমি ফিরে পেতে মরিয়া, লোকসভায় নির্দল হয়ে লড়ছেন বিমল গুরুং

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : পাহাড়ে জমি ফিরে পেতে এ বার লোকসভা নির্বাচনে নির্দল হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করতে চলেছেন গোর্খা জনমুক্তি মোর্চার প্রধান বিমল গুরুং। একদা পাহাড়ের অঘোষিত মুখ্যমন্ত্রী ছিলেন বিমল গুরুং। তাঁর সমর্থনেই প্রথম পাহাড়ে বিজেপি জয়লাভ করে। দু''বার তাঁর হাত ধরে লোকসভায় জায়গা করে নেয় বিজেপি। ২০১৭ সালে পৃথক রাজ্য গোর্খাল্যান্ডের আন্দোলনের পর তাঁর সাংগঠনিক শক্তি ক্ষয়িষ্ণু হতে শুরু করে। জিটিএ, পঞ্চায়েত নির্বাচনে তার প্রমাণ মেলে। যে কারণে পাহাড় থেকে ক্রমে অপ্রাসঙ্গিক হয়ে পড়ছিলেন বিমল গুরুং। সেই কারণে এ বার পায়ের তলা থেকে হারিয়ে যাওয়া মাটি ফিরে পেতে মরিয়া মোর্চাপ্রধান। তাই লোকসভা নির্বাচনে নির্দল হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করে নিজের শেষ ও সর্বশক্তিতে লড়াইয়ে নামতে চলেছেন বিমল গুরুং। সেজন্য ইতিমধ্যে পাহাড়ের আনাচে-কানাচে গিয়ে প্রচারও শুরু করেছেন তিনি।

## ময়নাগুড়িতে নিয়ন্ত্রণ হারিয়ে দোকানে ঢুকে পড়ল ট্রাক, মৃত্যু যুবতীর

ময়নাগুড়ি, ২২ মার্চ (হি.স.) : জলপাইগুড়ির ময়নাগুড়ি ভোটপাট্টি গোডাউন মোড় এলাকায় এশিয়ান হাইওয়েতে নিয়ন্ত্রণ হারিয়ে দোকানে ঢুকে পড়ল ট্রাক। ঘটনায় মৃত্যু হল এক যুবতীর। শুক্রবার ভোরে ঘটনাটি ঘটেছে। মৃত যুবতীর নাম পঞ্চমী সরকার(২৬)। ঘটনায় মোট তিনটি দোকান ক্ষতিগ্রস্থ হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চ্যাংরাবান্ধার দিক থেকে ট্রাকটি ময়নাগুড়ির দিকে আসছিল। সেসময় হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাকটি রাস্তার পাশের দোকানে ঢুকে যায়। দোকানের ভেতর সেসময় ভাইকে সঙ্গে নিয়ে পড়াশুনো করছিল পঞ্চমী। ট্রাকটি এমনভাবে ভেতরে ঢুকে যায় যে দোকানের পাকা পিলার, দেওয়াল ভেঙে পড়ে। ট্রাকের নীচে আটকে যায় ওই যুবতী। দুর্ঘটনার পর তীব্র আওয়াজ শুনে আশেপাশের এলাকার লোক এসে উদ্ধারকাজে হাত লাগায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। আর্থমুভার নিয়ে এসে ট্রাকটিকে সরিয়ে ভেতর থেকে যুবতীর দেহ উদ্ধার করে পুলিশ। যুবতীর ভাই অলোক সরকার অক্ষত রয়েছে। পুলিশ ট্রাকের চালককে আটক করেছে। বাজেয়াপ্ত করা হয়েছে দুর্ঘটনাগ্রস্থ ট্রাকটিকে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## বিজেপির চতুর্থ তালিকায় পুদুচেরি ও তামিলনাড়ুর ১৫ প্রার্থীর নাম ঘোষণা

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.): বৃহস্পতিবারই তৃতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছিল বিজেপি। আর শুক্রবার চতুর্থ তালিকা প্রকাশ করল বিজেপি। এই তালিকায় পুদুচেরির ১টি ও তামিলনাড়ুর ১৪টি লোকসভা কেন্দ্রের প্রার্থীদের নাম প্রকাশ করা হয়েছে বিজেপির তরফে।

জানা গিয়েছে, পুদুচেরি আসনে এ. নমশ্বীভায়াম, তামিলনাড়ুর তিরুভাল্লুর আসন থেকে পন. ভি বালাগনপতি, চেন্নাই উত্তর থেকে আর সি পল কানাগরজ, তিরুভানামালাই থেকে এ অশ্বথামান, নামাক্কাল থেকে ড. কে পি রামালিঙ্গম, তিরুপ্পুর থেকে এপি মুরুগানন্দম, পোল্লাচি থেকে কে বসন্তরাজন, কারুর থেকে ভি ভি সেন্থিলনাথন, চিদাম্বরম থেকে পি কার্থিয়ায়নি, নাগাপাত্তিনাম থেকে এসজিএম রমেশ, থাঞ্জাভুর থেকে এম মুরুগানন্দম, শিবগঙ্গা থেকে ড. দেভানাথন যাদব, মাদুরাই থেকে প্রফেসর রামা শ্রীনিবাসন, বিরুধানগর থেকে রাধিকা শরথকুমার এবং তেনকাসি থেকে বি জন পান্ডিয়ান প্রার্থী হয়েছেন।

## কেজরিওয়ালকে মুখ্যমন্ত্রী পদ থেকে সরাতে জনস্বার্থ মামলা দায়ের

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.): অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির পর তাঁর বিরুদ্ধে দায়ের করা হল জনস্বার্থ মামলা। দিল্লির মুখ্যমন্ত্রী পদ থেকে যাতে এএপি প্রধানকে সরানো হয়, সেই আবেদন জানানো হয় দিল্লি হাইকোর্টে। যে পিটিশন দিল্লি হাইকোর্টে জমা পড়েছে, সেখানে কেজরিকে মুখ্যমন্ত্রী পদ থেকে অপসারণের দাবি জানানো হয়।

উল্লেখ্য, বৃহস্পতিবার গ্রেফতার করা হয় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে। আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার করা হয় তাঁকে। শুক্রবার তাঁকে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে তোলা হয়।

## সান্দাকফুতে ফের তুষারপাত, উদ্ধার আটকে থাকা ৪০ পর্যটক

দার্জিলিং, ২২ মার্চ (হি.স.) : দার্জিলিংয়ের সান্দাকফুতে ৩ দিন ধরে লাগাতার তুষারপাতের জেরে আটকে পড়েছিলেন ৪০ জন পর্যটক। এদিন মানেভঞ্জন ও সুখিয়াপোখরি থানার পুলিশকর্মীরা সিঙ্গালিলা ল্যান্ডরোভার ও ড্রাইভার অ্যাসোসিয়েশনের সদস্য ও এসএসবি জওয়ানদের সঙ্গে নিয়ে আটকে থাকা পর্যটকদের উদ্ধার করেন।

জানা গিয়েছে, সান্দাকফু, কালপোখরি ও চৌরিচক এলাকায় টানা তুষারপাতে জনজীবন স্তব্ধ হয়ে যায়। রাস্তায় পুরু তুষারের আস্তরন পড়ে যাওয়ায় গাড়ি চলাচলেও সমস্যা দেখা দেয়। কার্যত হোটেলবন্দি হয়ে পড়েন পর্যটকরা। এরপরই পুলিশ এসএসবি ও স্থানীয় ল্যান্ডরোভার চালকরা এগিয়ে আসেন। তাঁদের চা জলখাবারের ব্যবস্থাও করা হয়। এরপর পর্যটকদের একত্রিত করে একে একে গাড়িতে তুলে মানেভঞ্জন অবধি নিয়ে যাওয়া হয়। ওখান থেকে সকলে নিজের নিজের গন্তব্যের দিকে রওনা হন। স্থানীয় গাড়িচালক-পুলিশ ও এসএসবি জওয়ানরা পর্যটকদের উদ্ধারে হাত বাড়িয়ে দেওয়ায় প্রত্যেকেই কৃতজ্ঞ বলে জানিয়েছেন।

## কংগ্রেস কেন্দ্রীয় নির্বাচন কমিটির বৈঠকে তামিলনাড়ুর ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত

নয়াদিল্লি, ২২ মার্চ (হি.স.) : কংগ্রেস কেন্দ্রীয় নির্বাচন কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়েছে যে আসন্ন লোকসভা নির্বাচনে তামিলনাড়ু ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। শুক্রবার তামিলনাড়ুর লোকসভা আসন নিয়ে আলোচনার জন্য কংগ্রেস কেন্দ্রীয় নির্বাচন কমিটি (সিইসি) বৈঠক করেছে। ২৭ মার্চ সিইসির বৈঠকে বাকি ৫টি আসনের প্রার্থীদের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

তামিলনাড়ুতে, কংগ্রেস তিরুভাল্লুর, কৃষ্ণগিরি, করুর, কুড্ডালোর, মায়িলাদুথুরাই, শিবগাঙ্গাই, বিরুধুনগর, তিরুনেলভেলি এবং কন্যা কুমারী থেকে লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে। পুদুচেরি একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। এদিন সিইসি-র বৈঠকে উপস্থিত ছিলেন, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে, কংগ্রেসের সাধারণ সম্পাদক এন বেনুগোপাল এবং প্রাক্তন সভাপতি রাহুল গান্ধী এবং অন্যান্য কংগ্রেস নেতারা।

## অরবিন্দ কেজরিওয়ালের বাসভবনের উদ্দেশে মিছিল আম আদমি পার্টির নেতাদের

নয়াদিল্লি, ২২ মার্চ (হি.স.) : দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বাসভবনের উদ্দেশে মিছিলে শামিল হয়েছেন আম আদমি পার্টির নেতারা। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা বৃহস্পতিবার গ্রেফতার করেছে। শুক্রবার এই নিয়ে প্রতিবাদে শামিল হয়েছেন এএপি দলের নেতারা। তাঁরা সিভিল লাইন এলাকায় কেজরিওয়ালের বাসভবনের উদ্দেশে রওনা দেওয়ায় তাঁদের রাস্তা আটকায় পুলিশ ও প্রশাসন। এএপি নেতা এবং দিল্লির মেয়র শেলি ওবেরয় বলেছেন, 'আমরা অরবিন্দ কেজরিওয়ালের পরিবারের সঙ্গে দেখা করতে এসেছি কিন্তু পুলিশ ও প্রশাসন আমাদের ভিতরে যেতে দিচ্ছে না। গণতন্ত্রকে এভাবে খুন করা যাবে না এবং আমাদের আওয়াজ ওঠানো থেকে আটকানো যাবে না।' দিল্লির মানুষ অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে আছে।'

## চন্দ্রশেখর-কন্যা কবিতার আবেদন শুনল না সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.): সুপ্রিম কোর্টে অস্বস্তিতে বিআরএস নেত্রী কে কবিতা। বিগত সপ্তাহেই তেলঙ্গানার প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্রশেখর রাও-এর কন্যা কবিতাকে গ্রেপ্তার করেছে ইডি। এই গ্রেপ্তারিকে চ্যালেঞ্জ করে দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন কে কবিতা। তবে শুক্রবার আদালত তাঁর আবেদন শুনলই না।

এদিন সুপ্রিম কোর্টের পক্ষ থেকে বলা হয়, কবিতাকে অবশ্যই নীতি অনুসরণ করতে হবে। তাঁর জন্য কোনও নিয়ম ভাঙা যাবে না। আবেদনকারীকে নিয়ম মেনেই চলতে হবে। শীর্ষ আদালতে এভাবে সরাসরি জামিনের আবেদন করা যায় না। নিম্ন আদালত থেকেই তাঁকে জামিনের বিষয়টি নিয়ে আবেদন করতে হবে।

দিল্লির আবগারি দুর্নীতি মামলায় গত ১৫ মার্চ দুপুরে কবিতার হায়দরাবাদের বাড়িতে হানা দেয় ইডি। চলে তল্লাশি এবং জিজ্ঞাসাবাদ। তার পর বিকেলে বাড়ি থেকেই তাঁকে গ্রেফতার করে দিল্লি নিয়ে যাওয়া হয়। এই গ্রেপ্তারিকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় কে কবিতা।

## অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারি গণতন্ত্রের 'কলঙ্ক' : ওমর আবদুল্লা

শ্রীনগর, ২২ মার্চ (হি.স.) : দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারি গণতন্ত্রের জন্য একটি 'কলঙ্ক', শুক্রবার শ্রীনগরে এই মন্তব্য করেন ন্যাশনাল কনফারেন্সের সহ-সভাপতি ওমর আবদুল্লা। জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী শুক্রবার আরও বলেছেন যে তাঁর দল, কেজরিওয়াল এবং আম আদমি পার্টির পাশে রয়েছে।

ওমর আবদুল্লাহ সামাজিক মাধ্যম এক্স-এ পোস্ট করে লিখেছেন, 'লোকসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণার কয়েকদিনের মধ্যেই একটি কেন্দ্রীয় সংস্থার মাধ্যমে বিরোধী মুখ্যমন্ত্রীকে গ্রেফতার করা গণতন্ত্রের জন্য লজ্জার ব্যাপার'।

## দেশে সবচেয়ে বেশি বিদ্বেষমূলক বক্তব্য রাখে বিজেপি : ভগবন্ত মান

নয়াদিল্লি, ২২ মার্চ (হি.স.): বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। শুক্রবার দিল্লিতে এক সাংবাদিক সম্মেলন করে ভগবন্ত মান বলেছেন, 'দেশে সবচেয়ে বেশি বিদ্বেষমূলক বক্তব্য রাখে বিজেপি।' দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে ইডি গ্রেফতার করারও তীব্র নিন্দা করেছেন ভগবন্ত মান।

তিনি বলেছেন, 'বিজেপি এএপি-র মহল্লা ক্লিনিকের জন্য জাতীয় স্বাস্থ্য মিশনের তহবিল বন্ধ করে দিয়েছে...তাঁদের নিয়ন্ত্রণে থাকলে জাতীয় সঙ্গীত থেকেও পঞ্জাবের নাম মুছে ফেলত। তাঁরা চায় কোনও বিরোধী নেতা যেন আসন্ন নির্বাচনে প্রচার করতে না পারে। তিনি (প্রধানমন্ত্রী মোদী) ভ্লাদিমির পুতিনের পদাঙ্কে হাঁটছেন। এটা একনায়কতন্ত্র।'

### শুক্রবার বাতিল দিল্লি বিধানসভার অধিবেশন

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির জেরে বাতিল হয়ে গেল দিল্লি বিধানসভার শুক্রবারের অধিবেশন। দিল্লি বিধান সভার স্পিকার বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়েছেন। এও বলা হয়েছে, আগামী অধিবেশন বসবে ২৭ মার্চ সকাল ১১ টায়।

উল্লেখ্য, লোকসভা ভোটের মুখে দিল্লির আবগারি দুর্নীতি মামলায় বৃহস্পতিবার রাতে ইডির হাতে গ্রেফতার হয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। প্রসঙ্গত, বৃহস্পতিবারই কেজরিওয়ালকে অন্তর্বর্তীকালীন সুরক্ষা দিতে অস্বীকার করেছিল দিল্লি হাইকোর্ট। আর তারপরেই বৃহস্পতিবার রাতে আশঙ্কা সত্যি করে ইডির হাতে গ্রেফতার হন দিল্লির মুখ্যমন্ত্রী।

## বিশ্বজয়ী অ্যাডাম জাম্পার পরিবর্ত হিসেবে বড় চমক দিল রাজস্থান রয়্যালস

জয়পুর, ২২ মার্চ (হি.স.) : আইপিএল শুরুর ২৪ ঘণ্টা আগে বৃহস্পতিবারই আইপিএল থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন অস্ট্রেলিয়ার তারকা স্পিনার অ্যাডাম জাম্পা। শুক্রবার বিশ্বজয়ী অ্যাডাম জাম্পার পরিবর্ত হিসেবে বড় চমক দিল রাজস্থান রয়্যালস। তাঁরা অ্যাডাম জাম্পার পরিবর্তে নিল রঞ্জি ট্রফি জয়ী মুম্বইয়ের সদস্য তনুষ কোটিয়ানকে। সম্প্রতি মুম্বইকে রঞ্জি জেতাতে তনুষ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। ২০ লক্ষ টাকা বেস প্রাইসে তাঁকে নিল সঞ্জু স্যামসনের রাজস্থান। তিনি মুম্বইয়ের হয়ে ২৬টি প্রথম শ্রেণির ম্যাচে, ২৩টি টি-২০ এবং ১৯টি লিস্ট এ-র ম্যাচ খেলেছেন। এবারের রঞ্জি ট্রফির কোয়ার্টার ফাইনালে ১০ নম্বরে নেমে সেঞ্চুরি করে রেকর্ড গড়েছিলেন তনুষ।

# কাজের সন্ধান

## সাব-ইন্সপেক্টর নিয়োগ ঃ অনলাইনে আবেদন, আগরতলায় পরীক্ষা

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** যোগ্যতা গ্র্যাজুয়েট। বিএ, বিএসসি, বিকম, বিবিএ ইত্যাদি স্নাতক পাশ হলে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এককথায়, বিএসএফ, সিআরপিএফ ইত্যাদি কেন্দ্রীয় পুলিশে প্রায় পাঁচ হাজার সাব-ইন্সপেক্টর নিয়োগ করা হবে। এই মুহূর্তে ৪,১৮৭ শূন্যপদ পূরণের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভপুলিশ ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডারপুলিশ, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্রসীমাবল এবং দিল্লিপুলিশে সাব-ইন্সপেক্টর পদে ৪,১৮৭ জন তরুণ-তরুণী নিচ্ছে। মহিলারাও আবেদন করতে পারেন। পাঁচটি ফোর্সেই প্রতিটি বাহিনীতেই মহিলাদের জন্য নির্দিষ্ট কোটা রয়েছে। প্রার্থিবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। রিক্রুটমেন্ট অফ সাব-ইন্সপেক্টর ইন দিল্লি পুলিশ, সিএপিএফ অ্যান্ড অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর ইন সিআইএসএফ এক্সামিনেশন-২০২৪ পরীক্ষার মাধ্যমে।

আবেদন করতে হবে কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। আবেদন করা যাবে ২৮ মার্চ রাত ১১টার মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি থাকতে হবে। আবেদন করবেন দুটি পার্টে। পার্ট-ওয়ানে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। সাবমিট করার আগে নিজের দেওয়া যাবতীয় তথ্য ভালভাবে দেখে নেবেন। এটি পরে আর পরিবর্তন করা যাবে না। সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বরটি ভাল করে লিখে রাখবেন। এবার ওপরের ওয়েবসাইট থেকে চালান ডাউনলোড করবেন। ডাউনলোড করা চালানের মাধ্যমে নির্ধারিত ফি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনও শাখায় জমা দেবেন। নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে ফি-তে ছাড় রয়েছে, তবে অনলাইনে আবেদনের যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। আবেদনের ফি দেওয়ার তথ্য এবং পার্ট-ওয়ানের রেজিস্ট্রেশন নম্বর ছাড়া পার্ট-টুয়ের রেজিস্ট্রেশন করা যাবে না। পার্ট-টুয়ের রেজিস্ট্রেশন করতে বসার আগে নিজের ফটো (৮ বিট, জেপিজি ফর্ম্যাটে) এবং সই (৮ বিট, জেপিজি ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন। ফটোর ক্ষেত্রে ৪-১২ কেবি এবং ১০০ বাই ১২০ পিক্সেলের মধ্যে এবং সই ১-১২ কেবি এবং ১৪০ বাই ৬০ পিক্সেলের মধ্যে হতে হবে। দরখাস্ত পূরণ বা সাবমিশনের ব্যাপারে তাঁদের রিজিওনাল অফিসে যোগাযোগ করতে পারেন। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্তপাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফিপাঠানো, লিখিতপরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডে খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্অ্যাপ নম্বরে। ত্রিপুরার প্রার্থীরাও পরীক্ষা দিতে পারবেন আগরতলায় (রেজেন্স- ৫৫০১)। এছাড়া উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য পরীক্ষা কেন্দ্র ও কোডনং হলোঃ গুয়াহাটি (দিশপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২), চূড়াচাঁদপুর (৫৫০২)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর-(৩) / ১/২০২৩ - পি এন্ড পি-টু।

সাব-ইন্সপেক্টর শূন্যপদের বিভাজনগুলি হল: ক্রমিক(এ)ঃ দিল্লিপুলিশে সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পুরুষ পদে মোট শূন্যপদ ১২৫টি। এর মধ্যে অসংরক্ষিত ৫৬, ইডব্লিওএস ১৩, ওবিসি ৩০, এসসি ১৭, এসটি ৯টি। ক্রমিক (বি) ঃ দিল্লি পুলিশে সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) মহিলা পদে মোট শূন্যপদ ৬১টি। এর মধ্যে অসংরক্ষিত ২৮, ইডব্লিওএস ৬, ওবিসি ১৫, এসসি ৮, এসটি ৪টি। ক্রমিক (সি) ঃ কেন্দ্রীয় আর্মড পুলিশ ফোর্সে সাব-ইনস্পেক্টর (জিডি) পদে মোট শূন্যপদ ৪০০১টি। এরমধ্যে থেকে পুরুষ: ৩৬৯৩টি (অসংরক্ষিত ১৪৯৩, ইডব্লিওএস ৩৭১, ওবিসি ১০১০, এসসি ৫৪৭, এসটি ২৭২)। মহিলাঃ ৩০৮টি (অসংরক্ষিত ১২১, ইডব্লিওএস ৩১, ওবিসি ৮৭, এসসি ৪৬, এসটি ২৩)। বিশেষ করে এর মধ্যে : সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স বা সিআরপিএফ-এ : মোট শূন্যপদ ১১৭২টি। এরমধ্যে থেকে পুরুষ: ১১১৩টি (অসংরক্ষিত ৪৫১, ইডব্লিওএস ১১১, ওবিসি ৩০১, এসসি ১৬৭, এসটি ৮৩)। মহিলাঃ ৫৯টি (অসংরক্ষিত ২৪, ইডব্লিওএস ৬, ওবিসি ১৬, এসসি ৯, এসটি ৪)। বর্ডার সিকিউরিটি ফোর্স বা বিএসএফ-এ : মোট শূন্যপদ ৮৯২টি। এরমধ্যে থেকে পুরুষ: ৮৪৭টি (অসংরক্ষিত ৩৪২, ইডব্লিওএস ৮৫, ওবিসি ২২৯, এসসি ১২৭, এসটি ৬৪)। মহিলাঃ ৪৫টি (অসংরক্ষিত ১৮, ইডব্লিওএস ৫, ওবিসি ১২, এসসি ৭, এসটি ৩)। ইন্দো-তিব্বত বর্ডার পুলিশ বা আইটিবিপি-তে : মোট শূন্যপদ ২৭৮টি। এরমধ্যে থেকে পুরুষ: ২৩৭টি (অসংরক্ষিত ৮১, ইডব্লিওএস ২৫, ওবিসি ৮৩, এসসি ৩৫, এসটি ১৩)। মহিলাঃ ৪১টি (অসংরক্ষিত ১৪, ইডব্লিওএস ৪, ওবিসি ১৫, এসসি ৬, এসটি ২)। সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স বা সিআইএসএফ-এ : মোট শূন্যপদ ১৫৯৭টি। এরমধ্যে থেকে পুরুষঃ ১৪৩৭টি (অসংরক্ষিত ৫৮৩, ইডব্লিওএস ১৪৪, ওবিসি ৩৮৮, এসসি ২১৫, এসটি ১০৭)। মহিলাঃ ১৩০টি (অসংরক্ষিত ৬৫, ইডব্লিওএস ১৬, ওবিসি ৩৫, এসসি ২৪, এসটি ১২)। সশস্ত্র সীমা বল বা এসএসবি-তে: মোট শূন্যপদ ৬২টি। এরমধ্যে থেকে পুরুষঃ ৫৯টি (অসংরক্ষিত ৩৩, ইডব্লিওএস ৬, ওবিসি ৯, এসসি ৬, এসটি ৫)। মহিলাঃ ৩টি (ওবিসি ১, এসটি ২)।

সবপদের ক্ষেত্রেই যে কোনও শাখার গ্র্যাজুয়েট বা স্নাতকরা আবেদন করতে পারেন। বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য)। দিল্লি পুলিশের সাব-ইনস্পেক্টর পদের পুরুষ প্রার্থীদের লাইট মোটর ভেহিকল চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-৮-২০২৪ তারিখের হিসেবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলি প্রভৃতিরা ৫ বছর, ওবিসিরা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মে বয়সের ছাড় পাবেন। শারীরিক মাপজোক হতে হবে পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৭০ (তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ ও পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৭ ও ৮২ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ (তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ ও পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫) সেমি। সবক্ষেত্রেই ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সবক্ষেত্রেই দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬ এবং ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তীর্যক চাউনি থাকলে আবেদন করবেন না। রং চেনার উচ্চ ক্ষমতা থাকা দরকার। মূল মাইনে পে মেট্রিক্স লেভেল ৬ অনুযায়ী ৩৫,৪০০ থেকে ১,১২,৪০০ টাকা। সঙ্গে কেন্দ্রীয় পুলিশ নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতা সমূহও রয়েছে।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোকের পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা হবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েজ ভিত্তিকে। দুটি পেপারে পরীক্ষা হবে। পেপার-ওয়ানের পরীক্ষা শুরু হবে অক্টোবর থেকে। দিনক্ষণ কল লেটারে জানানো হবে। ২০০ নম্বরের পরীক্ষা, সময় পাবেন ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষার বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

## বহিঃরাজ্যে পুলিশে মাধ্যমিক পাশদের চাকরি ত্রিপুরা থেকে অনলাইনে দরখাস্তের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** বহিঃরাজ্যে বিশেষ করে পশ্চিমবঙ্গে পুলিশ প্রশাসনে কনস্টেবল, লেডি কনস্টেবল পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। মোটকথা, বহিঃরাজ্যে পুরুষ ও মহিলা কনস্টেবল পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭৩৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মার্চ, র‍্যালী/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, বিভিন্ন থানা-ফাঁড়িতে কনস্টেবল পদে ৩,৭৩৪ জন তরুন-তরুনী নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। প্রার্থিবাছাই করবেন পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড, লিখিত ও শারীরিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন থানা, ফাঁড়িতে নিয়োগ করা হবে। ত্রিপুরার অধিকাংশ প্রার্থীদের মাতৃভাষা বাংলা, তাই তাঁরা বাড়তি সুবিধা পাবেন। প্রশ্নপত্রেও বাংলা মাধ্যমের সুবিধা থাকবে। পশ্চিমবঙ্গ ছাড়া অন্য রাজ্যের তফশিলি প্রভৃতি, সংখ্যালঘু প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে গণ্য হবেন অর্থাৎ ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কোনও প্রার্থীরাই আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ০১-০১-২০২৪ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি প্রার্থীরা সাধারণতঃ যেমন বয়সের ছাড় পেয়ে থাকেন, এক্ষেত্রে তারা তা পাবেন না, আবেদন করতে হবে সাধারণ প্রার্থী হিসেবে।

মোট শূন্যপদের সংখ্যা ৩,৭৩৪টি হলেও ক্যাটাগরি-ভেদে তার নির্দিষ্ট বিভাজন রয়েছে। বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী শূন্যপদের বিবরণ ও বিন্যাস বোর্ডের ওয়েবসাইটে বিস্তারিত জানানো হয়েছে। যোগ্যতা - কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন অন্তত পক্ষে মাধ্যমিকপাশ। এক্ষেত্রে অতিরিক্ত কোনও যোগ্যতার প্রয়োজন নেই, উচ্চশিক্ষিতরাও আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় পড়তে, লিখতে এবং কথা বলতে পাড়লে অগ্রাধিকার পাবেন, কেননা লিখিত পরীক্ষা যে হবে এতেও ইংরেজির পাশাপাশি প্রতিটি প্রশ্নের বাংলায় অনুবাদ করা থাকবে। বয়স হতে হবে ১-১-২০২৪ তারিখের হিসেবে কনস্টেবল পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পশ্চিমবঙ্গের তফশিলি প্রভৃতি প্রার্থীরা ৫ বছর, ওবিসি প্রার্থীরা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ৫ বছর ছাড় পেলেও অন্যান্য রাজ্যের বাসিন্দা হিসেবে এই ছাড় পাবেন না। অর্থাৎ ১৮-৩০ বছর বয়সী ত্রিপুরার যে-কোনও (এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল/ প্রতিবন্ধী) প্রার্থীরা আবেদন করতে পারেন। মূল মাইনে দেওয়া হবে সরকারি স্থায়ী বেতনক্রম পে ম্যাট্রিক্সের নির্দিষ্ট স্কেল অনুযায়ী।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। কনস্টেবল পদের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে লিখিত পরীক্ষা নেওয়া হবে ৮৫ নম্বরের, সময় এক ঘন্টা। প্রশ্নপত্র ইংরেজির পাশাপাশি বাংলায় অনুবাদ করা থাকবে। পরীক্ষার দিনক্ষণ ও স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। তবে পশ্চিমবঙ্গের বাইরে কোনও পরীক্ষা কেন্দ্র থাকবে না। অর্থাৎ ত্রিপুরা সহ যে-কোনও রাজ্যের প্রার্থীদের পরীক্ষা দিতে হবে — কলকাতা নর্থ, কলকাতা সাউথ, সল্টলেক সহ বাঁকুড়া, বর্ধমান, বীরভূম, দার্জিলিং, হাওড়া, হুগলি, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদিয়া, পুরুলিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর ইত্যাদি নিজ নিজ পছন্দের কেন্দ্রে গিয়ে। আপনার পছন্দের কেন্দ্রের কথা অনলাইনে আবেদন করার সময় জানিয়ে দিতে হবে। প্রয়োজনে পরীক্ষাকেন্দ্র পরিবর্তনও হতে পারে।

দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে লগ অন করে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

দরখাস্ত করবেন অনলাইন, তথ্যমিত্র কেন্দ্র মারফৎ অথবা অফলাইনে। ত্রিপুরার প্রার্থীদের জন্য অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধাই রয়েছে। ফি চালান (যেক্ষেত্রে প্রযোজ্য) অনুযায়ী নির্ধারিত ফি ও ব্যাঙ্কিং কমিশন দেবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। অনলাইনে আবেদনের শেষ তারিখ ২৯ মার্চ। প্রথমে ফটো ও সই একত্রে স্ক্যান করে নেবেন, নির্দিষ্ট নিয়ম অনুযায়ী, এরপর নির্দিষ্ট ওয়েবসাইটে লগ অন করে ফটো ও সই আপলোড করে অনলাইন ফর্ম পূরণ করবেন। পূরণ করা দরখাস্ত সাবমিট করলে রেজিস্ট্রেশন নম্বর সহ একটি রসিদ পাবেন। এটির একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলো কোথাও পাঠাতে হবে না, তবে নিজের কাছে রেখে দেবেন, পরীক্ষার সময় দেখানোর জন্য নিয়ে যেতে হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **নার্সিং অফিসার (কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৯৩০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি নার্সিং পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **পি.এ (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৩২৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেনি অফিসার, ট্রেনি ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় শক্তি মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২৮০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার, ডেপুটি ম্যানেজার (এনবিসিসি),**
শূন্যপদ ঃ ১০৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **নন-এক্সিকিউটিভ (শিপ-ইয়ার্ড),**
শূন্যপদ ঃ ১০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এস.আই. (সেন্ট্রাল পুলিশ, দিল্লি পুলিশ),**
শূন্যপদ ঃ ৪১৮৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য)
বয়স ঃ ২০-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ মার্চ,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৯, ১০ ও ১৩ মে, কেন্দ্র আগরতলা,
বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **পুরুষ ও মহিলা কনস্টেবল (বহিঃরাজ্য)**
শূন্যপদ ঃ ৩৭৩৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মার্চ,
র‍্যালী/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেনি ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় শক্তি মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **নার্সিং অফিসার (কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক),**
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ১৯৩০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৫৪টি শহরে,
তারিখ ৭ জুলাই, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় সরকারের অধীনে)**,
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ৩২৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য)
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৫৪টি শহরে,
তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ল্যাব টেকনেশিয়ান, ওটি টেকনেশিয়ান (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, আইটিআই, এমএ পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ,
সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **জুনিয়র ক্লার্ক (কো-অপারেটিভ ব্যাঙ্ক, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ২৩২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ মার্চ,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৪৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ এপ্রিল,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

## ইউপিএসসি-র সাইটে দরখাস্ত পাঠিয়ে ইএসআইসি-তে ১৯৩০ নার্সিং অফিসার

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** অনলাইনে দরখাস্ত পাঠিয়ে কেন্দ্রীয় সরকারের অধীনে নার্সিং অফিসার পদে চাকরির সুযোগ রয়েছে। মোট কথা, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের অধীনে বিশেষ করে ইএসআইসি-তে নার্সিং অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ১৯৩০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৫৪টি শহরে, তারিখ ৭ জুলাই, কল লেটারে বিস্তারিত জানানো হবে। এছাড়া, বিজ্ঞপ্তিতে বাড়তি কিছু সুবিধার কথাও উল্লেখ রয়েছে। যেমন — (১) পরীক্ষা নেওয়া হবে অফলাইন পদ্ধতিতে, অর্থাৎ ওএমআর শীটের মাধ্যমে লিখিত উপায়ে। (২) ত্রিপুরার প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষা কেন্দ্র হবে আগরতলায়। পদের নাম নাসিং অফিসার। চাকরি হবে কেন্দ্রীয় সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স কর্পোরেশনের অধীনে। এগুলো কেন্দ্রীয় সরকারের অধীনে চাকরি।

কেন্দ্রীয় সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স কর্পোরেশন বা ইএসআইসি-র অধীনে নার্সিং অফিসার পদে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২৭-০৩-২০২৪-এর হিসেবে ১৮ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩৩ বছর, শারীরিক প্রতিবন্ধীদের ৪০ বছর। বয়সের ছাড় সংক্রান্ত বিশদ বিবরণ দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে।

প্রার্থীবাছাই হবে ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। পরীক্ষা হবে লিখিত আকারে। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র আগরতলায়। তবে এর জন্য যত আগে সম্ভব অনলাইনে দরখাস্ত করে নিতে হবে। অন্যথায় শিলং, গুয়াহাটি বা কলকাতায় গিয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষা নেওয়া হবে ৭ জুলাইয়ে। তবে এর আগে কল লেটারে বিস্তারিত জানানো হবে। পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত যাবতীয় তথ্য জানানো হবে কললেটারের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ১৫ দিন আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনও চিঠি পাঠানো হবে না। পূর্ব ভারত সহ অন্যান্য পরীক্ষাকেন্দ্রের নাম ও কোড নম্বর জানতে পারেন এঁদের ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন কেবলমাত্র এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ২৭ মার্চের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৭ মার্চ। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। নিজের পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে, (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, সইয়ের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, অনলাইন মুডে প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। এক্ষেত্রে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট এবং রিসিপ্ট কপি নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। সাক্ষাৎকারের দিন কললেটার ছাড়াও লাগবে ছবিওলা পরিচিতি-প্রমান ইত্যাদি। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং - ৫২/২০২৪। তারিখ ২৭-০২-২০২৪।

শূন্যপদগুলো হলো ঃ—
(১) পদের নাম ঃ **নার্সিং অফিসার।** শূন্যপদের সংখ্যা - ১৯৩০টি। এর মধ্যে ৮৯২টি পদ অসংরক্ষিত । অর্থাৎ জেনারেল/ এসসি/ এসটি/ ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। এছাড়া, ২৩৫টি পদ তফশিলি জাতিভুক্ত, ১৬৪টি পদ তফশিলি উপজাতিভুক্ত, ৪৪৬টি পদ ওবিসি প্রার্থীর জন্য এবং ১৯৩টি পদ ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত। সামগ্রিক হিসেবে ১৬৮টি পদ রয়েছে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য। শিক্ষাগত যোগ্যতা - ঃ বিএসসি নার্সিং পাশ হতে হবে। জিএনএম ডিপ্লোমা পাশ সঙ্গে এক বছরের নির্দিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে। বয়স ঃ ২৭-০৩-২০২৪ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছর, এসসি/এসটি-দের জন্য ৫ বছর, ওবিসি'র জন্য ৩ বছর এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়সের উর্ধ্বসীমায় ১০ বছরের শিথিলতা রয়েছে। মুল মাইনে ঃ ৭ম পে কমিশন অনুযায়ী পে-মেট্রিক্স লেভেল ৭ অনুসারে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র আগরতলায়। তবে এর জন্য যত আগে সম্ভব অনলাইনে দরখাস্ত করে নিতে হবে। "ফার্স্ট এপ্লাই, ফার্স্ট অ্যালট" পদ্ধতিতে। অন্যথায় শিলং, গুয়াহাটি বা কলকাতায় গিয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষা নেওয়া হবে ৭ জুলাইয়ে। তবে এর আগে কল লেটারে বিস্তারিত জানানো হবে। পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত যাবতীয় তথ্য জানানো হবে কললেটারের মাধ্যমে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে ?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**
* কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীনে **ট্রেনি অফিসার, ট্রেনি ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৮০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে।
* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।
* কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের অধীনে **নার্সিং অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৯৩০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি নার্সিং পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। * কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩২৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। * এনবিসিসি-তে **ম্যানেজার, ডেপুটি ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।
* শিপ-ইয়ার্ডে **নন-এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।
* সেন্ট্রাল পুলিশ ও দিল্লি পুলিশে **এস.আই.** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪১৮৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য), বয়স ঃ ২০-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ মার্চ, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৯, ১০ ও ১৩ মে, কেন্দ্র আগরতলা, বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* বহিঃরাজ্যে **পুরুষ ও মহিলা কনস্টেবল** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭৩৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মার্চ, র‍্যালী/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।
* কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীনে **ট্রেনি ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে। * কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের অধীনে **নার্সিং অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ১৯৩০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৫৪টি শহরে, তারিখ ৭ জুলাই, কল লেটারে বিস্তারিত জানানো হবে।
* কেন্দ্রীয় সরকারের অধীনে **পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ৩২৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য), বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৫৪টি শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।
* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **ল্যাব টেকনেশিয়ান, ওটি টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, আইটিআই, এমএ পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ মার্চ, সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।
* বহিঃরাজ্যে কো-অপারেটিভ ব্যাঙ্কে **জুনিয়র ক্লার্ক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৩২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ মার্চ, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।
* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ এপ্রিল, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

# ধৃত সরকারি কর্তাদের বিচার শুরুর অনুমতি, মুখ্যসচিবকে নোটিস হাই কোর্টের

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : নিয়োগ ‘দুর্নীতি’ মামলায় ধৃত সরকারি পদে থাকা ব্যক্তিদের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করতে প্রয়োজন রাজ্য সরকারের অনুমোদন। কিন্তু সিবিআইয়ের অভিযোগ, এখনও পর্যন্ত তারা কোনও অনুমোদন পায়নি।

শুক্রবার জামিন সংক্রান্ত মামলায় প্রশ্নের মুখে পড়ে রাজ্য। অনুমোদন দেওয়ার ব্যাপারে সরকারের অবস্থান কী, জানতে রাজ্যের মুখ্যসচিবকে নোটিস জারি করে কলকাতা হাই কোর্ট।

শুক্রবার রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, সুবীরেশ ভট্টাচার্য, কল্যাণময় গঙ্গোপাধ্যায় এবং অশোককুমার সাহার জামিনের মামলার শুনানি ছিল। বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চে সেই মামলার শুনানিতেই রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলে সিবিআই।

সিবিআই-এর বক্তব্য, ২০২২ সালে শেষের দিকে সুবীরেশ ভট্টাচার্য, অশোককুমার সাহাদের মতো সরকারি আধিকারিকের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করতে চেয়ে সরকারের অনুমোদন চাওয়া হয়েছিল। কিন্তু অনুমোদন মেলেনি।

সিবিআই আরও জানায়, তদন্ত প্রায় শেষ। নিম্ন আদালতে বিচারপ্রক্রিয়া শুরু করা যাচ্ছে না। যে হেতু সরকারের অনুমোদন মেলেনি, তাই সরকারি আধিকারিকদের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, নিয়ম অনুযায়ী যদি কোনও মন্ত্রীর বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করতে হয়, তবে রাজ্যপালের অনুমোদনের প্রয়োজন। আর সরকারি আধিকারিকদের ক্ষেত্রে মুখ্যসচিবের অনুমোদনের দরকার। নিয়োগ মামলায় পার্থবাবুদের ক্ষেত্রে সেই অনুমতি মিলেছে। কিন্তু সুবীরেশবাবুদের জন্য প্রয়োজনীয় অনুমোদন মেলেনি বলেই দাবি সিবিআইয়ের।

শুক্রবারের শুনানিতে হাই কোর্ট একাধিক বিষয় তুলে ধরে। বিচারপতি বাগচী মন্তব্য করেন, “উচ্চ পর্যায়ের প্রতিষ্ঠানে এই ধরনের দুর্নীতির অভিযোগ উঠলে সেটা আইনের এবং জনগণের বিশ্বাসের উপর ভয়ঙ্কর প্রভাব ফেলে।” তিনি আরও বলেন, “আর্থিক দুর্নীতির গুরুত্ব শুধুমাত্র সাজার মেয়াদ থেকে বোঝা যায় না।

প্রশাসনিক ব্যবস্থা, মানুষের আস্থা এবং সমাজের ওপর এর একটা সুদূরপ্রসারী প্রভাব আছে।”

তার পরই বিচারপতির মন্তব্য, “সৎ সরকারি আধিকারিকদের তদন্তের নামে হয়রানি থেকে রক্ষা করার জন্যই অনুমতি গ্রহণের এই নিয়ম বা আইন রয়েছে। কিন্তু যেখানে আদালতের নির্দেশে বা নজরদারিতে তদন্ত হচ্ছে, সেখানে সেই তদন্ত হয়রানির জন্য করা হচ্ছে প্রাথমিকভাবে সেটা বলা যায় না। অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া একটা স্বয়ংক্রিয় পদ্ধতি। এতে দেরি হওয়াটা দুঃখের বিষয়।”কেন এখনও অনুমতি দেওয়া হল না, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন বিচারপতি বাগচী। অনুমতি দিতে কত সময় লাগবে, কোন ক্ষেত্রে অনুমোদন দিতে দেরি হচ্ছে তা সবই আদালতে জানাতে হবে মুখ্যসচিবকে। আগামী ৩ এপ্রিল এই মামলার পরবর্তী শুনানি রয়েছে। সেই শুনানিতেই মুখ্যসচিবকে অনুমোদন সংক্রান্ত বিষয়টি জানানোর নির্দেশ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, সিবিআই চার্জশিট দিলেও রাজ্য সরকার দুর্নীতি দমন আইনের ধারার ব্যাপারে অনুমতি না দেওয়ায় নিম্ন আদালতে চার্জ গঠন করা যাচ্ছে না বলে বার বার অভিযোগ উঠেছে। যদিও রাজ্যের তরফে যুক্তি ছিল, আদালতের নির্দেশে তদন্ত হওয়ায় রাজ্যের অনুমোদনের প্রয়োজন নেই। অভিযোগ, সে কথা রাজ্যের তরফে কোর্টে লিখিত ভাবে কখনও বলা হয়নি।

## মালয়েশিয়াও করতে চাইছে না কমনওয়েলথ গেমসের আয়োজন

কুয়ালালামপুর, ২২ মার্চ (হি.স.) : অস্ট্রেলিয়াও এর আগে ২০২৬ সালের কমনওয়েলথ গেমসের আয়োজন করতে চাইনি। অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়ায় এই গেমস হওয়ার কথা ছিল। এবার মালয়েশিয়াও এই গেমস আয়োজনের প্রস্তাব ফিরিয়ে দিল। শুক্রবার খরচের কথা বিবেচনা করে কমনওয়েলথ গেমস আয়োজনের প্রস্তাব ফিরিয়ে দিয়েছে মালয়েশিয়া। বিষয়টি নিশ্চিত করেছেন দেশটির যুব ও ক্রীড়ামন্ত্রী হান্নাহ ইয়েহ। ক্রীড়ামন্ত্রী বলেন, গতবার থেকে এবার খরচ ৩ গুণ বৃদ্ধি পেয়েছে। তাই আমরা ২০২৬ সালের কমনওয়েলথ গেমসের আয়োজনের সিদ্ধান্ত থেকে সরে এসেছি।’

## আগামীকাল ইডেনে আইপিএল অভিযান শুরু কেকেআর আর হায়দরাবাদের

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : আগামীকাল শনিবার ইডেন গার্ডেনে অর্থাৎ নিজেদের ঘরের মাঠে আইপিএলের প্রথম ম্যাচ খেলতে নামছে কলকাতা নাইট রাইডার্স।তাঁদের প্রতিপক্ষ সানরাইজার্স হায়দরাবাদ। আগামীকাল আইপিএলের ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ দামি ক্রিকেটার প্যাট কামিন্স যাকে সানরাইজ হায়দরাবাদ কিনেছে ২০ কোটি ৫০ লক্ষ টাকায়। আর অস্ট্রেলিয়ার বিশ্বকাপজয়ী এই তারকাকে অধিনায়কও করেছে হায়দরাবাদ। অন্যদিকে আইপিএলের ইতিহাসে সর্বোচ্চ দামি ক্রিকেটার মিচেল স্টার্ককে ২৪ কোটি ৭৫ লক্ষ টাকায় কিনেছে কলকাতা নাইট রাইডার্স। আইপিএলের ইতিহাসে দুই সর্বোচ্চ দামের ক্রিকেটারের লড়াই দেখা যাবে শনিবার ইডেন গার্ডেন্সে। কেকেআরের বিরুদ্ধে নামার আগে হায়দরাবাদের এক্স হ্যান্ডলে একটি ভিডিয়োতে কামিন্স নিজেদের পরিকল্পনার কথা বলতে গিয়ে বলেছেন, “পরিকল্পনা হয়ে গিয়েছে। আমরা প্রথম থেকেই ভাল শুরু করতে চাইছি। তবে কলকাতা ঘরের মাঠে ভাল দল। ওদের হারাতে গেলে আমাদের মারমুখী ক্রিকেট খেলতে হবে। আমরা ছেলেদের সেটাই বলেছি।”

## তৃতীয় দফায় বৃদ্ধি পেল কলকাতা দক্ষিণের নির্বাচনী কমিটির সদস্য সংখ্যা

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : কলকাতা দক্ষিণ কেন্দ্রের নির্বাচনী কমিটিতে সব কাউন্সিলরকেই যুক্ত করা হল। ওই কেন্দ্রের অধীনে যে ক’টি পুরসভা রয়েছে, সেগুলির কাউন্সিলররা দলের নির্বাচনী কমিটির অন্তর্ভুক্ত হবেন। শুক্রবার সকালে নতুন তালিকায় সে কথা জানানো হয়েছে। এর আগে দু’দিনে দ্বিতীয়বার পেশ করা হয়েছে এই কমিটির সদস্যসংখ্যা।

কলকাতা দক্ষিণের নির্বাচনী কমিটির সদস্যদের নামের তালিকা প্রথমে ১২ জনের নাম প্রকাশ করেছিলেন তৃণমূলের জেলা নেতৃত্ব। এর পর তাতে ১১৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তারক সিংহের নাম যোগ করে নতুন তালিকা প্রকাশ করা হয়। তার পরে দেখা যায়, ওই তালিকাতেই আরও দু’জনের নাম যোগ করেছে তৃণমূল। তাতে রয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাই কার্তিক বন্দ্যোপাধ্যায়ের নামও। ১৫ জনের এই তালিকা প্রকাশের পরেও বিতর্ক থামেনি। তাই শুক্রবার সকালে নতুন তালিকায় একটি বাড়তি লাইন জুড়ে দিয়েছেন জেলা নেতৃত্ব। লেখা হয়েছে, “তৃণমূলের সকল কাউন্সিলরই নির্বাচনী কমিটির সদস্য।”

## কেজরীর গ্রেফতারিতে অভিযোগ, নির্বাচন কমিশনে ‘ইন্ডিয়া’র প্রতিনিধিরা

নয়াদিল্লি, ২২ মার্চ (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়ালের গ্রেফতারির প্রতিবাদ ও অভিযোগ জানাতে শুক্রবার নির্বাচন কমিশনে যাচ্ছে ‘ইন্ডিয়া’র প্রতিনিধি দল।ওই প্রতিনিধিদলে তৃণমূলের দুই সদস্যও থাকছেন। এ কথা জানিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়এক্স হ্যান্ডলে লিখেছেন, “আমাদের ‘ইন্ডিয়া’র সদস্যেরা শুক্রবার নির্বাচন কমিশনের সঙ্গে দেখা করবেন এবং আদর্শ আচরণবিধি প্রযুক্ত থাকার সময়ে বিরোধী নেতাদের এ ভাবে ‘টার্গেট’ করার বিরোধিতা করবেন। কমিশনের সঙ্গে বৈঠকে ‘ইন্ডিয়া’র প্রতিনিধি দলে তৃণমূলের তরফে থাকবেন ডেরেক ও’ব্রায়েন এবং নাদিমুল হক।”উল্লেখ্য, আবগারি ‘দুর্নীতি’ মামলায় বৃহস্পতিবার রাতে দিল্লির মুখ্যমন্ত্রীকে গ্রেফতার করেছে ইডি। এর আগে এই মামলায় তিনি পর পর আট বার সমন এড়িয়েছেন। বৃহস্পতিবারও তাঁকে হাজিরা দিতে বলেছিল কেন্দ্রীয় সংস্থা। হাজিরা না দিয়ে কেজরী দিল্লি হাই কোর্টে রক্ষাকবচের আবেদন জানান। তা খারিজ হয়ে যাওয়ার পরেই রাতে মুখ্যমন্ত্রীর বাড়িতে পৌঁছন তদন্তকারীরা। ঘণ্টা দুয়েক বাড়িতে তল্লাশি চালানো হয়। কেজরীকে জিজ্ঞাসাবাদও করে ইডি। তার পর রাতেই তাঁকে গ্রেফতার করে নিয়ে যাওয়া হয়। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে কেজরীর বাসভবনের সামনে জারি করা হয় ১৪৪ ধারা।

## টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে হলে আইপিএলে পারফর্ম করতে হবে : ল্যাঙ্গার

লখনউ, ২২ মার্চ (হি.স.) : শুক্রবার থেকে শুরু হতে চলা আইপিএলে ল্যাঙ্গারের নতুন অভিজ্ঞতা হতে চলেছে। গত বছর চুক্তির মেয়াদ শেষে ফ্লাওয়ারকে বিদায় জানিয়ে সেই জায়গায় লখনউ সুপার কিংসের প্রধান কোচের দায়িত্ব দেওয়া হয়েছে অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ী কোচ ল্যাঙ্গারকে। অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ী কোচ বলেছেন, ”আইপিএলের এবারের আসরটা খেলোয়াড়দের জন্য গুরুত্বপূর্ণ হতে চলেছে।

কারণ মে মাসের শেষ সপ্তাহে আইপিএলের পর্দা নামবে আর সেই সঙ্গে টি-টোয়েন্টি বিশ্বকাপের পর্দা উঠবে জুনের প্রথম দিকেই। বিশ্বকাপে অংশ নেওয়া দেশগুলোকে আইসিসির কাছে প্রাথমিক স্কোয়াড পাঠাতে হবে মে মাসের প্রথম সপ্তাহে। ক্রিকেট বোর্ডগুলো তাই এবারের আইপিএলে খেলোয়াড়দের পারফরম্যান্সের ওপর ভিত্তি করে বিশ্বকাপ স্কোয়াড দেবে।”

## উদ্বোধনী ম্যাচ, বিশেষ ওপেনিং সেরেমনি দেখবেন কোথায়? রইল সব তথ্য

চেন্নাই, ২২ মার্চ (হি.স.) : কয়েক ঘন্টা বাদেই নতুন ছন্দে শুরু হতে চলেছে ২০২৪-এর আইপিএল যুদ্ধ। জেনে নিন কখন, কীভাবে ও কোথায় দেখবেন আইপিএলের শুরুর ম্যাচ চেন্নাই সুপার কিংস বনাম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর উদ্বোধনী ম্যাচ। সেই সঙ্গে কয়েক ঘন্টা আগে থাকছে বিশেষ ওপেনিং সেরেমনিও। সেই উদ্বোধনীই বা দেখবেন কোথায়? রইল সব তথ্য।

চেন্নাই সুপার কিংস বনাম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর উদ্বোধনী ম্যাচটি হবে চেন্নাইয়ের এমএ চিদাম্বরম স্টেডিয়ামে।

চেন্নাই সুপার কিংস বনাম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর উদ্বোধনী ম্যাচটি শুরু হবে রাত ৮টায়।

আইপিএলের উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে সন্ধে ৬টা ৩০ মিনিট থেকে। ম্যাচের মাঝখানে থাকবে দর্শকদের জন্য বিনোদনের পসরা। সুইডিশ ডিজে অ্যাক্সওয়েল লাইভ পারফর্ম করবেন।

চেন্নাই সুপার কিংস বনাম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর উদ্বোধনী ম্যাচটির লাইভ স্ট্রিমিং দেখা যাবে টিভিতে স্টার স্পোর্টস নেটওয়ার্কে। এছাড়া দর্শকরা জিও সিনেমা অ্যাপ্লিকেশনেও বিনামূল্যে দেখতে পাবেন আইপিএল ম্যাচের লাইভ স্ট্রিমিং।

## বিহার দিবসে রাজ্যের জনগণকে শুভেচ্ছাবার্তা শাহ এবং নাড্ডার

পাটনা, ২২ মার্চ (হি.স.) : বিহার দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা।

স্বরাষ্ট্রমন্ত্রী শাহ বলেন, বিহার দিবসে বিহারের সকল বোন ও ভাইদের শুভেচ্ছা। বিহার জ্ঞান, সাহসিকতা ও ঐতিহাসিক গৌরবময় কাহিনীর কেন্দ্রস্থল। দেশব্যাপী পরিবর্তন, আন্দোলন এবং দেশ গঠনের কাজে সোচ্চার ভূমিকা পালনকারী এই রাজ্যের মানুষ প্রতিটি ক্ষেত্রে তাঁদের মেধা প্রমাণ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এনডিএ সরকার বিহারের সর্বাত্মক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। আমি রাজ্যের জনগণের প্রভূত অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করছি।

বিহার দিবসের শুভেচ্ছা জানিয়ে বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা বলেছেন, ’সংস্কৃতি, সাহসিকতা এবং জ্ঞানের রাজ্য বিহারের প্রতিষ্ঠা দিবসে রাজ্যের সমস্ত মানুষকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। বিহার সবসময় যুগান্তকারী আন্দোলনের মাধ্যমে দেশকে সঠিক দিকনির্দেশনা করেছে। দেশের অগ্রগতিতে বিহারের মেধাবী ও পরিশ্রমী ভাই-বোনদের অবদান অমূল্য।’

## দীর্ঘ দিন পরে আইপিএলে ফিরছেন যাঁরা

কলকাতা, ২২ মার্চ(হি.স.) : শুক্রবার থেকে শুরু হচ্ছে আইপিএল। দীর্ঘদিন আইপিএল খেলেননি এবার এমন ৭জন ক্রিকেটারের প্রত্যাবর্তন হতে চলেছে। এঁরা হলেন :

যশপ্রীত বুমরা : গত বার পিঠের চোটের কারণে আইপিএল খেলতে পারেননি তিনি। চোটের কারণে তাঁর কেরিয়ার নিয়ে একটা সংশয়ও তৈরি হয়েছিল। কিন্তু গত বছর আগস্টে চোট সারিয়ে ফিরে আসার পর বুমরা ইংল্যান্ড সিরিজে দুর্দান্ত বল করেছেন।

ঋষভ পন্থ : ২০২২ সালের ডিসেম্বরে গাড়ি দুর্ঘটনা হওয়ার পর তিনি আর কোনও দিন ক্রিকেট খেলতে পারবেন কিনা এনিয়ে যথেষ্ট সন্দেহ ছিল। তিনি এখন সুস্থ হয়ে আইপিএলের মধ্য দিয়েই ক্রিকেটে ফিরছেন। শুধু তাই নয় আইপিএলে দিল্লির হয়ে নেতৃত্বও দেবেন তিনি।

শ্রেয়স আয়ার : কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক গত বছর পিঠের চোটের কারণে আইপিএল খেলতে পারেননি। তারপরে অস্ত্রোপচার করার পর সুস্থ হয়ে ফিরেও আবার ইংল্যান্ড সিরিজ এবং রঞ্জি ট্রফিতে চোট পেয়েছিলেন। তবে আবার সুস্থ হয়ে এবার আবার আইপিএলে খেলতে চলেছেন নাইট রাইডার্সের হয়ে। তবে ঘরোয়া ক্রিকেটে না খেলার জন্য কেন্দ্রীয় চুক্তি থেকে বাদ পড়েছেন তিনি।

মিচেল স্টার্ক : ২০১৫ সালে শেষবার আইপিএলে খেলেছেন। এবার আবার আইপিএলে ফিরছেন। এবার আইপিএলে প্রায় ২৫ কোটি টাকা দাম নিয়ে অর্থের সব নজির ভেঙে দিয়েছেন।

প্যাট কামিন্স : গত বারের আইপিএলে কেকেআর থেকেও খেলেননি কামিন্স। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ এবং বিশ্বকাপ নিয়ে ব্যস্ত ছিলেন। এবার বড় কোনও প্রতিযোগিতা না থাকায় জন্য আইপিএলে খেলছেন। ২০ কোটি টাকায় হায়দরাবাদে যোগ দিয়েছেন। এবার হায়দরাবাদের অধিনায়কও তিনি।

জনি বেয়ারস্টো : ২০২২-এর সেপ্টেম্বরে পা ভেঙে যাওয়ার পর অস্ত্রোপচার হয়েছিল। খেলতে পারেননি গত বারের আইপিএলে। এবার সুস্থ হয়ে ইংল্যান্ড দলের সঙ্গে ভারত সফরে এসেছিলেন। এবার আইপিএলে খেলবেন পঞ্জাব কিংসের হয়ে। ভারত সফরে এসে আবহাওয়ার সঙ্গে নিজেকে মানিয়ে নিয়েছেন। এবার পুরনো বেয়ারস্টোকে দেখার অপেক্ষায় রয়েছেন সমর্থকেরা।

কেন উইলিয়ামসন : গত বছর প্রথম ম্যাচেই ফিল্ডিং করতে গিয়ে চোট পান। তারফলে আইপিএল থেকেই ছিটকে যান তিনি। এরপর সুস্থ হয়ে ফিরে বিশ্বকাপে খেলেছেন। এবার তিনি পুরো ফিট হয়ে গুজরাতের হয়ে খেলার জন্য তৈরি।

## কেজরিওয়ালের গ্রেফতারিতে যানজট দিল্লির রাস্তায়

নয়াদিল্লি, ২২ মার্চ (হি. স.): কেজরিওয়ালের গ্রেফতারিতে উত্তাল দেশের রাজধানী। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ একগুচ্ছ পদক্ষেপ নেয়। বন্ধ করে দেওয়া হয় বিজেপির সদর দপ্তর এবং ইডির দপ্তরে যাওয়ার রাস্তাগুলি। আপ কর্মী সমর্থকদের বিক্ষোভে ব্যাপক যানজট তৈরি হয় রাজধানী শহরে। আইটিও চক, রাজ ঘাট, বিকাশ মার্গ সহ একাধিক জায়গায় যানজটের কবলে পড়েন নিত্য যাত্রীরা।

বিজেপি এবং আম আদমি পার্টির সদর দফতর দিল্লির দীনদয়াল উপাধ্যায় মার্গে হাওয়ার কারণে, ওই এলাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যাপক হারে পুলিশ মোতায়েন করা হয়েছে। জানা গেছে, এলাকায় জারি করা হয়েছে ১৪৪ ধারা। বিজেপির সদর দফতরের সামনে রয়েছে ত্রিস্তরীয় নিরাপত্তা। এও জানা গেছে, দিল্লির আইটিও মেট্রো স্টেশন শুক্রবার সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বন্ধ থাকবে। ইডি অফিসের দিকে যাওয়ার রাস্তা বন্ধ থাকায় দিল্লি পুলিশ যাত্রীদের কৃষ্ণ মেনন মার্গ, মোতিলাল নেহেরু মার্গ, এপিজে আব্দুল কালাম রোড এড়িয়ে যাওয়ার পরামর্শ দিয়েছে।

আম আদমি পার্টির তরফে অভিযোগ, কেজরিওয়ালের গ্রেফতারির পর তাঁর পরিবারের সদস্যদের গৃহবন্দী করে রাখা হয়েছে। কাউকে দেখা করতে দেওয়াও হচ্ছে না।

## কেজরিওয়ালের মুখোশ পুরোপুরি খুলে গিয়েছে : গিরিরাজ সিং

বেগুসরাই, ২২ মার্চ (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল গ্রেফতার হতেই, তাঁর তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। ইডি-র সমন উপেক্ষা করার জন্যও কেজরিওয়ালকে আক্রমণ করেছেন তিনি। বলেছেন, ’দেশ আইন অনুযায়ী চলে।’ কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং এদিন বিহারের বেগুসরাইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেছেন, ’তাঁকে (অরবিন্দ কেজরিওয়াল) অনেক সমন জারি করা হয়েছিল, তা সত্ত্বেও তিনি হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, কিন্তু আদালত তাঁকে স্বস্তি দেয়নি... কেজরিওয়ালের মুখোশ পুরোপুরি খুলে গিয়েছে। মানুষ তাঁর প্রতি নিজেদের সমর্থন বাড়িয়েছিল, বিনিময়ে তিনি মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন।

## হাইকোর্টের আইনজীবীদের একাংশকে তীব্র ভর্ৎসনা প্রধান বিচারপতির

কলকাতা, ২২ মার্চ, (হি.স.) : আদালতের কাজ শেষ হওয়ার পর আদালতের যেকোনও একটি কক্ষে বৈঠক করতে দিতে হবে! কলকাতা হাইকোর্টের একাংশ আইনজীবীর এমন দাবি শুনে ভরা এজলাসে তাঁদের তীব্র ভর্ৎসনা করলেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম।

বৃহস্পতিবার হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের কাছে সরব হন রাজ্যের বিজেপিপন্থী আইনজীবী সেল। আইনজীবীদের ওই দাবি হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল মানতে চাননি। এর প্রতিবাদে সন্ধ্যায় আইনজীবীদের একাংশ রেজিস্ট্রারের ঘরের সামনে বিক্ষোভও দেখান। এই ঘটনার প্রেক্ষিতে শুক্রবার ভরা এজলাসে ক্ষোভ প্রকাশ করেন হাইকোর্টের প্রধান বিচারপতি। একই সঙ্গে তিনি পরিষ্কারভাবে জানিয়ে দেন, এই ধরনের দাবি দাওয়া ন্যায্য নয়। প্রধান বিচারপতি বলেন, ’বৃহস্পতিবার এজলাসের ভিতরেই মিটিং করার দাবিতে রেজিস্ট্রার জেনারেলের অফিসের কর্মীদের হুমকি দেওয়া হয়েছে। পরশু দিনও ৪০ জন আইনজীবী মিটিং করেছেন। এজলাসের সাধারণ কর্মীদের হুমকি দিয়েছেন, চিৎকার চেঁচামেচি করেছেন। আদালতের মর্যাদা রক্ষা করতে হবে তো। কর্মীরা আইনজীবীদের জন্য কাজ করেন, তারা যদি নিরাপদ মনে না করেন তাহলে কোথায় যাবেন? দুজনের নাম আমি জানতে পেরেছি, বাকিদের নামও পেয়ে যাব।’

## কেজরিওয়ালের গ্রেফতারিতে হস্তক্ষেপ করুক শীর্ষ আদালত, আবেদন শশী থারুরের

তিরুবনন্তপুরম, ২২ মার্চ (হি. স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির ঘটনায় যাতে সুপ্রিম কোর্ট সুয়োমোটো করে তার আবেদন জানালেন কংগ্রেস সাংসদ শশী থারুর। তিনি বলেন, যা ঘটেছে তা গণতন্ত্রের পক্ষে আঘাত। নির্বাচনের ওপর প্রভাব ফেলে এমন যেকোনও বিষয়ে হস্তক্ষেপের অধিকার আছে আদালতের।

উল্লেখ্য, লোকসভা ভোটের মুখে দিল্লির আবগারি দুর্নীতি মামলায় বৃহস্পতিবার রাতে ইডির হাতে গ্রেফতার হয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। প্রসঙ্গত, বৃহস্পতিবারই কেজরিওয়ালকে অন্তর্বর্তীকালীন সুরক্ষা দিতে অস্বীকার করেছিল দিল্লি হাইকোর্ট। আদালত বৃহস্পতিবার বলেছিল, “আমরা অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির বিষয়ে কোনও অন্তর্বর্তীকালীন সুরক্ষা দিতে পারি না।” কেজরিওয়ালের তরফে আদালতকে বলা হয়েছিল যে, তিনি এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের সামনে হাজির হতে প্রস্তুত, তবে তাকে আশ্বস্ত করতে হবে তদন্তকারী সংস্থা তাকে গ্রেফতার করবে না। কিন্তু আদালত কেজরিওয়ালকে অন্তর্বর্তীকালীন সুরক্ষা দিতে অস্বীকার করে। আর বৃহস্পতিবার রাতেই আশঙ্কা সত্যি করে ইডির হাতে গ্রেফতার হন দিল্লির মুখ্যমন্ত্রী।

## হেফাজতে সিআইডি-র হাতে ধৃত এসএসসি-র প্রাক্তন আঞ্চলিক কর্তা

বাঁকুড়া, ২২ মার্চ, (হি.স.): অবশেষে শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় স্কুল সার্ভিস কমিশনের উত্তর ও পশ্চিমাঞ্চলের প্রাক্তন চেয়ারম্যান শেখ সিরাজুদ্দিনকে গ্রেফতার করল সিআইডি। দীর্ঘদিন ”নিখোঁজ” থাকার পর বৃহস্পতিবার সিআইডি তাঁকে গ্রেফতার করে।

শুক্রবার বাঁকুড়া আদালত অভিযুক্তকে পাঁচদিনের সিআইডি হেফাজতের নির্দেশ দেন। সরকারি আইনজীবী রথীনকুমার দে জানান, ধৃতকে সাতদিন হেফাজতে চেয়ে আবেদন জানিয়েছিল সিআইডি। পাঁচদিনের হেফাজতের আবেদন মঞ্জুর করেছে আদালত।

সিআইডির তরফে ভারতীয় দণ্ডবিধির ৪০৬/৪০৯/৪১৭/১২০ বি ধারায় তাঁর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে বলে জানা গেছে।

অভিযোগের ভিত্তিতে এর আগেই শেখ সিরাজুদ্দিনের স্ত্রী জেসমিন খাতুনকে গ্রেফতার করেছিল সিআইডি। বর্তমানে আদালতের নির্দেশে জেল হেফাজতে আছেন জেসমিন।

স্ত্রীকে গ্রেফতার করা হলেও দীর্ঘদিন ধরেই এই মামলার মূল অভিযুক্ত শেখ সিরাজুদ্দিন বেপাত্তা ছিলেন। বিভিন্ন জায়গায় পালিয়ে বেড়ানোয় তাঁকে ধরা যাচ্ছিল না বলে খবর। অবশেষে সিআইডি পাকড়াও করল তাকে।

ইন্দপুরের শালডিহা কলেজের অধ্যক্ষ শেখ সিরাজুদ্দিন স্কুল সার্ভিস কমিশনের উত্তর ও পশ্চিমাঞ্চলের চেয়ারম্যান থাকাকালীন ”প্রভাব খাটিয়ে” স্ত্রী জেসমিন খাতুনকে চাকরি পাইয়ে দিয়েছিলেন বলে অভিযোগ। ২০১৫ সালের স্কুল সার্ভিস কমিশনের ”বাতিল” প্যানেল থেকে ২০১৯ সালের নভেম্বর মাসে ইন্দপুরের ভতড়া শ্রীদুর্গা বিদ্যায়তন হাইস্কুলে জেসমিন খাতুন শিক্ষিকা হিসেবে কাজে যোগ দেন বলে খবর।

## কেজরিওয়ালের গ্রেফতারে সমর্থন জানিয়ে সামাজিক মাধ্যমে সরব প্রণবকন্যা

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : সরাসরি না হলেও পরোক্ষে তিনি এখনও কংগ্রেসের সঙ্গে যুক্ত। দল হিসাবে কংগ্রেস সদ্য গ্রেফতার হওয়া দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের পাশেই দাঁড়িয়েছে। কিন্তু প্রণব মুখোপাধ্যায়ের কন্যা শর্মিষ্ঠা মুখোপাধ্যায় হাঁটলেন সম্পূর্ণ উলটো পথে। অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারিতে তিনি যে উৎফুল্ল, সেটা সোশাল মিডিয়ায় পোস্ট করে বুঝিয়ে দিলেন শর্মিষ্ঠা। স্পষ্ট বলে দিলেন, কর্মফল ভুগতে হবে দিল্লির মুখ্যমন্ত্রীকে।

বৃহস্পতিবার আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার হয়েছেন কেজরি। তার পরই বিরোধীরা প্রতিবাদে মুখর হয়েছেন। একদিকে কেজরির দলের আতিশি বিজেপি ও প্রধানমন্ত্রী মোদীর বিরুদ্ধে চক্রান্তের অভিযোগ তুলেছেন।

অন্যদিকে তৃণমূলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও’ব্রায়েন প্রশ্ন তুললেন, নির্বাচনী প্রক্রিয়া শুরুর পর এই ধরনের ঘটনায় গণতন্ত্রের ভবিষ্যৎ কী হবে। কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধীও এই গ্রেফতারিকে ‘অসাংবিধানিক’ বলে তোপ দেগেছেন।

কিন্তু অন্য বিরোধী নেতা নেত্রীদের উলটো সুরে শর্মিষ্ঠা বলে দিলেন, ”কেজরিওয়াল এবং আন্না হাজারের গ্যাং কংগ্রেসের বিরুদ্ধে সবচেয়ে ভিত্তিহীন, দায়িত্বজ্ঞানহীন এবং আজগুবি সব অভিযোগ তুলেছিল। এমনকী এটাও দাবি করেছিল শীলা দীক্ষিতের বিরুদ্ধে নাকি ট্রাঙ্ক ভর্তি সব প্রমাণ আছে। আজ অবধি সেই ট্রাঙ্ক তো কেউ দেখতে পেল না। কিন্তু কেজরিওয়ালকে কর্মফল ভুগতে হবে।’

## দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির নিন্দা করছি : মাল্লু রবি

হায়দরাবাদ, ২২ মার্চ (হি.স.) : দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির সম্পূর্ণ নিন্দা করছি, শুক্রবার কেজরিওয়ালের গ্রেফতার প্রসঙ্গে একথা বলেন তেলেঙ্গানা রাজ্য সরকারের বিশেষ প্রতিনিধি মাল্লু রবি। তিনি এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, ’আমি দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির সম্পূর্ণ নিন্দা করছি।

তেলেঙ্গানা রাজ্য সরকারের বিশেষ প্রতিনিধি মাল্লু রবি বলেছেন, ’আমি দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারের সম্পূর্ণ নিন্দা করছি। এটি একটি রাজনৈতিক গ্রেফতার, মুখ্যমন্ত্রীর ভুলের কারণে এই গ্রেফতার করা হয়নি। বিজেপি চায় না এএপি দল কোনওভাবেই ”””আইএনডিআই””” জোটের পক্ষে চলে যাক। বিজেপি খুব বড় ভুলই করেছে। ভারতের মানুষ, বিশেষ করে দিল্লির মানুষ গণতন্ত্রকে ভালোবাসে। আর যাঁরা গণতন্ত্রের বিরুদ্ধে কাজ করছে তাঁদের আসন্ন লোকসভা নির্বাচনে শাস্তি দেবে জনগণ।’

## কেজরীর গ্রেফতারির নিন্দা মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ২২ মার্চ (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়ালের গ্রেফতারির নিন্দা করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার মমতা এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে পোস্ট করে গ্রেফতারির নিন্দা করেছেন। জানিয়েছেন, কেজরীর গ্রেফতারির পর তিনি তাঁর স্ত্রী সুনীতাকেও ফোন করেছিলেন। পাশে থাকার বার্তা দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী।

এক্স হ্যান্ডলে মমতা লিখেছেন, “জনগণ নির্বাচিত দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়ালের গ্রেফতারির তীব্র নিন্দা করছি।

## কাঁকসার গোপালপুরে তৃণমূলকর্মী খুনে ধৃত সস্ত্রীক শম্ভু দাস

দুর্গাপুর, ২২ মার্চ (হি.স.) : অবশেষে কাঁকসার গোপালপুর উত্তরপাড়ায় তৃণমূলকর্মী খুনে পুলিশের জালে সস্ত্রীক গ্রেফতার শম্ভু। বৃহস্পতিবার রাতে তাঁকে দুর্গাপুর মুচিপাড়া বাসস্ট্যান্ড এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ। শুক্রবার দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তার জামিন খারিজ করে দেন। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। উল্লেখ্য, কাঁকসার গোপালপুর উত্তরপাড়ায় বুধবার ভোরে পবিত্র বিশ্বাস (২৬) নামে এক যুবক খুন হয়। পরিবারের অভিযোগে শম্ভু দাস

# জেলিয়াখালিতে ভারতী ঘোষের নেতৃত্বে বিজেপি প্রতিনিধিদল

উত্তর ২৪ পরগনা, ২২ মার্চ (হি.স.): ফের উত্তপ্ত বসিরহাটের সন্দেশখালি। জেলিয়াখালি গ্রাম পঞ্চায়েতের লাল কাছারি এলাকায় শুক্রবার দফায় দফায় বিক্ষোভ শুরু করেন এলাকার বাসিন্দারা। স্থানীয় তৃণমূল নেতাদের বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েন তাঁরা।তৃণমূল কংগ্রেসের স্থানীয় নেতাদের বিরুদ্ধে জোর করে জমি দখলের অভিযোগ তুলে সকাল থেকেই মহিলা পুরুষ নির্বিশেষে গ্রামবাসীরা রাস্তায় টায়ার জ্বালিয়ে রাস্তা অবরোধ শুরু করেন। সন্দেশখালি থানার বিশাল পুলিশ বাহিনী পৌঁছে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলেন।ক্ষতিগ্রস্তদের পুলিশের অস্থায়ী ক্যাম্প লিখিত ভাবে অভিযোগ জানতে বলেন পুলিশ আধিকারিকরা। অভিযোগের ভিত্তিতে তদন্ত করে ব্যবস্থা গ্রহণেরও আশ্বাস দেন। তারপরেও ক্ষোভের আগুন জ্বলতে থাকে।গত ৭ মার্চ ভারতী-সহ বিজেপি সাংসদ লকেট চট্টোপাধ্যায় এবং বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের নেতৃত্বাধীন বিজেপির একটি মিছিলকে সন্দেশখালি যেতে বাধা দেওয়া হয়। পরে গ্রেফতারও করা হয় বিজেপি নেত্রীদের। বুধবার ভারতী ঘোষকে সন্দেশখালি যাওয়ার অনুমতি দেয় কলকাতা হাই কোর্ট।

# কোচ খুঁজে পাচ্ছে না পাকিস্তান

করাচি, ২২ মার্চ (হি.স.): পাকিস্তান ক্রিকেট বোর্ড ভালো কোচ খুঁজে পাচ্ছে না। কিছুদিন আগে শেন ওয়াটসন ও ড্যারেন স্যামি না করে দিয়েছেন। এবার তারা গ্যারি কার্স্টেন—এর দ্বারস্থ হয়েছেন। ভারতের ২০১১ সালের এক দিনের বিশ্বকাপজয়ী কোচ ছিলেন কার্স্টেন। তাকে প্রস্তাব দিয়েছে মহসিন নকভির বোর্ড। কার্স্টেনকে প্রস্তাব দেওয়া ছাড়া আরও পাঁচ কোচকে প্রস্তাব দিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড। তাঁরা হলেন জাস্টিন ল্যাঙ্গার, মাইক হেসন, ম্যাথু হেডেন, অইন মরগ্যান ও ফিল সিমন্স।সামনে টি-টোয়েন্টি বিশ্বকাপ। আর আগামী বছর চ্যাম্পিয়ন্স ট্রফি। সেই কারণেই তাড়াতাড়ি বাবরদের বিদেশি কোচ নিযুক্ত করতে চাইছেন নকভি।

## নাবালক

● প্রথম পাতার পর

শরণাপন্ন হয়েছিলেন ছেলেকে ফিরে পাওয়ার জন্য। অবশেষে দীর্ঘ খোঁজাখুঁজির পর তাকে আজ উদ্ধার করা হয়েছে আরালিয়া এলাকা থেকে। একসময় ছেলেকে খুঁজে না পেয়ে রাগে দুঃখে প্রশাসনকে দোষারোপ করেছিলেন নাবালকের মা। আজ ছেলেকে খুঁজে পেয়ে তিনি উত্তর জেলা পুলিশ প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

## হাসপাতালে

● প্রথম পাতার পর

লোকজনদের হাতে তুলে দেয় যা আহতদের একবেলা ওষুধ কেনার টাকাও হয়নি বলে অভিযোগ।

এদিকে, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা অধিদপ্তর খবর পেয়ে তাৎক্ষণিকভাবে পরিবারগুলোকে ত্রিশ হাজার টাকা দিয়ে সহায়তা করেছে। প্রয়োজনে আরো আর্থিক সহায়তা করার সিদ্ধান্ত নিয়েছে দপ্তর।

এদিকে মন্ত্রী টিঙ্কু রায়ও এই ঘটনার তদন্তের জন্য কমিটি গঠন করার পাশাপাশি অভিযুক্তদের সাসপেন্ড করার নির্দেশ দিয়েছেন।

## বিপ্লব

● প্রথম পাতার পর

তবে শাসক বিজেপি প্রচারের দৌড়ে অনেকটাই এগিয়ে তার বলার অপেক্ষায় রাখে না। শুধু প্রচারই নয়, নির্বাচনকে কেন্দ্র করে দফায় দফায় সাংগঠনিক বৈঠক সারছেন নেতৃত্বরা। লক্ষ্য একটাই আসন্ন লোকসভা নির্বাচনে রাজের দুটি আসনে বিজেপির রেকর্ড সংখ্যক ভোট নিয়ে জয়।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৯৮৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮৭১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৭৬৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৩৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৬৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮০০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# রাজ্যপাল বোসের বিরুদ্ধে নির্বাচন কমিশনে নালিশ তৃণমূলের

কলকাতা, ২২ মার্চ (হি.স.): বাংলার রাজ্যপাল সি ভি আনন্দ বোসের বিরুদ্ধে নির্বাচন কমিশনে নালিশ ঠুকল বাংলার শাসক দল তৃণমূল। তাদের অভিযোগ, রাজ্যপাল বোস তাঁর ক্ষমতার সীমা-পরিসীমা মানছেন না। সংবিধানের দেওয়া ক্ষমতার পরোয়া না করেই তিনি লোকসভা ভোটের আগে বাংলায় একটি নিজস্ব নির্বাচনী ব্যবস্থা চালাচ্ছেন। এমনকি, নির্বাচন কমিশন থাকা সত্ত্বেও বাংলার মানুষের জন্য অভিযোগ জানানোর একটি আলাদা পোর্টাল খুলেছেন তিনি। নাম দিয়েছেন 'লোগ সভা পোর্টাল'।

শুক্রবার এই মর্মে রাজ্যপালের নানা কাজের বর্ণনা দিয়ে নির্বাচন কমিশনকে ১২ পাতার একটি চিঠি দিয়েছে তৃণমূল। ওই চিঠিতে রাজ্যপালের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ করার আর্জি জানিয়েছে তৃণমূল। একই সঙ্গে নির্বাচন কমিশনকে জানিয়েছে, তারা যেন অবিলম্বে ওই রাজ্যপালের চালু করা ওই পোর্টাল বন্ধ করার ব্যবস্থা করে।গত ১৬ মার্চ লোকসভা নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশের পরেই রাজ ভবনের তরফে এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে একটি পোর্টালের আনুষ্ঠানিক প্রকাশ করা হয়। তাতে জানানো হয়, "বাংলার মানুষের সঙ্গে ভোটের সময় সরাসরি যুক্ত থাকার জন্য একটি পোর্টাল চালু করেছেন রাজ্যপাল বোস। এই 'লোগ সভা পোর্টালের' মাধ্যমে যে কোনও অভিযোগ এবং পরামর্শ রাজ্যপালকে জানানো যাবে।" তৃণমূলের আপত্তি সেখানেই।

## প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

সহায়তায় নির্মিত অত্যাধুনিক ব্যবস্থা সম্বলিত 'জিয়ালশুয়েন জেতশুন পেমা মা ও শিশু হাসপাতাল'এর উদ্বোধন করবেন।

## নির্বাচন ২৪শে

● প্রথম পাতার পর

অফিসার থাকবেন নির্বাচনে।১৫ টি পদের প্রার্থী নির্বাচনের জন্য অনুষ্ঠিত হচ্ছে এই নির্বাচন। এই ১৫টি পদে মোট ৩০ জন প্রার্থী আছেন।

সভাপতি পদে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছেন ডাঃ পঙ্কজ বণিক এবং মৃনালকান্তি বিশ্বাস। সহ সভাপতির ১টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন শুভাশীষ দে এবং সুব্রত দেবনাথ। সেক্রেটারির ১টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন কৌশিক ইন্দু এবং রজত রায়। অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির ২টি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন অমর দেববর্মা, অনুরাধা দেববর্মা, সুজয় সরকার এবং উৎপল দাস।

এদিন তিনি আরও বলেন, ১০টি মেম্বার পদে মোট ২০ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। তাঁদের নাম, অর্ঘ পাল, অলক দত্ত, অনির্বান লোধ, অর্পণ দাস, বৈশাখী চক্রবর্তী, ভাস্কর দেববর্মা, দেবজিৎ বিশ্বাস, মলয় দেবনাথ, দীপ্তনু দেবনাথ ,মনীষা মজুমদার, নীলাদ্রি মুখার্জী, পুলক সাহা, রুপা দেব, সৈকত রহমান, সর্বানী দাস, শুভেন্দু নোয়াতিয়া, সুব্রত সাহা, তরুণ দে সরকার।

তিনি আরো বলেন, নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন একাধিক অভিযোগ পাওয়া গেছে। সেইগুলি উধ্বর্তন কর্তৃপক্ষের নজরে নেওয়ার পর এ বিষয়ে শুক্রবার দুপুরে একটি বৈঠক করা হয়েছে। অভিযোগগুলো নিষ্পত্তি করার চেষ্টা করা হয়েছে। বেশ কিছু প্রচার সজ্জা সরিয়ে নেওয়া হয়েছে। ভোটের দিন শান্তি সম্প্রীতির পরিবেশ বজায় রাখার জন্য রিটার্নিং অফিসার আইনজীবী সন্দীপ দত্ত চৌধুরী সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি আরো জানান বারের কাজ করতে গিয়ে কেউ যদি অসুস্থ হয়ে বাড়িতে থাকেন তাহলে বাড়ি থেকে ভোট গ্রহণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে যাবতীয় গোপনীয়তা বজায় থাকবে বলে তিনি আশ্বস্ত করেন। সর্বমোট ভোটার ৫০০ জন। এর মধ্যে রয়েছে ৮০ জন নতুন ভোটার রয়েছেন। নির্বাচনের দিন ভোট কেন্দ্র থাকবে চারটি। প্রত্যেক বুথে ১২৫ জন করে ভোটার থাকবে। তিনি আরো জানান, যতগুলি মনোনয়ন পত্র জমা হয়েছে সবগুলোই বৈধ। কোন মনোনয়ন পত্র প্রত্যাহার করেননি কোন প্রার্থী। আরো বলেন, চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী ব্যালট পেপার তৈরী করা হয়েছে।

## মদমত্ত

● প্রথম পাতার পর

গাড়িটির ব্যাপক ক্ষতি হয়। পরবর্তী সময় চিড়াকুটি এলাকায় রাস্তার মধ্যে দাঁড়িয়ে থাকা টিআর০২এইচ৯৩৮৯ নম্বরের একটি বাইকের মধ্যে সজোরে ধাক্কা দেয়। যার ফলে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয় সেই বাইকটিও।

পরবর্তী সময় শহরের বিভিন্ন এলাকায় পথচারী তিনজনকে সজোরে ধাক্কা মারে ওই গাড়ি এই তিনজনের মধ্যে গুরুতরভাবে আহত হয়ে একজন বর্তমানে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে চিকিৎসাধীন। পরবর্তীকালে কৈলাসহর কলেজ রোড এলাকায় গিয়ে সেই গাড়িটি একটি বৈদ্যুতিক খুঁটির মধ্যে সজোরে ধাক্কা মারে এবং দুর্ঘটনার কবলে পড়ে। যার ফলে সেই গাড়িটির সামনা দিক ভেঙ্গে দুমরে মুচড়ে যায় পাশাপাশি গাড়ির চালক শুভজিৎ মালাকারও গুরুতরভাবে আহত হয়।

বিকট শব্দ পেয়ে স্থানীয়রা এসে ঘটনাস্থলে ভিড় জমায়। খবর পাঠানো হয় কৈলাসহর থানায়। ঘটনাস্থলে ছুটে যায় কৈলাসহর থানার পুলিশ গিয়ে গুরুতরভাবে আহত সেই গাড়ির চালককে ঘটনাস্থল থেকে উদ্ধার করে চিকিৎসার জন্য কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে যায়।

বর্তমানে শুভজিৎ মালাকার কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে চিকিৎসাধীন। অন্যদিকে দুর্ঘটনাগ্রস্থ সেই গাড়িটিকে উদ্ধার করে কৈলাসহর থানায় নিয়ে আসে পুলিশ। বর্তমানে সেই গাড়িটি কৈলাসহর থানার হেফাজতে রয়েছে। উক্ত ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়েছে গোটা কৈলাসহর জুড়ে।

## সুদীপ

● প্রথম পাতার পর

ইস্যু উত্থাপন করা হয়েছে। শাস্তি হিসাবে ১০৬ু টাকা ধার্য্য করে দেওয়া হয়েছে। কোভিড শিল্ড কোম্পানী, মিত্তল গ্রুপ সহ বড়বড় কোম্পানীগুলির বন্ড নিয়ে হাজার হাজার কোটি টাকার কাজ দিয়েছে সরকার। জনগন এবং বিরোধীদের আওয়াজ জব্ধ করতে সিবি আই লাগানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।তাঁর কথায়, কংগ্রেস দলের প্রার্থীরা নির্বাচনে কোনভাবে যাতে প্রচার করতে না পারেন সেইজন্য এমন চক্রান্ত করেছে বিজেপি।

এই দেশ এবং রাজ্যের মানুষের সহযোগিতা নিয়েই গনতন্ত্র রক্ষার লড়াইয়ে কংগ্রেসকে লড়াই করার দাবি করেন সুদীপ রায় বর্মন। তিনি দিল্লীর মুখ্যমন্ত্রী আপ সুপ্রিমো কেজরিবালকে মিথ্যা মামলায় গ্রেপ্তার নিয়েও বিজেপির তীব্র নিন্দা জানিয়েছেন।সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, মুখপাত্র প্রবীর চক্রবর্তী।

## উদ্বোধন

● প্রথম পাতার পর

আসনের জন্য নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন শেষে মুখ্যমন্ত্রী বলেন, নির্বাচনের আগে বিজেপি নির্বাচনী কার্যালয়ের অস্থায়ী এক নির্বাচনী কার্যালয় গঠন করেন। এবারও তার ব্যতিক্রম নয়। লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনের জন্য এই নির্বাচনী কার্যালয়টি গঠন করা হয়েছে। এদিকে নির্বাচনী কার্যালয়ে উদ্বোধন শেষে দলের প্রতি সভাপতি রাজীব ভট্টাচার্য জানান পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ন্যায় পূর্ব ত্রিপুরার আসনের জন্যও নির্বাচনী কার্যালয় ইতিমধ্যেই গঠন করা হয়েছে। সেটি ধলাই জেলার আমবাসায় উদ্বোধনও হয়ে গেছে। এই দুটি নির্বাচনী কেন্দ্র থেকেই আগামী লোকসভা নির্বাচনের যাবতীয় কাজ পরিচালনা করবে প্রদেশ বিজেপি দল।

# বসন্ত স্বাগত তোমায়...

**ড হৈমন্তী ভট্টাচার্জী**

বর্ণময় ঋতু উৎসব, 'বসন্ত উৎসব'।বসন্ত উৎসব একটি নতুন জীবনের আকাঙ্ক্ষার প্রতিনিধিত্ব করে। অশুভকে বিনাশ করে রঙের উৎসব শুরু করা হয়। হোলিকা নাশের গল্প থেকে হোলি উৎসবের উৎপত্তি। আর দোলের মধ্যে মিশে রয়েছে বৈষ্ণবতা। বৃন্দাবনে কৃষ্ণ, রাধা ও অপর গোপীদের সঙ্গে রং খেলতেন সেই রং খেলার রীতি সমাজ-সংস্কৃতিতে দোল উৎসব হয়ে ওঠে। দোল ফাল্গুনী পূর্ণিমার উৎসব। দোল আর হোলির সেই যুগল ঐতিহ্যকে রবীন্দ্রনাথ বসন্তোৎসবের মধ্যে শ্রীময় ও সুসংস্কৃত করে তুলেছিলেন। তা হয়ে উঠেছিল বর্ণময় ঋতু উৎসব, 'বসন্তের উৎসব'।

শীতের তীব্রতা কমে গিয়েছে। ফুলে ফুলে সেজে ওঠার আনন্দময় প্রস্তুতি এখন প্রকৃতিজুড়ে। গাছে গাছে উঁকি দেওয়া কচিপাতা, ঝিরঝির করে বয়ে যাওয়া মিষ্টি বাতাস আর কোকিলের কুহুতান জানান দিচ্ছে 'আজি বসন্ত জাগ্রত দ্বারে...।'

ঋতুচক্রে ফাল্গুন-চৈত্র দুই মাস বসন্তকাল। এটি বছরের শেষ ঋতু। দখিনা ঝির ঝিরে বাতাস, নাতিশীতোষ্ণ আবহাওয়া নিয়ে আসে বসন্ত। শীতের নির্জীব প্রকৃতি যেন সহসা জেগে ওঠে। শীতের পরে রূপ, রস, বর্ণ, গন্ধ, স্পর্শ আর সৌন্দর্যের ডালি নিয়ে আসে ঋতুরাজ বসন্ত। দখিনা মলয়ে বসন্ত ঋতুর আগমনী বার্তা শোনা যায়। কবির কাছে বসন্ত ঋতুরাজ, ভাবুকের কাছে এ ঋতু যৌবনের ঋতু বলে আখ্যায়িত। বসন্তের আগমনে প্রকৃতি তার জীর্ণতা মুছতে শুরু করে। শীতের পাতাঝরা বৃক্ষগুলো এত দিন যেন বিগত যৌবনা বৃদ্ধার মতো দাঁড়িয়ে ছিল রিক্ত বেশে। বসন্ত এসে তাকে দান করে যৌবনের উন্মাদনা। মৃতপ্রায় নগ্ন ডালগুলোতে আসে নতুন পাতার আশীর্বাদ। শুকনো মাটির বুক ফেটে গজিয়ে ওঠে মসৃণ সুন্দর ঘাস। বসন্ত আসে পাখির কলকাকলী আর অপার সবুজের সমাহার নিয়ে। গাছে গাছে নতুন কচি পাতা আর পুষ্প মঞ্জরির সমারোহ। চারদিকে সবুজের ছড়াছড়ি। দিগন্ত বিস্তৃত ধানের খেতে সবুজের ঢেউ খেলে। পাতায় পাতায় আলোর নাচন। প্রকৃতি ভরে উঠে এক অনুপম সৌন্দর্যে। রং-বেরঙের ফুলে ফলে ভরে যায় গাছগাছালি।

এ ঋতুতে ভ্রমরের গুঞ্জনে, কোকিলের কুহুতানে আর পাপিয়ার পিউ পিউ ডাকে চারদিক মুখরিত হয়। সাজ সাজ রব পড়ে যায় প্রকৃতিতে। শেষ বিকালের গোলাপি আলো মিলিয়ে যেতে না যেতেই দূর আকাশে চোখ মেলে সন্ধ্যাতারা। রাত নামে। আকাশে তখন লক্ষ তারার মেলা। তাই দেখে জোনাকিরাও বুঝি তারা হতে চায়। আশ্চর্য সুন্দর বসন্ত রাতের দৃশ্য শুধু চোখই জুড়ায় না, মনও কাড়ে। প্রকৃতি যেন নববধূর সাজে সজ্জিত হয়। প্রকৃতির এরূপ লাবণ্য মানব মনকে দোলা দেয়। বসন্তের রূপ সৌন্দর্যে বিমুগ্ধ কবির কণ্ঠে শুনি 'মহুয়ার মালা গলে কে তুমি এলে/নয়ন ভোলানো রূপে কে তুমি এলে।'

শীতে ম্রিয়মাণ প্রকৃতি বসন্তের জাদুময়ী স্পর্শে হয়ে উঠে প্রাণবন্ত। এ সময় আম, জাম, কাঁঠাল, লিচু প্রভৃতি গাছ মুকুলিত হয় এবং মুকুলের গন্ধে মৌমাছি ব্যাকুল হয়ে ছুটে আসে। মৌমাছিরা সারাক্ষণ মধু সংগ্রহের কাজে ব্যস্ত থাকে। ফুলের বনে অলিরা গুণগুণ করে। এদের গুঞ্জনে চারদিক মুখরিত হয়। প্রজাপতি তার রঙিন পাখা মেলে উড়ে বেড়ায় মনের সুখে। বসন্তের আগমনে পল্লবিত হয় তরুলতা। গাছে গাছে ফোটে বিচিত্র ফুল। গোলাপ, শিমুল, অশোক, পলাশ, কৃষ্ণচূড়া ইত্যাদি দৃষ্টিনন্দন রক্তিম ফুলগুলো প্রাণে আনন্দের রং ছড়ায়। এছাড়া বসন্তকালে আমের মুকুলের ম ম গন্ধে হৃদয় ভরে যায়। গায়কপাখি কোকিলকে বলা হয় বসন্তদূত। বর্ষার অভিশাপে যে কোকিল এক দিন বাকরুদ্ধ হয়েছিল, সে ফিরে পায় তার কণ্ঠ। নবপল্লবিত কচি অশ্বত্থ শাখায় বসে ডেকে ওঠে কুহু কুহু। বসন্ত বাউরি 'বউ কথা কও' বলে থেকে থেকে ডাক দেয়। চারদিকে বসন্তের জয়ধ্বনি বেজে ওঠে। এ কবির কাব্য, প্রেমিকের হৃদয় উছলানো প্রেমাকাঙ্ক্ষার সময়।

জীবজগতে বসন্তকাল বৃহৎ বৃহৎ কল্পনা ও স্বপ্নের জন্ম দেয়। জীবনকে রঙিন ও মধুর করে ভাবতে শিখায়। এ মুহূর্তে মানব মনে জাগে কত কথা, কত গান 'আজি এ বসন্ত সমীরণে/কত কথা মোর মনে পড়ে।' দখিনা বাতাসের মৃদুদোলা দেহ ও মনের ক্লান্তি জুড়ায়। বসন্তের মনোমুগ্ধকর পরিবেশ আমাদের প্রাণকে চঞ্চল করে তোলে। নবজাগরণের দোলা লেগে এ সময় প্রকৃতি যেমন শিহরিত হয়; তেমনি অজানা এক সুরের প্রত্যাশায় ব্যাকুল হয়ে ওঠে বাঙালির হৃদয়। দখিনা হাওয়া পথিকের হৃদয়ে উদাসীনতার সুর তোলে।বসন্তের আগমনে প্রকৃতি তার জীর্ণতা মুছতে শুরু করে। শীতের পাতাঝরা বৃক্ষগুলো এত দিন যেন বিগত যৌবনা বৃদ্ধার মতো দাঁড়িয়ে ছিল রিক্ত বেশে। বসন্ত এসে তাকে দান করে যৌবনের উন্মাদনা। মৃতপ্রায় নগ্ন ডালগুলোতে আসে নতুন পাতার আশীর্বাদ। শুকনো মাটির বুক ফেটে গজিয়ে ওঠে মসৃণ সুন্দর ঘাস। বসন্ত আসে পাখির কলকাকলী আর অপার সবুজের সমাহার নিয়ে। গাছে গাছে নতুন কচি পাতা আর পুষ্প মঞ্জরির সমারোহ। চারদিকে সবুজের ছড়াছড়ি। দিগন্ত বিস্তৃত ধানের খেতে সবুজের ঢেউ খেলে। পাতায় পাতায় আলোর নাচন। প্রকৃতি ভরে উঠে এক অনুপম সৌন্দর্যে। রং-বেরঙের ফুলে ফলে ভরে যায় গাছগাছালি।

এ ঋতুতে ভ্রমরের গুঞ্জনে, কোকিলের কুহুতানে আর পাপিয়ার পিউ পিউ ডাকে চারদিক মুখরিত হয়। সাজ সাজ রব পড়ে যায় প্রকৃতিতে। শেষ বিকালের গোলাপি আলো মিলিয়ে যেতে না যেতেই দূর আকাশে চোখ মেলে সন্ধ্যাতারা। রাত নামে। আকাশে তখন লক্ষ তারার মেলা। তাই দেখে জোনাকিরাও বুঝি তারা হতে চায়। আশ্চর্য সুন্দর বসন্ত রাতের দৃশ্য শুধু চোখই জুড়ায় না, মনও কাড়ে। প্রকৃতি যেন নববধূর সাজে সজ্জিত হয়। প্রকৃতির এরূপ লাবণ্য মানব মনকে দোলা দেয়। বসন্তের রূপ সৌন্দর্যে বিমুগ্ধ কবির কণ্ঠে শুনি 'মহুয়ার মালা গলে কে তুমি এলে/নয়ন ভোলানো রূপে কে তুমি এলে।'

শীতে ম্রিয়মাণ প্রকৃতি বসন্তের জাদুময়ী স্পর্শে হয়ে উঠে প্রাণবন্ত। বসন্ত প্রকৃতিতে ফুল ফোটায়, পত্রঝরা বৃক্ষে নবপল্লবের আশীর্বাদ বয়ে আনে, শুষ্ক মৃত্তিকাতে জাগায় কচি কিশলয়। শীতের অসুস্থ প্রকৃতিকে সে দান করে সুস্থতা, তৃণপল্লবও পত্রপুঞ্জে সমৃদ্ধ করে প্রকৃতিকে। কিন্তু আমাদের জন্য বসন্ত কি দেবে? বসন্ত আমাদেরকে দেবে ব্যক্তিত্ব, সুস্থ করে তুলবে চিন্তার অসুস্থতা। অলসতা, অকর্মণ্যতা, নৈতিক অধঃপতন আমাদের চিন্তার অসুখ। এগুলোই আমাদের জীবনের জীর্ণতা, পঙ্গুতা ও আড়ষ্টতা। আমরা সেদিনের জন্যই অপেক্ষা করব, যেদিন প্রকৃতির বসন্তের সঙ্গে আমাদের জীবনেও বসন্তের আগমন ঘটবে। মিথ্যা, প্রবঞ্চনা ও অসততা হতে যেদিন আমরা মুক্ত হতে পারব; সেদিনই আমাদের জীবন ফুলের পাপড়ির মতো শোভা ও সৌন্দর্যে ভরে উঠবে। আর সেদিনই সূচিত হবে আমাদের জীবনের বসন্ত। প্রকৃতিতে নিরন্তর বসন্তের সুবাতাস প্রবাহিত হোক।

# হাইকোর্টের ভরা এজলাসে বিবাদে জড়াল পুরসভা এবং কলকাতা পুলিশ

কলকাতা, ২২ মার্চ (হি.স.) : গার্ডেনরিচ কাণ্ডের জেরে বেআইনি নির্মাণ ঘিরে শোরগোল শহর কলকাতায়। এবার একটি বেআইনি নির্মাণকে কেন্দ্র করে কলকাতা হাইকোর্টের ভরা এজলাসে বিবাদে জড়াল পুরসভা এবং কলকাতা পুলিশের কর্মীরা !বেআইনি নির্মাণ ভাঙতে পুরসভাকে অসহযোগিতার অভিযোগে নারকেলডাঙ্গা থানার ওসিকে সশরীরে এজলাসে হাজির হওয়ার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অমৃতা সিনহা। শুক্রবার সকাল সাড়ে দশটা নাগাদ ওসির হাজিরা দেওয়ার কথা ছিল। অভিযোগ, বিচারপতি বৃহস্পতিবার ওসিকে হাজিরা দেওয়ার নির্দেশের পরই পুরসভার সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়রকে থানায় ডেকে ওসি নাকি শাসিয়ে ছিলেন!এদিন মামলার শুনানি পর্বে এই অভিযোগকে ঘিরে বিচারপতির উপস্থিতিতে এজলাসে বচসায় জড়িয়ে পড়ে কলকাতা পুরসভা এবং কলকাতা পুলিশের কর্মীরা। রাজ্যের আইনজীবী অমিতেশ বন্দ্যোপাধ্যায় ওসির হয়ে অভিযোগ করে বলেন, "ওই বেআইনি নির্মাণটি আগেই খালি করে দেওয়া হয়েছে। নির্মাণের ভেতরের অংশ ভাঙার কাজ করা হয়েছে জানুয়ারি মাসে। তাও দুর্ভাগ্যজনকভাবে পুরসভা পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ করছে।""পুরসভার আইনজীবী দেবজিৎ মুখোপাধ্যায় পাল্টা দাবি করেন, "পুলিশ নিজেই হাইকোর্টে রিপোর্ট দিয়ে জানিয়েছে এই কাজ করতে থানা সক্ষম নয়। শুধু তাই নয় আদালত ওসিকে হাজিরার নির্দেশ দেওয়ার পরই পুরসভার সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে থানায় ডেকে পাঠানো হয়েছিল।"এরপরই বিচারপতি ওই সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়রকে ডেকে পাঠান। বিচারপতি সিনহা তাঁর কাছে জানতে চান, "আপনাকে কি থানায় ডেকে শাসানো হয়েছে?" উত্তরে সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র বলেন, "আমাকে থানায় ডেকে বলা হয়েছে রমজান মাস চলছে এবং ভোট এসে গেছে তাই ওই বাড়ি ভাঙতে ফোর্স দেওয়া যাবে না।"বিচারপতি তখন বলেন, "আপনাকে কি লিখিতভাবে কিছু জানানো হয়েছে?" ওই ইঞ্জিনিয়ার তখন বলেন, "শুধু মৌখিকভাবে বলা হয়েছে।" এরপরই এজলাসে পুলিশ এবং পুরসভার কর্মীরা বচসায় জড়িয়ে পড়েন।আদালত সূত্রে জানা গিয়েছে, কলকাতা পুরসভার ২৮ নম্বর ওয়ার্ডে নারকেল ডাঙা থানা এলাকার ৩ডি/এইচ/৭ এম এন চ্যাটার্জি সরনিতে কোনও অনুমোদন ছাড়াই তৈরি হয়েছে আস্ত একটি ছয় তলা বিল্ডিং। রাতারাতি ওই নির্মাণে বসতিও গড়ে উঠেছে। বিষয়টি নজরে আসার পর ওই ভবন ভাঙার কাজ শুরু করতে আইন অনুযায়ী পদক্ষেপ করে পুরসভা।অভিযোগ, চেষ্টা করলেও ভবনটি খালি করা যায়নি। এরপরই হাইকোর্টে দায়ের হয় মামলা। সেই মামলায় নারকেলডাঙা থানার পুলিশকে অবিলম্বে ভবনটিকে খালি করে দেওয়ার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি সিনহা।এদিন মামলার শুনানিতে পুরসভার তরফে জানানো হয়, পুলিশ কোনওরকম সাহায্য করছে না তাই ওই বেআইনি নির্মাণটির বিরুদ্ধে পদক্ষেপ করা যাচ্ছে না। ওই মামলাতেই এদিন ওসিকে তলব করেন বিচারপতি।

# ইউটিউবার এবং বিগ বস ওটিটি টু জয়ী এলভিশ যাদবকে জামিন আদালতের

নয়ডা, ২২ মার্চ (হি.স.) : ইউটিউবার এবং বিগ বস ওটিটি টু বিজয়ী এলভিশ যাদবকে জামিন দিয়েছে আদালত। শুক্রবার এলভিশের আইনজীবী এই তথ্য জানিয়েছেন। শুক্রবার অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট জয়হিন্দ কুমার সিং এলভিশ যাদবের জামিন মঞ্জুর করেন।উল্লেখ্য, এলভিশ যাদব রিয়েলিটি শো বিগ বস ওটিটি টু জিতেছিলেন। পার্টিতে ড্রাগ হিসাবে সাপের বিষের ব্যবহারের তদন্তের জন্য ১৭ মার্চ নয়ডা পুলিশ তাকে গ্রেফতার করেছিল।

### ওডিশায় ভোটে একাই লড়বে বিজেপি

ভুবনেশ্বর, ২২ মার্চ (হি. স.): লোকসভা নির্বাচনে ওডিশায় নবীন পট্টনায়েকের বিজেডির সঙ্গে বিজেপির জোট ভেস্তে গেল। লোকসভা এবং বিধানসভা নির্বাচনে একাই লড়বে বিজেপি। শুক্রবার এমনটাই জানিয়ে দিলেন সে রাজ্যের বিজেপি প্রধান মনমোহন সামল। কয়েক দিন ধরেই জল্পনা চলছিল যে, বিজেডির সঙ্গে এবার জোট করতে পারে পদ্ম শিবির। শুক্রবার ওডিশার বিজেপি সভাপতি মনমোহন শ্যামল এক্স হ্যান্ডলে লিখেছেন, "আমরা একক ভাবে রাজ্যের ২১টি লোকসভা এবং ১৪৭টি বিধানসভা কেন্দ্রে লড়ব এবং জিতব।" বিজেডির একটি সূত্র জানাচ্ছে, বিহারের মতোই ওডিশায় বেশি সংখ্যক লোকসভা আসনে লড়তে চেয়েছিল বিজেপি। কিন্তু নবীন রাজি হননি বিহারের মুখ্যমন্ত্রী তথা জেডিইউ প্রধান নীতীশ কুমারের পথে হাঁটতে। অতীতে এনডিএ-র শরিক ছিল নবীন পট্টনায়েকের দল। ২০০৯ সালে আসন সমঝোতা নিয়ে জটিলতার কারণে এনডিএ সঙ্গ ছেড়েছিল বিজেডি। জল্পনা ছড়িয়েছিল, ১৫ বছর পর সেই সম্পর্ক আবার জুড়তে পারে। কিন্তু সূত্রের দাবি, লোকসভার বেশি আসনের বিনিময়ে বিজেপি বিধানসভায় দুই-তৃতীয়াংশ আসন ছাড়ার প্রস্তাব দিয়েও নবীনকে রাজি করাতে পারেনি। বর্তমানে ওডিশায় বিজেপির ৮ সাংসদ ও ২৩ জন বিধায়ক রয়েছেন। সেখানে লোকসভায় বিজেডির আসন সংখ্যা ১২। বিধানসভায় তাদের আসন সংখ্যা ১১২। ফলে সংখ্যার দিক থেকে অনেকটাই এগিয়ে রয়েছে নবীনের দল। বিজেডি নেতৃত্ব আসন সমঝোতা সংক্রান্ত আলোচনায় লোকসভায় বিজেপিকে ৮টি এবং বিধানসভায় ৩০টির বেশি আসন ছাড়তে রাজি না হওয়ায় আলোচনা ভেস্তে যায়।

## গবাদি পশু

● আটের পাতার পর

আনা সম্ভব হয় বলে জানা যায়। যাতে করে রক্ষা পায় বাড়ির অন্যান্য ঘরগুলো।

ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক তথা বিজেপি দলের হয়ে নির্বাচিত বিজয়নগর গ্রাম পঞ্চায়েত মেম্বার রূপসী রানী ভদ্র দত্ত জানান উনি কৃষি ও গাভী পালনের দ্বারা উপার্জিত অর্থতেই সংসার প্রতিপালন করেন।অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল করে দেবার উদ্দেশ্যতেই পাড়ার কিছু দুস্কৃতিকারিদের মাধ্যমেই অগ্নিকাণ্ডের ঘটনাটি সংঘটিত হয়ে বলে স্পষ্ট অভিযোগ উনার। গোয়াল ঘরে থাকা জলের পাম্প মেশিন, নতুন ঘর নির্মাণের জন্য মজুত রাখা কাঠ, নানান কৃষি যন্ত্রপাতি এই অগ্নিকাণ্ডের ঘটনায় পুড়ে নষ্ট হয়। সব মিলিয়ে প্রায় পাঁচ লক্ষাধিক টাকার ক্ষতি হয় দাবি মেম্বার রূপসী রানী ভদ্র দত্তর। বিষয়টি পুলিশে জানানো হয়েছে বলে জানান উনি। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## চুরি

● আটের পাতার পর

সাথী দাস বেশ বিগত বহু বছর ধরে ওই এলাকায় একটি মুদির দোকান দিয়ে আসছেন। সাথী দাসের অভিযোগ গতকাল গভীর রাতে চোরের দল উনার দোকানেরও দরজার তালা ভাঙ্গার চেষ্টা করে।কিন্তু চোর উনার দোকান থেকে চুরি করতে পারেনি। শুক্রবার সকাল বেলা তিনি দোকান খোলার সময় দেখতে পান যে উনার দোকানের দেওয়ালের মধ্যে চোরেদের পায়ের ছাপ রয়েছে। পাশাপাশি চোরের দল উনার দোকানের দরজার তালা ভাঙার চেষ্টা করার ফলে উনার দোকানের দরজাটি নড়বড়ে হয়ে যায়। উক্ত ঘটনাকে কেন্দ্র করে তীব্র চঞ্চল্য ছড়িয়ে পড়েছে গোটা এলাকায়।

## মেয়র

● প্রথম পাতার পর

জানিয়েছেন। তিনি আরো বলেন, রামনগরের উন্নয়নে বিধায়ক সুরজিৎ দত্ত উনার জীবনকালে যথাসম্ভব কাজ করে গেছেন। তাঁর অকাল প্রয়াণে এই আসনটি খালি হয়েছে। সুরজিৎ দত্তের রামনগর এলাকা নিয়ে যে সকল স্বপ্ন রয়ে গেছে তা মেয়র পূরণ করবেন বলে জানিয়েছেন।

াঙ্গন

# জাতীয় জিমন্যাস্টিক্সে শ্রীপর্ণার স্বর্ণপদক জয়




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরার জিমন্যাস্ট জাতীয় আসরে স্বর্ণপদক পেয়েছে। উত্তরপ্রদেশের প্রয়াগরাজে আয়োজিত সাব জুনিয়র ন্যাশনাল জিমন্যাস্টিক্স ২০২৪ এ অনূর্ধ ১২ বছর বিভাগে ত্রিপুরার শ্রীপর্ণা দেবনাথ ফ্লোর এক্সারসাইজ-এ ১২.২৫ পয়েন্ট সংগ্রহ করে প্রথম স্থান অর্জনের মধ্য দিয়ে স্বর্ণপদক জিতে নিয়েছে। জাতীয় আসরে শ্রীপর্ণা ত্রিপুরার নাম উজ্জ্বল করায় কোচ অনুপ সাহা অভিনন্দন জানিয়েছেন।

# জয়ে জয়ে এগুচ্ছে সদরের ২ দল ওম-এর দুরন্ত লড়াই বিফলে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সেমিফাইনালের দৌড়ে এগিয়ে গেলো সদর 'এ' এবং 'বি'। রাজ্য অনূর্ধ-১৩ ছোটদের ক্রিকেটে। বিশালগড়ের জাঙ্গালিয়া স্কুল মাঠে সদর 'এ' কার্যত বিধ্বস্ত করে আমবাসা মহকুমাকে। সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে সদর 'এ'-র বোলারদের সাড়াশি আক্রমণের মুখে মাত্র ৩১ রানে গুটিয়ে যায় আমবাসা মহকুমা। দলের পক্ষে দলনায়ক শুভ দাস ৩২ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৪ রান করে। সদর 'এ'-র রাজদীপ দেব ৫ রানে ৩ টি উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে ২৪ বল খেলে কোনও উইকেট না হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় সদর 'এ'। দলের পক্ষে যশ দেববর্মা ১৮ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ২৬ রানে অপরাজিত থেকে যায়।তেলিয়ামুড়ার ভগৎ সিং মিনি স্টেডিয়ামে সদর 'বি' ১৮ রানে পরাজিত করে স্বাগতিক তেলিয়ামুড়াকে। সকালে প্রথমে ব্যাট নিয়ে সদর 'বি' ১২৫ রান করে। দলের পক্ষে আইজ্যাক দেববর্মা ৩২ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২ এবং ময়ুখ চৌধুরি ৪৪ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩১ রান করে।

তেলিয়ামুড়ার রাজদীপ পাল ১৫ রানে ৩ টি উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে ওম মোদকের দুরন্ত ব্যাটিং সত্বেও দলের অন্য ব্যাটসম্যানদের ব্যর্থতায় ১০৭ রানে গুটিয়ে যায় তেলিয়ামুড়া। ওম ৮১ বল খেলে ১২ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৭১ রান করে। সদর 'বি'-র ময়ুখ চৌধুরি ২২ রানে ৪ টি উইকেট দখল করে। নিপকো মাঠে দিনের অপর ম্যাচে বিশালগড় মহকুমা ৮ উইকেটে পরাজিত করে মোহনপুর মহকুমাকে।

প্রথমে ব্যাট নিয়ে মোহনপুর মহকুমার গড়া ৬১ রানের জবাবে বিশালগড় মহকুমা ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে এনয়। বিজয়ী দলের সুখদেব দাস ৪ উইকেট এবং অনিকেত লস্কর ৩৭ রান করে।

# তৃতীয় নর্থইস্ট গেমস-এর সমাপ্তি আজ পদক জয়ের ধারা অব্যাহত ত্রিপুরার


সুপ্রভাত দেবনাথ, নাগাল্যান্ড, ২২ মার্চ।। পূর্বোত্তরের বৃহত্তম ক্রীড়া যজ্ঞ নর্থ ইস্ট গেমস এখন সমাপনীর লক্ষ্যে। নাগাল্যান্ডের ডিমাপুর ও কোহিমায় আয়োজিত তৃতীয়বারের নর্থইস্ট গেমস আগামীকাল আনুষ্ঠানিকভাবে পরিসমাপ্তি ঘটছে। এদিকে অংশগ্রহণকারী সিকিম সহ পূর্বোত্তরের সাতটি রাজ্যের মধ্যে ত্রিপুরা তাদের পদক জয় আজ, শুক্রবার চতুর্থ দিনেও অব্যাহত রেখেছে। যদিও আজ দুটি ইভেন্ট থেকে দুটি ব্রোঞ্জ পদক এসেছে। অ্যাথলেট মৌসুমী দেব লং জাম্পে ৪.৭৬ মিটার লাফিয়ে তৃতীয় স্থান অধিকার করে ব্রোঞ্জ পদক পেয়েছে। ব্যাডমিন্টনে মিক্সড ডাবলসে ঋতেশ কোঠারি এবং রুপশ্রী নাথ তৃতীয় স্থান অর্জনের সুবাদে ব্রোঞ্জ পদক অর্জন করেছে। উল্লেখ্য, তৃতীয় স্থান নির্ণায়ক ম্যাচে ত্রিপুরার জুটি সিকিম দলকে ২১-৬, ১৭-২১ এবং ২১-১৮ পয়েন্টে তথা ২-১ সেটে হারিয়ে ব্রোঞ্জ পদক জিতে নিয়েছে। আগামীকাল প্রতিযোগিতার অন্তিম দিনে ক্রস কান্টিতে ত্রিপুরার খেলোয়াররা অংশগ্রহণ করবে। এতেও পদক জয়ের সম্ভাবনা রয়েছে বলে অ্যাথলেটরা আশাবাদী। এদিকে, তৃতীয় নর্থইস্ট গেমসে বিশেষ করে কোহিমায় আই.জি স্টেডিয়ামে আয়োজিত অ্যাথলেটিক্স ইভেন্টে ত্রিপুরা দলের হয়ে পদকজয়ী খেলোয়ারদের টিম কোচ অমিয় কুমার দাস নাগাল্যান্ডের ঐতিহ্যবাহী নাগা মিনি শোওয়াল তথা মাফলার ও পুষ্প স্তবকে সংবর্ধনা জানান। বিশেষ করে ফাতেমা বেগম, দীপশিখা সূত্রধর, ঝর্না বালা দেবনাথ, ইয়াসমিন আক্তার, সৌরভ হোসেন ও মৌসুমী দেব এবং কোচ সীমা দত্ত এবং ম্যানেজার কামাল হোসেনের পাশাপাশি পুরো টিমকেই ধন্যবাদ জানান। আগামীকাল নর্থইস্ট গেমসের ফুটবল ফাইনালে মনিপুর ও মিজোরাম পরস্পরের মুখোমুখি হবে। উল্লেখ্য, ত্রিপুরাকে হারানো দুই দল নাগাল্যান্ড ও অরুনাচল প্রদেশ সেমিফাইনালে প্রবেশ করলেও শেষ চারের লড়াইয়ে হেরে তৃতীয় স্থান নির্ণায়ক ম্যাচে পরস্পরের মুখোমুখি হতে হচ্ছে আগামীকাল। শুক্রবার, প্রথম সেমিফাইনালে মনিপুর ২-১ গোলে নাগাল্যান্ডকে এবং দ্বিতীয় সেমিফাইনালে মিজোরাম ২-০ গোলে অরুণাচল প্রদেশকে হারিয়ে ফাইনালে প্রবেশ করেছে।

# দীপ্তরাজের ৬ উইকেট, গন্ডাছড়ায়কে হারিয়ে সেমিফাইনালে ধর্মনগর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সেমিফাইনালে উঠলো ধর্মনগর মহকুমা। গ্রুপে ৪ ম্যাচ খেলে সবকটি ম্যাচে জয় পেয়ে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৩ ক্রিকেটে। শুক্রবার ধর্মনগর কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ধর্মনগর ১০ উইকেটে পরাজিত করে দুর্বল গন্ডাছড়া মহকুমাকে। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে গন্ডাছড়া মহকুমা মাত্র ৪৯ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে সুরজিৎ দেবনাথ ৫৮ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২৮ রান করে। ধর্মনগরের বিহান দাস ৮ রানে এবং শৌভিক দাস ৯ রানে ৩ টি করে উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে ৫০ বল খেলে কোনও উইকেট না হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায় ধর্মনগর মহকুমা। দলের পক্ষে অংশুমান সরকার ২৫ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৩ রানে এবং জ্যাক মালাকার ২৬ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২১ রানে অপরাজিত থেকে যায়। হাফলং মাঠে অপর ম্যাচে কৈলাসহর মহকুমা ৬ উইকেটে পরাজিত করে কমলপুর মহকুমাকে। কমলপুর মহকুমা টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে ৫৩ রান করে। দলের পক্ষে শুভরঞ্জন গৌর ১১, কৃষান দাস ১০ এবং হৃদয় দাস ১০ রান করে। কৈলাসহরের দীপ্তরাজ সিনহা ২৪ রামনে ৬ উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে কৈলাসহর ৪ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে দীপ্তরাজ সিনহা ১৮ রান এবং রাজ দাস ১১ রান করে। 'সি' গ্রুপে ১৬ পয়েন্ট নিয়ে ধর্মনগর চ্যাম্পিয়ন এবং ৮ পয়েন্ট নিয়ে কৈলাসহর মহকুমা দ্বিতীয় স্থান দখল করে।

# সোমদেবের হাত ধরে বিলোনিয়াকে হারিয়ে সেমি-র লক্ষ্যে উদয়পুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সেমিফাইনালের দোড়গোরায় উদয়পুর মহকুমা। গ্রুপে ৩ ম্যাচ খেলে সবকটিতে জয় পেয়ে। শুক্রবার বিলোনিয়া মহকুমাকে ১৫৬ রানের বড় ব্যবধানে পরাজিত করে গ্রুপে জয়ের হ্যাটট্রিক করলো সুবল চৌধুরির ছেলেরা। রাজ্য অনূর্ধ-১৫ ক্রিকেটে। কে বি আই মাঠে অনুষ্ঠিত ম্যাচে উদয়পুর মহকুমা টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে ১৯৭ রান করে ৭ উইকেট হারিয়ে নির্ধারিত ৪০ ওভারে। দলের পক্ষে শ্রীশান্ত দাস ৪০ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ৪২, শ্রীমন দেবনাথ ৩২ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৩৯, বিপ্রজিৎ দাস ৫৩ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ৩১, সাহিন হোসেন পোদ্দার ৪৩ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ৩০ এবং রিহান আক্তার ৪৯ বল খেলে ১৮ রান করে। বিলোনিয়ার পক্ষে দেবজিৎ ভৌমিক ৩৩ রানে ৩ টি উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে বিলোনিয়া মহকুমা মাত্র ৪১ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে অর্কনীড় দত্ত ৩১ বল খেলে ১২ রান করে। উদয়পুরের সোমদেব শীল ৭ রানে ৫ টি এবং গঙ্গাজয় দাস ৬ রানে ৩ টি উইকেট দখল করে। উত্তর বিলোনিয়া মাঠে অপর ম্যাচে সাব্রুম মহকুমা ৫ উইকেটে পরাজিত করে অমরপুর মহকুমাকে। আসরে এটাই প্রথম জয় সাব্রুম মহকুমার। সকালে প্রথমে ব্যাট নিয়ে আমরপুর মহকুমা ৮১ রান করে। দলের পক্ষে পৃথ্বিরাজ চৌধুরি ২৩ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২১ এবং আশিক দেব ৪৫ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৬ রান করে। সাব্রুমের অর্পন দাস ৬ রানে এবং পল্লব নাথ ২৩ রানে ৩ টি করে উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে সাব্রুম মহকুমা ৫ উইকেট হারিয়ে জযের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে ত্রিদীপ মজুমদার ৪৬ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ এবং অরিজিৎ দত্ত ৩১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৩ রান করে।


বিজ্ঞপ্তি
লোকসভা নির্বাচন -২০২৪
নির্বাচন কমিশনের নির্দেশানুসারে জিরানীয়া মহকুমার অন্তর্গত অত্যাবশ্যক পরিষেবায় (Essential Services) নিযুক্ত ব্যক্তিরা যারা দায়িত্বের বাধ্যবাধকতার কারণে ভোটের দিন ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবেন না, ওই সকল ব্যক্তিরা ফর্ম ১২ ডি- (Form -12D) এর মাধ্যমে পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারবেন। ফর্ম ১২ডি (Form -12D) নির্বাচনের বিজ্ঞপ্তি জারির পরবর্তী পাঁচদিনের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার / সহকারি রিটার্নিং অফিসারের কাছে পৌঁছাতে হবে এবং তা অবশ্যই নিজ নিজ দপ্তরের নোডাল অফিসারের মাধ্যমে যাচাই করে নিতে হবে।

নিম্নলিখিত দপ্তরগুলোর ক্ষেত্রে উপরিউক্ত পরিষেবার আওতাধীন।

1. Department of Power
2. Jail
3. Department of Health Services
4. Department of Fire Services
5. BSNL
6. Railway
7. Postal Department
8. Door Darshan
9. All India Radio
10. Media Persons to whom authorization letters have been issued with the approval of the commission to cover polling day activities


ভোটের মতো কিছুই নেই, ভোট আমরা দেব নিশ্চয়।

Form-12D (ফর্ম -১২ডি এর জন্য জিরানীয়া এস ডি এম (SDM) অফিসের পোস্টাল ব্যালট (PB Cell) সেলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে

সহকারী নির্বাচন আধিকারিক
মহকুমা শাসক
জিরানীয়া, পশ্চিম ত্রিপুরা

ICA/D-1993/24




# ফিফা বিশ্বকাপ কোয়ালিফায়ার ম্যাচ : আফগানিস্তানের বিরুদ্ধে সুনীল ছেত্রীদের ড্র

রিয়াদ, ২২ মার্চ (হি.স.) : সৌদি আরবের ”আভায়” অনেকগুলি সুযোগ তৈরি করেও মনবীর সিংহ, নিখিল পুজারিরা গোল পেলেন না। যার ফলে আফগানিস্তানের বিরুদ্ধে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের প্রথম ম্যাচে ১ পয়েন্ট নিয়েই সন্তুষ্ট থাকতে হল ভারতকে। ম্যাচ অমীমাংসিত রেখে আফগানিস্তানও ১ পয়েন্ট পেল। আর ৩ ম্যাচ থেকে ৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে উঠে এল ভারত।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ছিলেন ইগর স্তিমাচের ছেলেরা। কিন্তু সুযোগ পেয়েও গোল করতে পারলেন না মনবীর সিংহ, নিখিল পুজারিরা। যার উপর ভারতীয় ফুটবল চেয়ে থাকে সেই সুনীল ছেত্রী সারা ম্যাচে তেমন একটা চোখেই পড়লেন না। সারা ম্যাচে ভালো একটা সুযোগ পেয়েছিল আফগানিস্তান, সেটা ম্যাচের ৬২ মিনিটে। কিন্তু আফগানিস্তানের আকবরি বক্সের মধ্যে থেকেও গোল করতে পারলেন না। তবে এরজন্য অবশ্যই বাহবা পাবেন রাহুল বেকে গোলের সামনে থেকে দারুণভাবে বল বিপন্মুক্ত করার জন্য।

# রাজ্যে জাতি-জনজাতি মিলে একাকার ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ :** ত্রিপুরায় জাতি জনজাতি মিলে একাকার হয়ে গিয়েছে। লোকসভা নির্বাচনে বিরোধী দলের কাছে লড়াই করার জন্য কোনো ইস্যু নেই। আজ বাধারঘাট বিধানসভা কেন্দ্রের চারিপাড়ায় থেকে সুবিশাল পদযাত্রায় অংশগ্রহণ করে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা।

প্রসঙ্গত, লোকসভা নির্বাচনকে সামনে রেখে শাসক দল বিজেপি একজোট হয়ে মাঠে নেমে পড়েছে। প্রতিদিনই প্রার্থীদের সমর্থনে প্রচার কর্মসূচি পালন করা হয়েছে। এরই অঙ্গ হিসেবে আজ বাধারঘাট মন্ডলের উদ্যোগে এক সুবিশাল পদযাত্রার আয়োজন করা হয়েছে। এদিনের পদযাত্রায় পা মিলিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা, বিধায়িকা মীনারানী সরকার, আগরতলা পুর নিগমের মেটোর দীপক মজুমদার সহ অন্যান্যরা।

এদিন মুখ্যমন্ত্রী সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা গিয়েছে। তিনি নিশ্চিত তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীই হবেন, তা শুধু সময়ের অপেক্ষা।

এদিন তিনি আরও বলেন, দেশকে বাঁচাতে চাইলে নরেন্দ্র মোদীর হাতকে শক্তিশালী করে তুলতে হবে। এর জন্য ত্রিপুরায় দুইটি লোকসভা আসনে জনগণকে পদ্মফুল'' চিহ্নে বোতাম টিপে বিপুল ভোটে জয়যুক্ত করার জন্য আহ্বান জানিয়েছেন।

## জুয়ার আসরে পুলিশের অভিযান আটক গাঁজা

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২২ মার্চ**:দিনদুপুরে বিশালগড় করইমুড়া এলাকায় চলতে থাকা জুয়া আসরে হানা দিল পুলিশ। অভিযানে কাউকে গ্রেপ্তার করতে না পারলেও একটি বাইক সহ জুয়া খেলার সামগ্রী উদ্ধার করেছে পুলিশ।

ঘটনার বিবরণে কর্তব্যরত পুলিশ আধিকারিক, জানিয়েছেন, পুলিশের কাছে গোপন সংবাদের ভিত্তিতে খবর ছিল করইমুড়া বাজারে এলাকায় বুলবুল নামে এক ব্যক্তি জুয়ার আসর বসিয়েছে। সেই অনুযায়ী বাজারে এলাকায় অভিযান চালায় পুলিশ। পুলিশ আসার আঁচ করতে পেরে পালিয়ে যায় প্রত্যেকে। তবে পুলিশ ও জুয়া খেলার সামগ্রি সহ একটি বাইক আটক করতে সক্ষম হয়েছে। এলাকায় জুয়ার আসরের মেইন মাস্টারমাইন্ড বুলবুল বর্তমানে পলাতক রয়েছে বলে জানিয়েছে পুলিশ। তাকে খুব তাড়াতাড়ি গ্রেপ্তার করবে বলে জানিয়েছে পুলিশ।

# পূর্ণরাজ্য দিবস উদযাপন বিভিন্ন রাজ্যের জনগণের মধ্যে ঐক্য ও সংহতিকে সুদৃঢ় করবে : রাজ্যপাল



**আগরতলা, ২২ মার্চ।।** রাজভবনে আজ সন্ধ্যায় বিহার পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, এ ধরনের অনুষ্ঠান আমাদের অখণ্ডতা এবং বিভিন্ন রাজ্যের জনগণের মধ্যে ঐক্য ও সংহতিকে সুদৃঢ় করবে। এতে বিভিন্ন রাজ্যের সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে সবার মধ্যে একটা সম্যক ধারণা জন্মাবে। বিহার পূর্ণরাজ্য দিবস উপলক্ষে রাজ্যপাল বিহারবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা ও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা। অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## নির্বাচনের প্রাকমুহূর্তে দলবদলের হিড়িক অব্যাহত রাজ্যে

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২২ মার্চ**:নির্বাচনকে সামনে রেখে দলবদলের পালা অব্যাহত রয়েছে। সিপিআইএম দলের এক সক্রিয় কর্মী বিজেপি দলের নীতি আদর্শে অনুপ্রাণিত হয়ে কৈলাসহর বিজেপি জেলা কার্যালয়ে বিজেপি দলে সামিল হল। ধনঞ্জয় পাল নামে সিপিআইএম দলের সক্রিয় কর্মী বিজেপির পতাকা তলে শামিল হয়ে অন্যান্যদেরকেও বিরোধের প্রতি মোহভঙ্গ করে শাসকদলের পতাকা তলে শামিল হওয়ার আহ্বান জানিয়েছে।

জানা যায় কৈলাসহর ৫৩/৫৩ নং বুথের ধনঞ্জয় পাল নামে এক ব্যক্তি দীর্ঘদিন ধরে সিপিআইএম দলের কর্মী হিসেবে কাজ করছিলেন। তিনি দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজীর বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম দেখে অনুপ্রাণিত হন। তখনই তিনি সিদ্ধান্ত নেন যে সিপিআইএম দলত্যাগ করে বিজেপি দলে সামিল হয়ে জনগণদের স্বার্থে কাজ করবেন। তাই তিনি এদিন কৈলাসহর বিজেপি জেলা কার্যালয়ে সিপিআইএম দল ত্যাগ করে বিজেপি দলে যোগদান করেন। এদিনের এই যোগদান সভায় উপস্থিত ছিলেন কৈলাসহর বিজেপি মন্ডলের মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত, কৈলাসহর বিজেপি মন্ডলের সাধারণ সম্পাদক প্রশান্ত দে, বিজেপি দলের অন্যতম নেতা বিশ্বজিৎ মালাকার, ৫৩/৫৩ নং বুথের বিজেপি দলের বুথ সভাপতি বিদ্যুৎ দে থেকে শুরু করে বিজেপি দলের অন্যান্য নেতৃত্বরা এদিনের এই যোগদান সভায় উপস্থিত ছিলেন। ধনঞ্জয় পালকে দলীয় পতাকা দিয়ে দলে বরণ করে নিয়েছেন কৈলাসহর বিজেপি মন্ডলের মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত।

# ইন্ডিয়া ব্লকের নতুন কমিটির বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ:**গত ২০ মার্চ ২৫ জনের এক কমিটি গঠন করেছে ইন্ডিয়া ব্লক। কমিটি গঠনের পর আজ নতুন কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এদিনের বৈঠক শেষে বিস্তারিত আলোচনা করেছেন বিরোধী দলনেতা তথা কমিটির যুগ্ম আহ্বায়ক জিতেন্দ্র চৌধুরী। তিনি জানান, আজকের এই বৈঠকে নির্বাচনী প্রচার কর্মসূচির রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বৈঠকে।

তিনি বলেন, ইতিমধ্যেই বিজেপি দল প্রচারে নির্বাচনে বিভিন্ন আচরণ বিধি অমান্য করছে। এর বিরুদ্ধে ইলেকশন কমিশনের কাছে অভিযোগ দাখিল করা হবে বলে জানিয়েছেন তিনি। বিস্তারিত বলতে গিয়ে তিনি জানান পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের প্রার্থী বিপ্লব কুমার দেব এর সমর্থনে মাতাবাড়ি এলাকায় এক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে ইতিমধ্যেই। সেই কর্মসূচিতে পৃষ্ঠা প্রমুখদের হাতে এলাকার বিধায়ক অভিষেক দেবরায়ের নেতৃত্বে এক লিফলেট তুলে দেওয়া হয়েছে। সেই লিফলেটে একাধিক আপত্তিকর বিষয় রয়েছে বলে অভিযোগ করেছেন তিনি।তাঁর কথায়, এই লিফলেটে লেখা আছে যে বাম সমর্থকদের চিহ্নিত করে বিজেপি দলে নিয়ে আসতে হবে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে চিহ্নিত চারটি বিধানসভা এলাকা থেকে ২৫ শতাংশ ভোট বিজেপি প্রার্থীর দখলে আনতে হবে। এছাড়াও আরও বিভিন্ন প্ররোচনামূলক বক্তব্য রয়েছে বলে দাবি করেছেন তিনি। এইসব বিষয় নিয়ে ইলেকশন কমিশনের কাছে অভিযোগ জানানো হবে বলে জানিয়েছেন তিনি। শাসক দল লোকসভা নির্বাচনে যথেষ্ট ভয়ে রয়েছে। তাই চাপে পড়ে এ ধরনের সিদ্ধান্ত নিতে বাধ্য হচ্ছে বলে এদিন মন্তব্য করলেন জিতেন্দ্র চৌধুরী।নির্বাচনী প্রচার সম্পর্কে বলতে গিয়ে তিনি জানান, আগামী ২৭ এবং ২৮ মার্চ পশ্চিম ত্রিপুরা এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ইন্ডিয়া জোটের প্রার্থীরা মনোনয়নপত্র জমা করবেন। এই মনোনয়নপত্র প্রদানের কর্মসূচিতে কর্মী সমর্থকদের উপস্থিতি লক্ষণীয় থাকবে বলে জানিয়েছেন তিনি।

## শ্রীশ্রী তারকব্রহ্ম হরিনাম মহাযজ্ঞ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২২ মার্চ।।** প্রতিবছরের ন্যায় এবছরও কৈলাসহর মার্চেন্ট এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত হয়েছে শ্রীশ্রী তারকব্রহ্ম হরিনাম মহাযজ্ঞ। কৈলাসহর পানিচৌকি বাজার এলাকায় অবস্থিত শ্রীচৈতন্য মহাপ্রভুর আখরায় এই মহাযজ্ঞ অনুষ্ঠিত হয়েছে।আয়োজিত ৪০ প্রহর হরিনাম সংকীর্তনের এবছর সুবর্ণজয়ন্তী বর্ষে পা দিয়েছে। এই ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজকদের পক্ষ থেকে পাঁচ দিন ব্যাপী হরিনাম সংকীর্তনের আয়োজন করা হয়।

আগামী ২৪ শে মার্চ মঙ্গলঘট স্থাপনের মধ্য দিয়ে অধিবাস কীর্তনের সূচনা হবে রাত্রি আটটায়। সেদিন বিকেল চারটা থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের রাজপথ পরিক্রমা করবে। উক্ত বিষয়ে কৈলাসহর পানিচৌকি বাজার এলাকায় অবস্থিত শ্রীচৈতন্য মহাপ্রভুর আখরায় সাংবাদিক সম্মেলন করে একথা জানান আয়োজক কমিটির সদস্যরা।এদিনের এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কৈলাসহর মার্চেন্ট এসোসিয়েশনের সম্পাদক অসীম পাল,কোষাধ্যক্ষ বাবুল বিশ্বাস, শ্রীচৈতন্য মহাপ্রভুর আখড়ার সম্পাদক প্রদীপ পাল চৌধুরী, কমিটির সভাপতি সুকুমার রায় এবং সহ-সভাপতি বাসু দেবনাথ ও কৈলাসহর মার্চেন্ট অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্য উত্তম দে।

সাংবাদিক সম্মেলনে জানানো হয় সুবর্ণজয়ন্তী বর্ষ উপলক্ষে দেশ-বিদেশের বিভিন্ন কীর্তনীয়া দল অংশগ্রহণ করবেন। যেখানে অধিবাস করবে ধর্মনগরের রাধাগোবিন্দ সম্প্রদায়, পশ্চিমবাংলা থেকে শিবানী সম্প্রদায়,আগরতলা থেকে দয়াল ঠাকুর সম্প্রদায়, বাংলাদেশ থেকে অষ্টসখী সম্প্রদায় এবং পশ্চিমবাংলা থেকে মহানাম সম্প্রদায় ও কৈলাশসরের নিত্যানন্দ সম্প্রদায়, ২৯শে মার্চ হবে মহা প্রসাদ বিতরণ।

## গাছ থেকে পড়ে গুরুতর আহত শিশু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ:** নিজের বাড়িতে পেয়ারা পারতে গিয়ে গাছ থেকে পড়ে গুরুতরভাবে আহত হলো ৬ বছরের শিশু। আহত শিশুকে আশঙ্কাজনক অবস্থায় জিবি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায়, পেয়ারা পারতে গিয়ে উপর থেকে পড়ে গুরুতর আহত হয়েছে ৬ বছরের এক শিশু। বর্তমানে শিশুটি জিবিপি হাসপাতালে চিকিৎসাধীন। আহত শিশুর নাম চুমুই দেববর্মা (৬)। পিতার নাম স্বপন দেববর্মা। ঘটনা সিধাই মোহনপুর থানাধীন বড়কাঠাল দইখলা এলাকায়।

আহত শিশুর পিতা জানান সকালে পেয়ারা পারতে গাছে উঠেছিল চুমুই দেববর্মা। গাছ থেকে পড়ে গিয়ে সে গুরুতর আহত হয়। তার মাথায় আঘাত লেগেছে।

# মহাধর্ম সভা ও সহস্র কণ্ঠে গীতাপাঠ সম্পন্ন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ :** আজ আস্তাবল ময়দানে রাষ্ট্রীয় সনাতনী সেবা সংঘের উদ্যোগে, অযোধ্যায় রামলালার প্রাণ প্রতিষ্ঠা উপলক্ষ্যে মহা ধর্মসভা ও সহস্র কণ্ঠে গীতাপাঠ অনুষ্ঠিত হচ্ছে।উক্ত মহাধর্ম সভায় উপস্থিত ছিলেন পরম পূজণীয় গোবর্ধন মঠ পুরী পীঠধেশ্বর জগৎগুরু শঙ্করাচার্য। গোবর্ধন পীঠের মহারাজ স্বামী শ্রী অধক্ষজানন্দ দেবতীর্থ। জগৎগুরু মহামণ্ডলেশ্বর স্বামী যতীন্দ্রানন্দ গিরি মহারাজ। শান্তিকালী আশ্রমের অধ্যক্ষ পদ্মশ্রী চিত্ত মহারাজ। জগন্নাথজিও মন্দিরের মঠ রক্ষক ত্রিদণ্ডী ভিক্ষু ভক্তি কমল বৈষ্ণব মহারাজ।রাষ্ট্রীয় সনাতনী সেবা সংঘের প্রধান পৃষ্ঠপোষক এবং আহ্বায়ক ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল সহ আরও অনেকে।

এদিনের অনুষ্ঠানের তাৎপর্য তুলে ধরেন রামপ্রসাদ পাল। তিনি বলেন, নতুন প্রজন্মের কাছে নিজ নিজ ধর্মের গ্রহন যোগ্যতা থাকা প্রয়োজন। তাই নবপ্রজন্মের যুবক যুবতীদের সনাতনী হিন্দু ধর্মে আকৃষ্ট করতে এবং ধর্মকে রক্ষা করার দায়িত্ববোধ থেকেই এই আয়োজন বলে জানিয়েছেন তিনি। এদিনের অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাই অধিকাংশ উপস্থিত ছিল বলে জানিয়েছেন তিনি।সহস্র ন্ট্রে গীতা পাঠ এবং মহা ধর্মসভায় শ্রোতা হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ ) মানিক সাহা, মন্ত্রী টিংকু রায় মন্ত্রী প্রণোজিৎ সিংহ রায়, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

# একই রাতে দুই ভাইয়ের যান দুর্ঘটনা, আহত ২

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২২ মার্চ:**একই রাতে দুই ভাইয়ের দুটি গাড়ি দুর্ঘটনা কবলে পরে আহত দুই। বড়ো ভাইয়ের গাড়ি দুর্ঘটনায় কেউ আহত না হলেও, ছোট ভাইয়ের গাড়ি দুর্ঘটনার কবলে পরে আহত হয়েছেন ছোট ভাই সহ গাড়িতে থাকা তার বন্ধু।

এদিকে গাড়ি দুটিই দুর্ঘটনার কবলে পরে ক্ষতিগ্রস্ত হয়। এই দুটি গাড়ির দূর্ঘটনাটি ঘটে গত বৃহস্পতিবার গভীর রাতে বিলোনিয়া থানাধীন চিত্তামারা এলাকায়।

চিত্তামারা এলাকায় এমনিতেই দুর্ঘটনার জোন হয়ে উঠেছে। একদিকে রাস্তা প্রচন্ড ভগ্নদশা, অপরদিকে অল্প বৃষ্টিতে মাটি কাঁদা হয়ে ভয়ঙ্কর রুপ ধারণ করে। এই এলাকায় দুর্ঘটনার সংখ্যা নেহাত কম নয়।

ঘটনার বিবরনে জানা গেছে। প্রথমে বড়ো ভাই আকাশ দাসের গাড়ি দুর্ঘটনা। এই খবর পেয়ে আকাশের ছোট ভাই পলাশ দাস তার গাড়ি নিয়ে বন্ধু শুভঙ্কর সাহাকে সাথে করে ঘটনাস্থলে যাওয়ার সময় বিলোনিয়া থানাধীন কচ্ছবার ইটভাট্টার সংলগ্ন এলাকায় দুর্ঘটনার কবলে পরে। খবর পেয়ে ছুটে যায় বিলোনিয়া দমকল বাহিনীর কর্মীরা। আহতদের ঘটনাস্থল থেকে নিয়ে আসে বিলোনিয়া হাসপাতালে। আহতরা হলেন পলাশ দাস ও শুভঙ্কর সাহা। উভয়ের বাড়ি সাতমুরা এলাকায়। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসার পর পলাশ দাসকে দক্ষিণ জেলার শান্তিবাজার হাসপাতালে স্থানান্তরিত করে দেন। পলাশ দাস মাথায় গুরুতর আঘাত পায়। বর্তমানে জেলা হাসপাতালে চিকিৎসাধীন পলাশ দাশ।

অপরদিকে আহত শুভঙ্কর সাহাকে বিলোনিয়া হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। টিআর০১কে৪৩৮৬ এই নম্বরের গাড়ি বিলোনিয়া থেকে চিত্তামারা যাওয়ার সময়, হঠাৎ গাড়ির পেছনের চাক্কা পাম্পচার হয়ে যায়, এরফলে গাড়িটি বিদ্যুৎ এর পোস্টের সাথে সজোরে ধাক্কা খেয়ে গাড়ি দুর্ঘটনার কবলে পড়ে আহত হয় দুই জন। অপরদিকে গাড়ির সামনের অংশ ভেঙে চুরমার হয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ। পুলিশ দুর্ঘটনার মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।

## ৫৩তম মৃত্যুবার্ষিকী



ঁযোগেশ চন্দ্র লস্কর

মৃত্যু - ২৩/০৩/১৯৭১

যেখানেই থাকুন না কেন শান্তিতে থাকিবেন। শ্রদ্ধাবশতঃ পরিবারবর্গ

*আত্মীয়স্বজন*
*শ্যামলীবাজার*
*বনমালীপুর/আগরতলা*

## কৈলাসহরে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২২ মার্চ:** ঊনকোটি জেলার কৈলাসহরে চোরের দৌরাত্ম মারাত্মক আকার ধারণ করেছে। রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে এলাকার মানুষজন রীতিমতো আতঙ্কগ্রস্থ হয়ে আছে। দুর্গাপুর ১৫ নং ওয়ার্ড এলাকায় গভীর রাতে একটি দোকানে দুঃসাহসিক চুরি-কাণ্ড সংঘটিত করল চোরের দল। ওই এলাকার আরেকটি দোকানে তালা ভেঙ্গে চুরি করার চেষ্টা করে। ঘটনার তদন্তে নেমেছে কৈলাসহর থানার পুলিশ।

ঘটনার বিবরণে জানা যায়, দুর্গাপুর ১৫ নং ওয়ার্ড এলাকায় বিগত কয়েক বছর ধরে দিগেন্দ্র মালাকার নামে এক ব্যক্তি মুদির দোকান দিয়ে আসছেন। অভিযোগ গতকাল গভীর রাতে উনার দোকানের পেছন দিকের দরজা ভেঙ্গে দোকানের ভিতর প্রবেশ করে চোরের দল। দোকানে থাকা বেশ কিছু সামগ্রী চুরি করে নিয়ে যায়।

প্রায় আট থেকে নয় হাজার টাকার সামগ্রী চুরি করে নিয়ে যায় চোরের দল। শুক্রবার সকালবেলা তিনি ঘুম থেকে উঠে উনার দোকানে এসে দেখতে পান যে, দোকানের ভেতরের জিনিসপত্র এলোমেলো করে রাখা পাশাপাশি পেছন দিকের দরজা ভাঙ্গা। এরপর তিনি চিৎকার চেঁচামেচি শুরু করলে স্থানীয়রা এসে ঘটনাস্থলে ভিড় জমায়।

তিনি দেখতে পান উনার দোকানের বেশ কিছু সামগ্রী চুরি করে নিয়ে গেছে চোরের দল। পরবর্তী সময় খবর পাঠানো হয় কৈলাসহর থানায়। ঘটনাস্থলে ছুটে গিয়ে কৈলাসহর থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। অন্যদিকে ওই একই এলাকার বাসিন্দা ☞ ৬ এর পাতায় দেখুন

## নাশকতামূলক অগ্নিকান্ডে পুড়ল গবাদি পশু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মার্চ:** শাসক দল বিজেপির পঞ্চায়েত মেম্বারের বাড়িতে নাশকতামূলক অগ্নিকাণ্ডের ঘটনায় এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনা মোহনপুর বিজয়নগর গ্রামের তিনঘরিয়া পাড়ায়।

অগ্নিকাণ্ডের এই ঘটনায় বাড়ির একটি গোয়াল ঘর পুড়ে ছাই হয়ে যাবার পাশাপাশি আগুনে পুড়ে মৃত্যু হয় এক গাভী ছানার এবং আগুনে পুড়ে আহত হয় দুটি গাভী। শুক্রবার ভোরে অগ্নিকাণ্ডের ঘটনাটি বাড়ির লোকেদের নজরে আসে। বাড়ির লোকজনদের চিৎকারে জড়ো হন পাড়ার লোকজন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে ছুটে দমকল বিভাগের একটি ইঞ্জিন। দমকল কর্মী ও পাড়া প্রতিবেশীদের যৌথ প্রচেষ্টায় প্রায় একঘন্টা বাদে আগুন নিয়ন্ত্রণে ☞ ৬ এর পাতায় দেখুন

# ১০২ পরিবারের ৬০০ ভোটার বিজেপিতে



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,২২ মার্চ :** রাজ্যের বিভিন্ন প্রান্তের শ্রমিক শ্রেণীর ১০২ পরিবারের প্রায় ৬০০ ভোটার সিপিআইএম ত্যাগ করে রাজ্য বিজেপির সদর দপ্তরে গিয়ে গেরুয়া শিবিরে যোগদান করেছেন। এদিন তাঁদের দলে স্বাগত জানিয়েছেন প্রদেশ বিজেপির সাধারন সম্পাদক অমিত রক্ষিত।

এদিন অমিত রক্ষিত বলেন , তাঁরা গোমতী জেলার দমছড়া, পানিসাগর, উদয়পুর সহ রাজ্যের বিভিন্ন স্থান থেকে এসেছেন। পাশাপাশি ঊনকোটি জেলা এবং উত্তর জেলার থেকেও এসেছেন।

এদিন তিনি আরও বলেন, বিজেপি দলের কোনো দলীয় রঙ নেই। বিজেপি সরকারের নেতৃত্বে রাজ্যে উন্নয়নের ধারা বয়ে চলছে। তা দেখে অনুপ্রাণিত হয়ে তাঁরা বিজেপি দলে যোগদান করেছেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।